দাম : ৫ টাকা

# কর্মসংস্থান

https://www.facebook.com/karmasangsthaan

Vol. 37 ■ Issue No. 39 ■ 28th September 2024 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

ভেতরের পাতায় আছে —

কলকাতা হাই কোর্টে লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট পদের প্রিলিমিনারি পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর

■ এখনকার জনপ্রিয় পেশা — কনটেন্ট রাইটার

## রেলে ৩,৪৪৫ টিকিট ক্লার্ক, ট্রেন্স ক্লার্ক, টাইপিস্ট

যোগ্যতা উচ্চমাধ্যমিক। বয়স ১৮ থেকে ৩৩ বছর। দরখাস্ত নেওয়া শুরু। চলবে ২০ অক্টোবর পর্যন্ত।

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** ভারতীয় রেলের বিভিন্ন ডিভিশন ও জোনে কাজের জন্য নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরিতে (NTPC-Under Graduate) উচ্চমাধ্যমিক যোগ্যতায় কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক, অ্যাকাউন্টস ক্লার্ক কাম টাইপিস্ট, জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট ও ট্রেন্স ক্লার্ক পদে ৩,৪৪৫টি শূন্যপদের জন্য দরখাস্ত নেওয়া শুরু হয়েছে ২১ সেপ্টেম্বর থেকে, চলবে ২০ অক্টোবর পর্যন্ত। কারা কোন পদের জন্য যোগ্য :

**ক্যাটেগরি নং ১ : কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক :** মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী হলে সাধারণভাবে পাশ) নম্বর পেয়ে যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। গ্র্যাজুয়েট যোগ্যতা থাকলে উচ্চমাধ্যমিকে নম্বরের কোনো কড়াকড়ি নেই। বয়স হতে হবে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি দরকার B-2. বেসিক পে ২১,৭০০ টাকা। শূন্যপদ : ২,০২২টি।

**ক্যাটেগরি নং ২ : অ্যাকাউন্টস ক্লার্ক কাম টাইপিস্ট :** মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী হলে সাধারণভাবে পাশ) নম্বর পেয়ে যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। গ্র্যাজুয়েট যোগ্যতা থাকলে উচ্চমাধ্যমিকে নম্বরের কোনো কড়াকড়ি নেই। কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি দরকার C-2. বেসিক পে ১৯,৯০০ টাকা। শূন্যপদ : ৩৬১টি।

**ক্যাটেগরি নং ৩ : জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট :** মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী হলে সাধারণভাবে পাশ) নম্বর পেয়ে যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে

☞ এরপর ২ পাতায়

ICE Academy
WBCS, WB-PSC
SSC, Rail, Bank
General Combined
অনলাইন ও অফলাইন
বালিগঞ্জ কেন্দ্র : ভর্তি চলছে
9804412898
8597355667

## বিমা সংস্থায় ৩২৫ অ্যাপ্রেন্টিস

**নিজস্ব সংবাদদাতা, মুম্বই :** দ্য নিউ ইন্ডিয়া অ্যাসিওরেন্স কোম্পানি লিমিটেড 'অ্যাপ্রেন্টিস' হিসাবে ৩২৫ জন লোক নিচ্ছে।

যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। যে রাজ্যের শূন্যপদের জন্য দরখাস্ত করবেন, সেই

☞ এরপর ৩ পাতায়

## উত্তর-মধ্য রেলে ১,৬৭৯ অ্যাপ্রেন্টিস

**নিজস্ব সংবাদদাতা, প্রয়াগরাজ :** উত্তর-মধ্য রেল 'অ্যাপ্রেন্টিস' হিসাবে ১,৬৭৯ জন লোক নিচ্ছে। নেওয়া হবে এইসব ট্রেডে : ফিটার, ওয়েল্ডার, আর্মেচার ওয়াইন্ডার, মেশিনিস্ট, কার্পেন্টার, ইলেক্ট্রিশিয়ান, পেইন্টার (জেনারেল), মেকানিক (ডিজেল), ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেন্টেন্যান্স, ওয়্যারম্যান, প্লাম্বার, মেকানিক কাম অপারেটর ইলেক্ট্রনিক্স কমিউনিকেশন সিস্টেম, হেলথ স্যানিটরি ইন্সপেক্টর, মাল্টিমিডিয়া অ্যান্ড ওয়েব পেজ ডিজাইনার, এম.এম.টি.এম., ক্রেন, ড্রাফটসম্যান (সিভিল), টার্নার, ব্ল্যাকস্মিথ, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট, স্টেনোগ্রাফার (ইংলিশ) ও স্টেনোগ্রাফার (হিন্দি)। কারা কোন ট্রেডের জন্য যোগ্য।

কোনো স্বীকৃত পর্ষদ বা, বিশ্ববিদ্যালয় থেকে মোট অন্তত

☞ এরপর ৫ পাতায়

## UPSC'র ইঞ্জিনিয়ারিং সার্ভিসপরীক্ষার মাধ্যমে ২৩২ ইঞ্জিনিয়ার

**নিজস্ব সংবাদদাতা, নয়াদিল্লি :** কেন্দ্রীয় সরকারের সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল ও ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং দফতরে গ্রুপ 'এ' পদে ২৩২জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে।

☞ এরপর ১২ পাতায়

## কানাড়া ব্যাঙ্কে ৩ হাজার অ্যাপ্রেন্টিস

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** কানাড়া ব্যাঙ্ক অ্যাপ্রেন্টিস হিসাবে ৩,০০০ জন ছেলেমেয়ে নিচ্ছে। যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-৯-২০২৪'এর হিসাবে ২০ থেকে ২৮ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রাক্তন সমরকর্মী ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। ১ বছরের ট্রেনিং। তখন স্টাইপেন্ড মাসে ১৫,০০০ টাকা। যে রাজ্যের শূন্যপদের জন্য দরখাস্ত করবেন সেই রাজ্যের স্থানীয় ভাষায় পড়তে, লিখতে ও বলতে পারা দরকার। কোন রাজ্যে ক'টি সীট আছে: শূন্যপদ : পশ্চিমবঙ্গ ১১০টি (জেনাঃ ৪৫, তঃজাঃ ২৫, তঃউঃজাঃ ৫, ও.বি.সি. ২৪, ই.ডব্লু.এস. ১১)। এর মধ্যে প্রতিবন্ধী ৪টি। ত্রিপুরা ৬টি (জেনাঃ ৪, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। অসম ৩০টি (জেনাঃ ১৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ৩,

☞ এরপর ৩ পাতায়

## স্টেট ব্যাঙ্কে ৭৮৪ অফিসার

**নিজস্ব সংবাদদাতা, মুম্বই :** স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (সিস্টেম) পদে ৭৮৪ জন লোক নিচ্ছে।

কম্পিউটার সায়েন্স, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন টেকনোলজি, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং-এর ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। ওইসব শাখার এম.টেক কিংবা এম.এসসি. কোর্স পাশরাও যোগ্য। এম.সি.এ. কোর্স পাশ হলেও যোগ্য। সব ক্ষেত্রে বয়স হতে হবে ৩০-৬-২০২৪'এর হিসাবে ২১ থেকে ৩০ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি. ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৪৮,৪৮০-৮৫,৯২০ টাকা। শূন্যপদ : ৭৮৪টি (জেনাঃ ৩২০, ই.ডব্লু.এস. ৭৮, ও.বি.সি. ২১১, তঃজাঃ ১১৭, তঃউঃজাঃ ৫৮)। এর মধ্যে দৃষ্টিহীন প্রতিবন্ধী ৮টি, বধির প্রতিবন্ধী ৮টি, এল.ডি. প্রতিবন্ধী ৮টি।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার

☞ এরপর ১২ পাতায়

## কেন্দ্রীয় সংস্থায় ১৯৮ অ্যাপ্রেন্টিস

**নিজস্ব সংবাদদাতা, কালপক্কম :** কেন্দ্রীয় সরকারের পারমাণবিক শক্তি দফতরের অধীন ইন্দিরা গান্ধী সেন্টার ফর অ্যাটমিক রিসার্চ 'ট্রেড অ্যাপ্রেন্টিস' হিসাবে

☞ এরপর ১২ পাতায়

## ৭০ অ্যাপ্রেন্টিস

**নিজস্ব সংবাদদাতা, নারোরা :** নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেডের নারোরা অ্যাটমিক পাওয়ার স্টেশন 'ট্রেড অ্যাপ্রেন্টিস', 'ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস' ও 'গ্র্যাজুয়েট

☞ এরপর ৬ পাতায়

গতবারের মতো এবারেও
কমন
পেতে হলে কিনুন
রাজ্য পুলিশের
Constable
২০২৪ স্পেশাল
অনলাইন পরীক্ষার
কৃতীদের তৈরি মডেল প্রশ্নোত্তর
হোয়াটসঅ্যাপে পেতে ফোন করুন :
6291684943
মাত্র ~~৩৫০/- টাকা~~ ৩০০/- টাকা
সাফল্য সাফল্য

## নামমাত্র পুঁজিতে ড্রপ শিপিং ব্যবসা

ব্যবসা

কম পুঁজিতে নানা ব্যবসার সন্ধান দিচ্ছেন ইঞ্জিনিয়ার সুকৃৎ বসু

ড্রপ শিপিং মানে পণ্য গুদামে না রেখে বিক্রি করা। এই পদ্ধতিতে, খুচরো বিক্রেতা পণ্য সংরক্ষণ করে না। তিনি তৃতীয় পক্ষের সরবরাহকারী থেকে তখনই পণ্য কেনেন যখন তিনি অর্ডার পান। পণ্য সরাসরি ক্রেতাদের কাছে পাঠানো হয় — এইভাবে খুচরো বিক্রেতাকে কোনো তালিকা রাখতে হয় না। ড্রপ শিপিং ব্যবসায় সরবরাহকারী

☞ এরপর ৬ পাতায়




KIMS PARAMEDIC



ভর্তি চলছে
COURSES (2 years Diploma)
O.T. TECHNICIAN
ICU TECHNICIAN
DMLT TECHNICIAN
PHYSIOTHERAPY
DIALYSIS
RADIOLOGY
HNM
কোর্স শেষে চাকরির সহায়তা
নিজস্ব হসপিটালে প্র্যাক্টিক্যাল করার সুযোগ
OUR SPECIALITY
*Above 100 Beded Hospital *Latest Infrastructure
*Govt. Approved Courses *Low Course Fees
CONTACT
9933026006, 7363994566
Near ALISHA Bus Stand, Besides of Hindusthan Distributors, Purba Bardhaman- 713103
Associated Branch : Bharat Sebashram Sangha, Khatra, Bankura
7584832382, 9732698801

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্পলাইন
✆ ৬২৯১৬৮৪৯৪৩
কাগজ না পেলে এই নম্বরে জানান
✆ ৯৮৩০৬২৪১৭০
ই-মেল
karmsang@gmail.com

**কর্মসংস্থান**
বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ
✆: 7890135514

দরখাস্ত পাঠানোর আগে ফর্ম-সহ যাবতীয় প্রমাণপত্রের এককপি জেরক্স নিজের কাছে রেখে দেবেন।

**স্কুল-কলেজ-শিক্ষা**

ফিজিওথেরাপি, অপ্টোমেট্রি, ECG, (DMLT) কোর্সে ভর্তি চলছে। CBMC, 32, Surya Sen St., Kol-9, Mob : 7980637213

CM

**ব্যবসা-বাণিজ্য**

(0 ব্যালেন্সে) ডিস্ট্রিবিউটর পয়েন্ট নিয়ে গর্বের সাথে 18-40 হাজার মাসিক আয়। 8336889921/6289107967

D

**কর্মখালি**

**পুজোর আগেই এক্সিস ব্যাঙ্ক (DSA)-তে নিয়োগ হচ্ছে**
যোগ্যতা : ১০ম-উর্ধ্বে, বেতন : ১৯,৫০০/—৩৮,০০০/- O.T সহ + অন্যান্য সুবিধা। 9091464893

SP

**কর্মখালি**

**পুজোর ভ্যাকেন্সি ব্যাঙ্কে (DSA)-তে চাকরি**
যোগ্যতা অনুযায়ী নিজের জেলায় 7 দিনের মধ্যে ব্যাঙ্কে জয়েনিং। M/F মোট 234 জন নেওয়া হবে। যোগ্যতা : 10 পাশ+, স্যালারি : 22,400+, পুজোর বোনাস-সহ, PF, ESI ও প্রমোশন আছে। SC, ST, OBC সুবিধা। M : 9038003615

SA

**আর্জেন্ট রিক্রুটমেন্ট**
সম্পূর্ণ বিনা ডোনেশনে যোগ্যতা অনুযায়ী কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্টে সরাসরি M/F নিয়োগ চলছে। যোগ্যতা : MP- স্নাতক, বেতন : (18K–55K), বয়স : (18–45), PF, ESI, মেডিকেল, বোনাস-সহ থাকা-খাওয়া ফ্রি। যোগাযোগ- M : 9073102395

SA(A)

**কর্মখালি**

**জরুরি বিজ্ঞপ্তি**
সম্পূর্ণ বিনা ডোনেশনে পেপার ভেরিফিকেশন এবং ইন্টারভিউ এর মাধ্যমে মেট্রোরেলে সরাসরি M/F নিয়োগ চলছে। যোগ্যতা : MP- স্নাতক। বয়স : 18–45, বেতন : 18K–56K, M : 8910769352

SA(A)

**কর্মখালি**

**ডাইরেক্ট জয়েনিং**
বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্ট-এ M/F সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা : MP–স্নাতক। বয়স : 18–45, বেতন : 18K–52K, PF, ESI, মেডিকেল, বোনাস-সহ থাকা-খাওয়া সুব্যবস্থা। যোগাযোগ M : 7478427855

SA(A)

## বিশেষ বিজ্ঞপ্তি

চাকরির লোভে অযথা কোনো সংস্থাকে টাকা দেবেন না। কোনো বিজ্ঞাপনদাতাকে টাকা দিয়ে ঠকলে, আমরা কোনোভাবে দায়বদ্ধ নয়।

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

## চাকরির জন্য টাকা দেবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। এমনকি কোনোরকমের রেজিস্ট্রেশন ফী-ও দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। তার জন্য আমরা দায়ী থাকব না।

— সম্পাদক, **কর্মসংস্থান**

## রেলে ৩,৪৪৫ টিকিট ক্লার্ক

১ পাতার পর

পারেন। গ্র্যাজুয়েট যোগ্যতা থাকলে উচ্চমাধ্যমিকে নম্বরের কোনো কড়াকড়ি নেই। কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি দরকার C-2. বেসিক পে ১৯,৯০০ টাকা। শূন্যপদ : ৯৯০টি।

**ক্যাটেগরি নং ৪ : ট্রেন্স ক্লার্ক :** মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী হলে সাধারণভাবে পাশ) নম্বর পেয়ে যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। গ্র্যাজুয়েট যোগ্যতা থাকলে উচ্চমাধ্যমিকে নম্বরের কোনো কড়াকড়ি নেই। বয়স হতে হবে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি দরকার A-3. বেসিক পে ১৯,৯০০ টাকা। শূন্যপদ : ৭২টি।

ওপরের সব পদের বেলায় বয়স গুণতে হবে ১-১-২০২৫'এর হিসাবে। জন্ম-তারিখ হতে হবে জেনারেল ও ই.ডব্লু.এস. প্রার্থীদের বেলায় ২-১-১৯৯২ বা, তারপর, ও.বি.সি.'দের বেলায় ২-১-১৯৮৯ বা, তারপর, তপশিলীদের বেলায় ২-১-১৯৮৭ বা, তারপর। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি'রা ৩ বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করলে ৩৫ (তপশিলী হলে ৪০, ও.বি.সি. হলে ৩৮) বছর বয়স পর্যন্ত আর রেলের কর্মী ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : CEN No. 06/2024. কোন রেল রিক্রুটমেন্ট বোর্ডে ক'টি শূন্যপদ তা নিচে দেওয়া হল।

**প্রার্থী বাছাই পরীক্ষা :** সব রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায়ই প্রার্থী বাছাইয়ের জন্য দু'টি পর্যায়ের অনলাইন সি.বি.টি. টেস্ট হবে। প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড টেস্ট হবে আগামী বছরের প্রথম দিকে।

প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড টেস্টে ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস -৪০ নম্বরের ৪০টি প্রশ্ন, (২) অঙ্ক- ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৩) জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং- ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন। সময় থাকবে ৯০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্তনম্বর থেকে ১ নম্বর কাটা হবে। এই পরীক্ষায় সাধারণ প্রার্থীরা ৪০%, ও.বি.সি.'রা ৩০%, তপশিলী জাতির প্রার্থীরা ৩০%, তপশিলী উপজাতির প্রার্থীরা ২৫ % নম্বর পেলে দ্বিতীয় পর্যায়ের সি.বি.টি. টেস্টের জন্য ডাক পাবেন। মোট শূন্যপদের ১৫ গুণ প্রার্থীকে দ্বিতীয় পর্যায়ের সি.বি.টি. টেস্টের জন্য ডাকা হবে।

দ্বিতীয় পর্যায়ের সি.বি.টি. টেস্টে ১২০ নম্বরের ১২০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস - ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, (২) অঙ্ক - ৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন। সময় থাকবে ৯০ মিনিট। প্রতিবন্ধী প্রার্থীরা অতিরিক্ত ৩০ মিনিট সময় পাবেন। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে।

লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে সংশ্লিষ্ট রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের স্থানীয় ভাষায়, ইংরিজি, হিন্দি ও উর্দুতে। কলকাতা, শিলিগুড়ি, মালদহ, রাঁচী ও গুয়াহাটি রেল রিক্রুট. বোর্ডের পরীক্ষায় প্রশ্ন হবে বাংলায়।

দ্বিতীয় পর্যায়ের পরীক্ষায় সফল হলে অ্যাকাউন্টস ক্লার্ক কাম টাইপিস্ট ও জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট পদের বেলায় টাইপিং স্কিল টেস্ট হবে। তারপর সার্টিফিকেট ভেরিফিকেশন ও ডাক্তারি পরীক্ষা। কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক ও ট্রেন্স ক্লার্ক পদের দ্বিতীয় পর্যায়ের পরীক্ষায় সফল হলে সার্টিফিকেট ভেরিফিকেশন আর ডাক্তারি পরীক্ষা হবে।

অনলাইনে দরখাস্ত নেওয়া শুরু হয়েছে ২১ সেপ্টেম্বর থেকে, চলবে ২০ অক্টোবর পর্যন্ত। যিনি যে রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডে দরখাস্ত করতে চান, সেই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইটে দরখাস্ত করবেন। এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো (৩০ থেকে ৭০ কেবির মধ্যে) ও সিগনেচার (৩০-৭০ কেবির মধ্যে) আর কাস্ট সার্টিফিকেট (শুধুমাত্র তপশিলীদের জন্য) ৫০০ কেবির মধ্যে স্ক্যান করে নেবেন। যে ফটো স্ক্যান করবেন সেই ফটোর ১২ কপি নিজের কাছে রেখে দেবেন, পরবর্তী ধাপে পরীক্ষার জন্য লাগবে।

প্রথমে সংশ্লিষ্ট রেল রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে দরখাস্ত করবেন। তখন ইউজার আই.ডি. ও পাশওয়ার্ড পাবেন। তারপর স্ক্যান করা যাবতীয় প্রমাণপত্র আপলোড করবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ৫০০ (তপশিলী, প্রতিবন্ধী, মহিলা, প্রাক্তন সমরকর্মী, ট্রান্সজেন্ডার, সংখ্যালঘু, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া প্রার্থীদের বেলায় ২৫০) টাকা অনলাইনে ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে জমা দেবেন, ২২ অক্টোবরের মধ্যে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। ফর্ম পূরণ করার পর কোনো ভুল হয়ে থাকলে তা এডিট করতে পারবেন ২৩ অক্টোবর থেকে ১ নভেম্বরের মধ্যে।

সাধারণ প্রার্থীরা 'সি.বি.টি.' পরীক্ষা দিয়ে থাকলে পরীক্ষা ফী থেকে ৪০০ টাকা আর তপশিলী, প্রাক্তন সমরকর্মী, মহিলা, ট্রান্সজেন্ডার, সংখ্যালঘু, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া প্রার্থীরা 'সি.বি.টি.' পরীক্ষা দিয়ে থাকলে ২৫০ টাকা ফেরৎ পেয়ে যাবেন (ব্যাঙ্ক চার্জ কেটে)।

কোন রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইট কোনটি : আহমেদাবাদ RRB'র বেলায় www.rrbahmedabad.gov.in, আজমীর RRB'র বেলায় www.rrbajmer.org, এলাহাবাদ RRB'র বেলায় www.rrbald.nic.in, ব্যাঙ্গালোর RRB'র বেলায় www.rrbbnc.gov.in, ভূপাল RRB'র বেলায় www.rrbbhopal.gov.in, ভুবনেশ্বর RRB'র বেলায় www.rrbbbs.gov.in, বিলাসপুর RRB'র বেলায় www.rrbbilaspur.gov.in, চন্ডীগড় RRB'র বেলায় www.rrbcdg.gov.in, চেন্নাই RRB'র বেলায় www.rrbchennai.gov.in, গোরক্ষপুর RRB'র বেলায় www.rrbgkb.gov.in, গুয়াহাটি RRB'র বেলায় www.rrbguwahati.gov.in, জম্মু-শ্রীনগর RRB'র বেলায় www.rrbjammu.nic.in, কলকাতা RRB'র বেলায় www.rrbkolkata.gov.in, মালদা RRB'র বেলায় www.rrbmalda.gov.in, মুম্বাই RRB'র বেলায় www.rrbmumbai.gov.in, মজঃফরপুর RRB'র বেলায় www.rrbmuzaffarpur.gov.in, পটনা RRB'র বেলায় www.rrbpatna.gov.in, রাঁচী RRB'র বেলায় www.rrbranchi.org, সেকেন্দরাবাদ RRB'র বেলায় www.rrbsecunderabad.nic.in, শিলিগুড়ি RRB'র বেলায় www.rrbsiliguri.org, তিরুবনন্তপুরম RRB'র বেলায় www.rrbthiruvananthapuram.gov.in

**কোন রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডে কোন পদে ক'টি শূন্যপদ।**

**কলকাতা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে নেওয়া হবে এইসব পদে:**

**ক্যাটেগরি নং ১ :** কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক পদে ১১৮টি। এর মধ্যে পূর্ব রেলে ৭৩টি (জেনাঃ ২৯, তঃজাঃ ১৮, তঃউঃজাঃ ২৬)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৮, প্রতিবন্ধী ৪। দক্ষিণ-পূর্ব রেলে ৪৫টি (জেনাঃ ১৭, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ১৩, ই.ডব্লু.এস. ৫)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৫, প্রতিবন্ধী ২।

**ক্যাটেগরি নং ২ :** অ্যাকাউন্টস ক্লার্ক কাম টাইপিস্ট পদে ১৩২টি। এর মধ্যে পূর্ব রেলে ৪৬টি (জেনাঃ ১৯, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ১২, ই.ডব্লু.এস. ৫)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৫, প্রতিবন্ধী ২। দক্ষিণ-পূর্ব রেলে ৮৬টি (জেনাঃ ৩৫, তঃজাঃ ১৩, তঃউঃজাঃ ৬, ও.বি.সি. ২৩, ই.ডব্লু.এস. ৯)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৯।

**ক্যাটেগরি নং ৩ :** জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট পদে ১৮৭টি। এর মধ্যে পূর্ব রেলে ১১৬টি (জেনাঃ ৫৯, তঃজাঃ ১০, তঃউঃজাঃ ১২, ও.বি.সি. ২৭, ই.ডব্লু.এস. ৮)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১১, প্রতিবন্ধী ৬। দক্ষিণ-পূর্ব রেলে ৭১টি (জেনাঃ ৩৫, তঃজাঃ ১১, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ১৬, ই.ডব্লু.এস. ৫)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৭, প্রতিবন্ধী ৪।

**ক্যাটেগরি নং ৪ :** ট্রেন্স ক্লার্ক পদে পূর্ব রেলে ১৫টি (জেনাঃ ৬, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ২)। এর মধ্যে প্রাঃসঃকঃ ২, প্রতিবন্ধী ১।

**মালদা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে নেওয়া হবে এইসব পদে:**

**ক্যাটেগরি নং ৩ :** জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট পদে ১২টি। এর মধ্যে পূর্ব রেলে ৯টি (জেনাঃ ৫, তঃজাঃ ২, ও.বি.সি. ২)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১। দক্ষিণ-পূর্ব রেলে ৩টি (জেনাঃ প্রতিবন্ধী ২, ও.বি.সি.-প্রতিবন্ধী ১)।

**রাঁচী রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে নেওয়া হবে এইসব পদে:**

**ক্যাটেগরি নং ১ :** কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক পদে ৬৮টি। এর মধ্যে পূর্ব-মধ্য রেলে ৮টি (জেনাঃ ২, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১। দক্ষিণ-পূর্ব রেলে ৬০টি (জেনাঃ ২৪, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৫, ও.বি.সি. ১৬, ই.ডব্লু.এস. ৬)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৬, প্রতিবন্ধী ২।

**ক্যাটেগরি নং ৩ :** জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট পদে দক্ষিণ-পূর্ব রেলে ৮টি (জেনাঃ ৩, তঃজাঃ১, তঃউঃজাঃ১, ও.বি.সি.২, ই.ডব্লু.এস.১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১, প্রতিবন্ধী১।

**পটনা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে নেওয়া হবে এইসব পদে:**

**ক্যাটেগরি নং ১ :** কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক পদে পূর্ব-মধ্য রেলে ১২টি (জেনাঃ ৪, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ২)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১।

**ক্যাটেগরি নং ৩ :** জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট পদে ৪টি। এর মধ্যে পূর্ব-মধ্য রেলে ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)। আর.ডব্লু.পি-২টি (তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)।

**গুয়াহাটি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে নেওয়া হবে এইসব পদে:**

**ক্যাটেগরি নং ১ :** কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক পদে উত্তর-পূর্ব সীমান্ত রেলে ৮২টি (জেনাঃ ৩২, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ৭, ও.বি.সি. ২২, ই.ডব্লু.এস. ৯)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৯, প্রতিবন্ধী ৬।

**ক্যাটেগরি নং ২ :** অ্যাকাউন্টস ক্লার্ক কাম টাইপিস্ট পদে উত্তর-পূর্ব সীমান্ত রেলে ৩১টি (জেনাঃ ১৩, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৮, ই.ডব্লু.এস. ৩)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৩, প্রতিবন্ধী ২।

**ক্যাটেগরি নং ৩ :** জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট পদে উত্তর-পূর্ব সীমান্ত রেলে ৫৯টি (জেনাঃ ২২, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ১৬, ই.ডব্লু.এস. ৮)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৭, প্রতিবন্ধী ৯।

**ক্যাটেগরি নং ৪ :** ট্রেন্স ক্লার্ক পদে উত্তর-পূর্ব সীমান্ত রেলে ৩টি (জেনাঃ ২, ও.বি.সি. ১)।

**ভুবনেশ্বর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে নেওয়া হবে এইসব পদে:**

**ক্যাটেগরি নং ১ :** কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক পদে পূর্ব উপকূল রেলে ৯টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১, প্রতিবন্ধী২।

**ক্যাটেগরি নং ২ :** অ্যাকাউন্টস ক্লার্ক কাম টাইপিস্ট পদে পূর্ব - উপকূল রেলে ২৮টি (জেনাঃ ১১, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৮, ই.ডব্লু.এস. ৩)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৩, প্রতিবন্ধী ১।

**ক্যাটেগরি নং ৩ :** জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট পদে পূর্ব উপকূল রেলে ১৯টি (জেনাঃ ৮, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১, প্রতিবন্ধী২।

**আহমেদাবাদ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে নেওয়া হবে এইসব পদে:**

**ক্যাটেগরি নং ১ :** কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক পদে পশ্চিম রেলে ১৫৫টি (জেনাঃ ৬৩, তঃজাঃ ২৩, তঃউঃজাঃ ১২, ও.বি.সি. ৪০, ই.ডব্লু.এস. ১৭)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১৫, প্রতিবন্ধী ৭।

**ক্যাটেগরি নং ৩ :** জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট পদে ৪৮টি। **ক্যাটেগরি নং ৪ :** ট্রেন্স ক্লার্ক পদে ৭টি।

**আজমীর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে নেওয়া হবে এইসব পদে:**

**ক্যাটেগরি নং ১ :** কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক পদে ১১টি। **ক্যাটেগরি নং ৩ :** জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট পদে ৬০টি।

**বেঙ্গালউরু রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে নেওয়া হবে এইসব পদে:**

**ক্যাটেগরি নং ১ :** কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক পদে ৪৮টি। **ক্যাটেগরি নং ২ :** অ্যাকাউন্টস ক্লার্ক কাম টাইপিস্ট পদে ৫টি। **ক্যাটেগরি নং ৩ :** জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট পদে ৭টি।

**ভোপাল রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে নেওয়া হবে এইসব পদে:**

**ক্যাটেগরি নং ১ :** কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক পদে ১৪টি। **ক্যাটেগরি নং ৩ :** জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট পদে ৩৬টি। **ক্যাটেগরি নং ৪ :** ট্রেন্স ক্লার্ক পদে ৮টি।

**বিলাসপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে নেওয়া হবে এইসব পদে:**

**ক্যাটেগরি নং ১ :** কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক পদে ১১৫টি। **ক্যাটেগরি নং ২ :** অ্যাকাউন্টস ক্লার্ক কাম টাইপিস্ট পদে ১৫টি। **ক্যাটেগরি নং ৩ :** জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট পদে ২২টি।

এরপর ৭ পাতায়

# বাঁকুড়ায় মাসে ২০৮ টাকায় বি. টেক কোর্স পড়তে পারবেন

**রূপেশ খাঁ, বাঁকুড়া :** সাধারণ মানুষের বিভিন্ন সাহায্য সহযোগিতায় আর রাজ্য সরকারের সদিচ্ছায় গড়ে ওঠা বাঁকুড়া উন্নয়নী ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ারিং গুটি গুটি পায়ে ২৭তম বর্ষে পা রাখল। মাসে ২০৮ টাকায় করতে পারবেন বি.টেক কোর্স। কিন্তু কীভাবে তা সম্ভব আর কোথায়? বাঁকুড়া শহরের লাগোয়া পুয়াবাগানে রয়েছে উন্নয়নী ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ারিং। এই ইঞ্জিনিয়ারিং কলেজে মাসে মাত্র ২০৮ টাকা কোর্স ফী দিয়ে আপনার পছন্দের 'স্ট্রিম' নিয়ে ইঞ্জিনিয়ারিংয়ে বি. টেক কোর্স পড়তে পারবেন। শুক্রবার উন্নয়নী ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ারিংয়ে ২৭তম প্রতিষ্ঠা দিবস পালিত হল। তবে আর জি কর কাণ্ডের বিচার চেয়ে অন্যান্য বছরের মতো পালিত হল না প্রতিষ্ঠা দিবস। অনুষ্ঠান মঞ্চ থেকে বছরের সেরা কৃতী ছাত্রছাত্রীদের পুরস্কার দেওয়া হয়। গত ২৭ বছর ধরে বাঁকুড়ার ছাত্রছাত্রীদের ইঞ্জিনিয়ারিংয়ের স্বপ্ন বাস্তব করছে এই প্রতিষ্ঠান। বাঁকুড়ার এই প্রতিষ্ঠানে ৪ বছরের ইঞ্জিনিয়ারিং কোর্স করতে খরচ পড়ে মোট ২ লাখ ৫০ হাজার টাকা। তবে সরকার ঘোষিত স্বামী বিবেকানন্দ স্কলারশিপ পেলে ৪ বছরে দিতে হয় মাত্র ১০ হাজার টাকা। অর্থা খরচ পড়ে মাসে ২০১ টাকা। উন্নয়নীর চেয়ারপার্সন শশাঙ্ক দত্ত জানান, 'এত কম খরচে ভারতের আর অন্য কোথাও ইঞ্জিনিয়ারিং কোর্স পড়ানো হয় না। আমরা তা করছি। কম খরচ হলেও আমরা ছাত্রছাত্রীদের বিশ্বমানের পরিকাঠামো আর পড়াশোনা করাই। এই কলেজে এখন রয়েছেন ১২০০ ছাত্র ছাত্রী। শিক্ষক ও শিক্ষক কর্মী মিলিয়ে শতাধিক। বি.টেক ইঞ্জিনিয়ারিংয়ে রয়েছে এই ৭টি স্ট্রিম : কম্পিউটার সায়েন্স, আইটি, সিভিল, মেকানিক্যাল, ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, অ্যাপ্লায়েড ইলেকট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন। রয়েছে ২টি বিষয়ে এম. টেক কোর্স। পরিকল্পনা করা হচ্ছে আইটিআই কোর্সের জন্যও। ছাত্রছাত্রীদের থাকার জন্য রয়েছে কম খরচায় হস্টেল। কলেজের আরও লক্ষ্য রয়েছে, অনেকেই এমন আছেন, যাঁরা চাকরি বা কাজ না পেয়ে টোটো চালাচ্ছেন বা কোনো অপছন্দের কাজ করছেন, আর্থিক কারণেই পছন্দের পড়াশোনা করা সম্ভব হয়নি। তাঁদের বিশেষ প্রশিক্ষণ দিয়ে, তাঁদের মেধাকে কাজে লাগানোর একটা পরিকল্পনা রয়েছে এই ইঞ্জিনিয়ারিং কলেজের।'

## কানাড়া ব্যাঙ্কে ৩ হাজার অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

ও.বি.সি. ৮)। বিহার ১০০টি (জেনাঃ ৪৬, তঃজাঃ ১৬, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২৭, ই.ডব্লু.এস. ১০)। ওড়িশা ৭০টি (জেনাঃ ২৯, তঃজাঃ ১১, তঃউঃজাঃ ১৫, ও.বি.সি. ৮, ই.ডব্লু.এস. ৭)। চন্ডীগড় ১০টি, ছত্তিশগড় ২৫টি, দাদরা ও নগর হাভেলি অ্যান্ড দমন ও দিউ ১টি, দিল্লি ১০০টি, গোয়া ২০টি, গুজরাত ৭০টি, হরিয়ানা ১০০টি, হিমাচল প্রদেশ ১৫টি, জম্মু ও কাশ্মীর ১০টি, ঝাড়খন্ড ৫৫টি, কর্ণাটক ৬০০টি, কেরল ২০০টি, লাদাখ ১টি, লাক্ষাদ্বীপ ২টি, মধ্য প্রদেশ ৮০টি, মহারাষ্ট্র ২০০টি, মণিপুর ১টি, মেঘালয় ৩টি, মিজোরাম ১টি, নাগাল্যান্ড ১টি, পুদুচেরী ৫টি, পঞ্জাব ৮০টি, রাজস্থান ৭০টি, সিকিম ১টি, তামিলনাড়ু ৩৫০টি, তেলেঙ্গানা ১২০টি, উত্তর প্রদেশ ৩২৫টি, উত্তরাখন্ড ৩৫টি।

প্রার্থী বাছাই হবে অনলাইন টেস্টের মাধ্যমে। ১ ঘন্টার পরীক্ষায় ১০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : জেনারেল ফিনান্সিয়াল অ্যাওয়ারনেস, জেনারেল ইংলিশ, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, রিজনিং অ্যাপ্টিটিউড অ্যান্ড কম্পিউটার নলেজ। প্রতিটি পার্টে ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন হবে। প্রতিটি পার্টে সময় থাকবে ১৫ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। ন্যূনতম স্কোর করতে হবে। তপশিলী, ও.বি.সি. ও প্রতিবন্ধীরা স্কোরিংয়ে ৫% নম্বরে ছাড় পাবেন। পরীক্ষা হবে এইসব কেন্দ্রে : বাঁকুড়া, বীরভূম, কোচবিহার, দক্ষিণ দিনাজপুর, দার্জিলিং, হাড়োয়া, হুগলি, জলপাইগুড়ি, কলকাতা, মালদহ, মুর্শিদাবাদ, উত্তর ২৪ পরগনা, পশ্চিম বর্ধমান, পশ্চিম মেদিনীপুর, পূর্ব বর্ধমান, পুরুলিয়া, দক্ষিণ ২৪ পরগনা ও উত্তর দিনাজপুর। লিখিত পরীক্ষায় সফল হলে স্থানীয় ভাষার পরীক্ষা, ইন্টারভিউ ও ডাক্তারি পরীক্ষা। এরপর রাজ্যভিত্তিক তালিকা তৈরি হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৪ অক্টোবর পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.canarabank.com, https://www.nats.education.gov.in

এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন জে.পি.জি. বা, জে.পি.ই.জি. ফর্ম্যাটে। ফটো রঙিন হতে হবে ও ফটো ২০০×২৩০ পিক্সেল হতে হবে। সিগনেচার ১৪০×৬০ পিক্সেল হতে হবে। ফটো ও সিগনেচার ২০০ ডি.পি.আই.তে স্ক্যান করবেন। এছাড়াও নিচের এই প্যারাগ্রাফটি নিজের হাতে লিখে স্ক্যান করে নেবেন : 'I....... (Name of the candidate), hereby declare that all the information submitted by me in the application form is correct, true and valid. I will present the supporting documents as and when required'.

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৫০০ (তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না) টাকা অনলাইনে জমা দিতে হবে। আরো বিস্তারিত তথ্য ওপরের ওই ওয়েবসাইটে পাবেন।

## চাকরির উপযোগী প্যারামেডিক্যাল কোর্সে ভরতি KIMS Paramedic ইনস্টিটিউটে

**নিজস্ব সংবাদদাতা, পূর্ব বর্ধমান :** পূর্ব বর্ধমান জেলার KIMS Paramedic ইনস্টিটিউটে চাকরির উপযোগী প্যারামেডিক্যাল কোর্সে ভরতি শুরু হয়েছে। ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা উচ্চমাধ্যমিক পাশ। পড়ানো হবে এইসব কোর্সে : (১) ও.টি. টেকনিশিয়ান, (২) আই.সি.ইউ. টেকনিশিয়ান, (৩) ডি.এম.এল.টি. টেকনিশিয়ান, (৪) ফিজিওথেরাপি, (৫) ডায়ালিসিস, (৬) রেডিওলজি, (৭) এইচ.এন.এম.। এখানো উন্নতমানের শিক্ষকমন্ডলী দ্বারা যত্ন সহকারে থিওর ক্লাস ও প্র্যাক্টিক্যাল করানো হয়। ২ বছরের ডিপ্লোমা কোর্স। KIMS-এর ১০০ শয্যার বেশি নিজস্ব হাসপাতালে প্র্যাক্টিক্যাল করার সুযোগ পাবেন। উন্নতমানের পরিকাঠামো ও সরকার অনুমোদিত কোর্স। কোর্স ফী সাধ্যের মধ্যে। কোর্স শেষে বর্ধমান জেলার KIMS হাসপাতালে চাকরির সুযোগ পাওয়ার সম্ভাবনা আছে। ভরতির জন্য এখনই যোগাযোগ করুন এই ঠিকানায় : KIMS Paramedic Institute, পূর্ব বর্ধমান -৭১৩১০৩ (আলিসা বাস স্ট্যান্ডের কাছে, হিন্দুস্তান ডিস্ট্রিবিউটর্স-এর পাশে)। ফোন : 7363994566, 9933026006. অ্যাসোসিয়েট শাখা : ভারত সেবাশ্রম সংঘ, খাতরা, বাঁকুড়া। ফোন : 9732698801, 7584832382.

## বিমা সংস্থায় ৩২৫

১ পাতার পর

রাজ্যের রিজিওন্যাল ল্যাঙ্গোয়েজে জ্ঞান থাকতে হবে। বয়স হতে হবে ১-৯-২০২৪'র হিসাবে ২১ থেকে ৩০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর বয়সে ছাড় পাবেন। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা। শূন্যপদ : ৩২৫টি। কোন রাজ্যে ক'টি শূন্যপদ: পশ্চিমবঙ্গ ১২টি (জেনাঃ ৭, তঃজাঃ ২, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। এর মধ্যে প্রতিবন্ধী ১। অসম ৫টি (জেনাঃ ৪, ও.বি.সি. ১)। ওড়িশা ৭টি (জেনাঃ ৫, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। ত্রিপুরা ৪টি (জেনাঃ ৩, তঃউঃজাঃ ১)। আন্ধ্রাপ্রদেশ ১০টি। অরুণাচল প্রদেশ ১টি, আন্দামান অ্যান্ড নিকোবর দ্বীপপুঞ্জ ১টি, বিহার -৫টি, চন্ডীগড় ৩টি, ছত্তিশগড় ৪টি, দাদরা ও নগর হাভেলি অ্যান্ড দমন ও দিউ ১টি, দিল্লি ১৭টি, গোয়া ৩টি, গুজরাত ২০টি, হরিয়ানা ৭টি, হিমাচল প্রদেশ ২টি, জম্মু ও কাশ্মীর ৪টি, ঝাড়খন্ড ৫টি, কর্ণাটক ১৩টি, কেরল ১৫টি, লে -১টি, লাক্ষাদ্বীপ ১টি, মধ্য প্রদেশ ১২টি, মহারাষ্ট্র ৭৫টি, এরপর ৬ পাতায়

## শিক্ষক-শিক্ষিকা, ফিজিক্যাল ট্রেনার ও ডায়াটেশিয়ান নিয়োগ

### সরকারি প্রকল্পে চাকরির পরীক্ষার প্রশিক্ষণের জন্য পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় শিক্ষক-শিক্ষিকা, ফিজিক্যাল ট্রেনার ও ডায়াটেশিয়ান নেওয়া হচ্ছে

**নিজস্ব প্রতিনিধি :** ন্যাশনাল কম্পিউটার সাক্ষরতা মিশন (এন.সি.এস.এম) সরকারি প্রকল্পে রাজ্য পুলিশের কনস্টেবল সহ অন্যান্য চাকরির পরীক্ষার কোচিংয়ের জন্য পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় অভিজ্ঞ শিক্ষক-শিক্ষিকা নিচ্ছে এইসব বিষয় পড়ানোর জন্য : (১) অ্যারিথমেটিক, (২) জেনারেল ইংলিশ, (৩) ইতিহাস, (৪) ভূগোল, (৫) ইকনমিক্স, (৬) পলিটিক্যাল সায়েন্স, (৭) পিওর সায়েন্স (ফিজিক্স ও কেমিস্ট্রি), (৮) বায়ো-সায়েন্স (বটানি ও জুলজি), (৯) জেনারেল নলেজ / কারেন্ট অ্যাফেয়ার্স (১০) রিজনিং (জেনারেল ইন্টেলিজেন্স)। এছাড়াও মাঠ প্রশিক্ষণের জন্য ফিজিক্যাল ট্রেনার নেওয়া হবে। পাশাপাশি সব জেলায় ডায়াটেশিয়ানও নেওয়া হবে। মাইনে আকর্ষণীয়। অভিজ্ঞদের অগ্রাধিকার দেওয়া হবে। জেলাভিত্তিক কোথায় কোথায় শিক্ষক-শিক্ষিকা নেওয়া হবে তা বিস্তারিত দেওয়া হল : (১) দার্জিলিং জেলায় — দার্জিলিং, কার্শিয়াং, শিলিগুড়ি। (২) কালিম্পং জেলায় — কালিম্পং। (৩) আলিপুরদুয়ার জেলায় — কালচিনি। (৪) কোচবিহার জেলায় — কোচবিহার টাউন, দিনহাটা। (৫) জলপাইগুড়ি জেলায় — জলপাইগুড়ি টাউন, (৬) দক্ষিণ দিনাজপুর জেলায় — গঙ্গারামপুর। (৭) মালদা জেলায় — চাঁচল, মালদা টাউন। (৮) উত্তর দিনাজপুর জেলায় — ইসলামপুর, রায়গঞ্জ। (৯) মুর্শিদাবাদ জেলায় — লালবাগ, জঙ্গিপুর, ডোমকল, বহরমপুর, কান্দি। (১০) বীরভূম জেলায় — সিউড়ি, রামপুরহাট, মুরারই, বোলপুর। (১১) বর্ধমান পূর্ব জেলায় — বর্ধমান টাউন, মন্তেশ্বর (কুসুম গ্রাম), কাটোয়া। (১২) নদিয়া জেলায় — কৃষ্ণনগর, তেহট্ট। (১৩) উত্তর ২৪ পরগনা জেলায় — বারাসাত, ব্যারাকপুর, বসিরহাট। (১৪) দক্ষিণ ২৪ পরগনা জেলায় — বারুইপুর, ক্যানিং, ডায়মন্ডহারবার। (১৫) কলকাতা জেলায় — পার্ক সার্কাস। (১৬) হুগলি জেলায় — আরামবাগ, চুঁচুড়া। (১৭) হাওড়া জেলায় — উলুবেড়িয়া, হাওড়া। (১৮) পূর্ব মেদিনীপুর জেলায় — মেচেদা। (১৯) ঝাড়গ্রাম জেলায় — ঝাড়গ্রাম টাউন। (২০) পুরুলিয়া জেলায় — পুরুলিয়া সদর। (২১) বাঁকুড়া জেলায় — বাঁকুড়া টাউন। (২২) পশ্চিম মেদিনীপুর জেলায় — মেদিনীপুর টাউন। (২৩) পশ্চিম বর্ধমান জেলায় — আসানসোল। বিস্তারিত জানতে ফোন করুন এই নম্বরে : 8637333183, 9123906966. বায়োডাটা মেল করুন এই আই.ডি-তে : pragati_berhampore@yahoo.com.


**রেল রেল**

ক্র্যাশ কোর্সে ভর্তি চলছে। অনবদ্য প্রস্তুতি, সাফল্যের চ্যালেঞ্জ। ভারতীয় রেলে গর্বের সাথে যুক্ত হোন। CACES, শিয়ালদহ
M: 91233 25910 / 9038009570
বিঃ দ্রঃ SRB (SSC, Rail, Bank) কোর্সেও ভর্তি চলছে।

**গত বছরের মতো 'এ' বছরেও**

- PSC ক্লার্কশিপ পরীক্ষায়
- কলকাতা ও রাজ্য পুলিশে কনস্টেবল পরীক্ষায়
- RPF কনস্টেবল, রেলের অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট, NTPC ও জুনিয়র ইঞ্জিনিয়ার পরীক্ষায়
- Combined Graduate Level পরীক্ষায়

'Common' পেতে
আর
সাব-ইন্সপেক্টর, SSC স্টেনো ও MTS, জেলা আদালত, IBPS সহ সব ধরনের পরীক্ষার Up-to-date স্টাডি মেটেরিয়াল পেতে আজই কিনুন

সাফল্য
সাফল্য সাধারণ জ্ঞান
হেল্প লাইন : 6291684943
চাকরির পরীক্ষার একমাত্র ম্যাগাজিন

কর্মসংস্থান
বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ
: 9830795430

## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

গত সপ্তাহের পর

**২০ জুলাই :** বিশিষ্ট লেখক ও কবি জ্যোতি জগন্নাথম'কে, এবছর মর্যাদাপূর্ণ 'শ্রী দশরথী কৃষ্ণমাচার্য পুরস্কার'এর জন্য মনোনীত করল তেলেঙ্গানা সরকার। দশরথী কৃষ্ণমাচার্যের জন্মবার্ষিকীতে এই পুরস্কার দেওয়া হয়েছে। পুরস্কার হিসাবে তাঁকে নগদ ১ লাখ টাকা ও একটি স্মারক দেওয়া হয়েছে।

❑ একদিনে ১১ লাখেরও বেশি চারা গাছ রোপণ করে 'গিনেস ওয়ার্ল্ড রেকর্ড' গড়ল মধ্য প্রদেশের ইন্দোর। ১৪ জুলাই, '২৪ ঘন্টায় একটি দলের মাধ্যমে সবথেকে বেশি গাছ লাগানো' বিভাগে এই বিশ্বরেকর্ড গড়েছে ইন্দোর। রাজ্য সরকার এই অনুষ্ঠানের আয়োজন করেছিল। ১৩ জুলাই সন্ধ্যে ৭টা ৩ মিনিট থেকে এই রেকর্ড গড়ার প্রক্রিয়া শুরু হয়ে, তা চলে পরদিন ১৪ জুলাই সন্ধ্যে ৭টা ৩ মিনিট পর্যন্ত। 'গিনেস ওয়ার্ল্ড রেকর্ড' দলের কাছ থেকে একটি শংসাপত্র পেয়েছেন মুখ্যমন্ত্রী মোহন যাদব। প্রসঙ্গত উল্লেখ্য, এর আগে পুরনো রেকর্ডটি ছিল অসমের দখলে, যারা ২৪ ঘন্টায় ৯,২৬,০০০টি গাছ লাগিয়েছিল।

**২১ জুলাই :** বিশ্বের প্রথম যাত্রীবাহী কার্বন ফাইবার হাই-স্পিড ট্রেন উন্মোচন করল চিন। এটি ইতিহাসে প্রথম যাত্রীবাহী ট্রেন, যা পুরোপুরিভাবে কার্বন ফাইবার দিয়ে তৈরি করা হয়েছে, যা ওজনে হালকা ও পরিবেশবান্ধব। এই কার্বন ফাইবার ট্রেনটি প্রতি ঘন্টায় ৮৭ মাইল গতিতে চলবে ও প্রচলিত ইস্পাত ট্রেনের তুলনায় ৭% কম শক্তি ব্যবহার করবে। এই মেট্রো ট্রেনটি 'সেট্রোভো ১.০' বা, 'কার্বন স্টার র‍্যাপিড ট্রানজিট' নামে পরিচিত, যা ১৭ জুলাই শানডং প্রদেশের কিংদাও'তে উন্মোচন করা হয়েছিল। ট্রেনটি তৈরি করেছে 'চিনা রেলওয়ে কনস্ট্রাকশন কর্পোরেশন'এর একটি সহযোগী প্রতিষ্ঠান 'কিংদাও সিফাং রোলিং স্টক'।

❑ এবছর মর্যাদাপূর্ণ 'আন্তর্জাতিক এক্সেলেন্স পুরস্কার' পেলেন রাজস্থানের আজমেরের বাসিন্দা (এখন মুম্বইয়ে থাকেন) চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট অর্পিত জগদীশ কাবরা। ফরেন্সিক তদন্তের ক্ষেত্রে অসামান্য অবদান আর ব্যাঙ্কিং ও ফিনান্স সেক্টরের প্রতি তাঁর অটুট উৎসর্গের স্বীকৃতি হল এই পুরস্কার। ব্রিটিশ পার্লামেন্টের 'হাউজ অফ কমন্স'এর তরফ থেকে তাঁকে এই পুরস্কার দেওয়া হয়েছে।

**২২ জুলাই :** 'এশিয়ান প্যারালিম্পিক কমিটি'র ৩৪ তম কার্যনির্বাহী বোর্ডের সভায়, দক্ষিণ এশিয়ার জন্য উপ-আঞ্চলিক প্রতিনিধি হিসাবে নিযুক্ত হলেন ভারতের প্রথম মহিলা প্যারালিম্পিক পদক বিজয়ী ড.দীপা মালিক।

❑ সর্বসম্মতিক্রমে ২০২৪-'২৫ মেয়াদের জন্য, 'ইনস্টিটিউট অফ কস্ট অ্যাকাউন্ট্যান্টস অফ ইন্ডিয়া'র প্রেসিডেন্ট হিসাবে নির্বাচিত হলেন বিভূতি ভূষণ নায়েক।

**২৩ জুলাই :** এস্তোনিয়ার প্রধানমন্ত্রী হিসাবে শপথ নিলেন ক্রিস্টেন মিকাল।

❑ ফরাসি সরকারের তরফ থেকে 'অফিসার অফ দ্য অর্ডার অফ আর্টস অ্যান্ড লেটার্স' সম্মানে ভূষিত হলেন কিউরেটর ও লেখক রাহাব আল্লানা। দক্ষিণ এশীয় ফটোগ্রাফিতে তাঁর কাজের জন্য ও ইন্দো-ফরাসি সাংস্কৃতিক সম্পর্কের উন্নতিতে অসামান্য অবদানের জন্য এই সম্মান পেলেন তিনি। প্রসঙ্গত উল্লেখ্য, যাঁরা শিল্প, সংস্কৃতি ও সাহিত্যে গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন, বা, যাঁরা বিশ্বব্যাপী শিল্পকলার ক্ষেত্রকে প্রভাবিত করেছেন, এমন ব্যক্তিদের এই মর্যাদাপূর্ণ সম্মান দেওয়া হয়।


### বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।


নয়াদিল্লিতে, ফ্রান্সের দূতাবাসে এই পুরস্কার দেওয়া হয়েছে।

**২৪ জুলাই :** এক সাম্প্রতিক গবেষণায় দেখা গেছে, গভীর সমুদ্রে ভূপৃষ্ঠ থেকে ৪,০০০ মিটার নীচে পুরো অন্ধকারে ধাতব খনিজের রাসায়নিক বিক্রিয়ায় তৈরি হচ্ছে রহস্যময় 'ডার্ক অক্সিজেন' বা, 'অন্ধকার অক্সিজেন'। 'নেচার জিওসায়েন্স' জার্নালে 'অতল সমুদ্রতলে অন্ধকার অক্সিজেন উৎপাদনের প্রমাণ' নামে এক গবেষণাপত্র প্রকাশিত হয়েছে। এই গবেষণাপত্রে দাবি করা হয়েছে, সালোকসংশ্লেষ ছাড়াও অন্য উপায়ে অক্সিজেন তৈরি হয় পৃথিবীতে। আন্তর্জাতিক গবেষকদের এই দলটি আবিষ্কার করেছে, প্রাণের সম্পৃক্ততা ছাড়াই সেখানে অক্সিজেন তৈরি হচ্ছে। আর সেই অক্সিজেন টিকিয়ে রেখেছে গভীর সামুদ্রিক জীবনকে, যারা পুরো অন্ধকারে বেঁচে থাকে।

**২৫ জুলাই :** রাষ্ট্রপতি ভবনের 'দুর্বার হল' ও 'অশোক হল'এর নাম বদল করল কেন্দ্রীয় সরকার। এদিন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ওই দুই ঐতিহ্যশালী কক্ষের নতুন নামকরণ করেছেন। 'দুর্বার হল'এর নতুন নাম রাখা হয়েছে 'গণতন্ত্র মণ্ডপ' ও 'অশোক হল'এর নতুন নাম রাখা হয়েছে 'অশোক মণ্ডপ'। 'দুর্বার হল'এ এতদিন নানা জাতীয় অনুষ্ঠান হত। দুর্বার নামটি ব্রিটিশ আমল থেকে চলে আসছে। স্বাধীনতা পাওয়ার পর তাই এই নাম গুরুত্ব হারিয়েছে। তাই এই নাম বদল করে 'গণতন্ত্র মণ্ডপ' রাখা হল। অন্যদিকে, ভারতের মহান রাজা ছিলেন অশোক। তাই তাঁর নামটি রেখে দেওয়া হয়েছে।

**২৬ জুলাই :** 'ভারতীয় আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব'এ ফেস্টিভ্যাল ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন চলচ্চিত্র পরিচালক শেখর কাপুর।

❑ বিশ্বের সর্বোচ্চ টানেল 'শিনকুন লা' প্রকল্পের সূচনা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ভারতীয় সেনাবাহিনীর জন্য বিশেষভাবে কার্যকরী হতে চলেছে এই টানেল। সেনাবাহিনীকে সব মরসুমে যাতায়াত করার সুবিধা দেবে এই টানেল। তাদের যাবতীয় চাহিদা, যেমন অস্ত্র সরবরাহ, খাদ্য সামগ্রী ও জ্বালানি সব মরসুমেই পাওয়া যাবে এই পথে। ১৫,৮০০ ফুট উচ্চতায় তৈরি হবে এই টানেলটি। এর দৈর্ঘ্য হবে ৪.১ কিলোমিটার। এটি একটি টুইন-টিউব টানেল, অর্থাৎ, দু'টি পথ বিশিষ্ট হবে এই টানেল। নিমু-পদুম-দরচা সড়কের ওপর এই টানেলের নির্মাণ কাজ চলছে।

**২৭ জুলাই :** লাও পিপলস ডেমোক্রেটিক রিপাব্লিকের রাজধানী শহর ভিয়েনতিয়েনে ৩ দিনের সফরের সময়, অযোধ্যার রামলালার প্রথম ডাকটিকিট উন্মোচন করলেন কেন্দ্রীয় বিদেশমন্ত্রী এস.জয়শঙ্কর। এদিন, এস.জয়শঙ্কর ও লাওসের উপ-প্রধানমন্ত্রী ও বিদেশমন্ত্রী স্যালুমক্সে কোমাসিথ যৌথভাবে ২টি ডাকটিকিটের মোড়ক উন্মোচন করেন। একটি ডাকটিকিটে রামলালার মূর্তি চিত্রিত রয়েছে ও অন্যটিতে লুয়াং প্রবাং-এর (লাও'র প্রাচীন রাজধানী) ভগবান বুদ্ধকে স্মরণ করা হয়েছে। এদিনের এই ডাকটিকিটের থিম ছিল 'লাও পিপলস ডেমোক্রেটিক রিপাব্লিক ও ভারতের যৌথ সাংস্কৃতিক ঐতিহ্য উদযাপন'।


❑ প্যারিসের পার্ক দে লা ভিলেতে, 'ইন্ডিয়া হাউস'এর উদ্বোধন হল। অলিম্পিক্সে ভারতের প্রথম কান্ট্রি হাউস হল এই 'ইন্ডিয়া হাউস'। এই উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন 'রিলায়েন্স ফাউন্ডেশন'এর প্রতিষ্ঠাতা ও চেয়ারপার্সন আর আইওসি'র সদস্য নীতা আম্বানি-সহ ভারতীয় ক্রীড়া জগতের বেশ কিছু দক্ষ ও খ্যাতনামী প্রশাসকেরা। এই ইন্ডিয়া হাউসে ভারতীয় সমর্থকেরা একদম দেশের আবহে অলিম্পিক্সের সাফল্য উদযাপন করতে পারবে। এদিন থেকে ১১ আগস্ট পর্যন্ত খোলা ছিল এই ইন্ডিয়া হাউস।

**২৮ জুলাই :** জাপানের রাজধানী শহর টোকিওর এডোগাওয়া ওয়ার্ডে, মোহনদাস করমচাঁদ গান্ধীর আবক্ষ মূর্তির উদ্বোধন করলেন কেন্দ্রীয় বিদেশমন্ত্রী এস.জয়শঙ্কর। মূর্তিটি ৫০ সেন্টিমিটার উঁচু। দুই দেশের দ্বিপাক্ষিক বন্ধুত্ব ও সদিচ্ছার প্রতীক হিসাবে এই মূর্তিটিতে উপহার হিসাবে দিয়েছে ভারত। প্রসঙ্গত উল্লেখ্য, এডোগাওয়াতে অনেক ভারতীয় বসবাস করেন।

❑ এবছর মর্যাদাপূর্ণ 'গ্লোবাল ওয়াটার টেক পুরস্কার' পেল 'দিল্লি মেট্রো রেল কর্পোরেশন'। পরিবেশগত উদ্যোগের জন্য, 'অর্গানাইজেশন বিভাগ'এ এই পুরস্কার পেল তারা। দিল্লি শহরে জল সংরক্ষণ ও জল সম্পদের সঠিক ব্যবহারের ক্ষেত্রে অক্লান্ত প্রচেষ্টার জন্য, দিল্লি মেট্রো'কে এই পুরস্কার দিয়েছে 'গ্লোবাল এনার্জি অ্যান্ড এনভায়রনমেন্ট ফাউন্ডেশন'।

❑ চেন্নাইয়ে, সারা দেশ ও বিদেশের শীর্ষস্থানীয় চিকিৎসা ব্যক্তিত্ব ও পেশাদারদের নিয়ে আন্তর্জাতিক মিলন উপলক্ষ্যে একটি অনুষ্ঠানে, সম্মানজনক 'জীবনকৃতি পুরস্কার' পেলেন কেন্দ্রীয় মন্ত্রী ড.জিতেন্দ্র সিং। ডায়াবেটোলজি, ডায়াবেটিস কেয়ার ও ডায়াবেটিস গবেষণার ক্ষেত্রে তাঁর অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে তাঁকে এই পুরস্কার দেওয়া হয়েছে।

❑ পাল্লেকেলেতে শ্রীলঙ্কার বিরুদ্ধে সিরিজের দ্বিতীয় টোয়েন্টি-২০ ম্যাচে এক অনবদ্য ব্যক্তিগত নজির গড়লেন ভারতীয় ব্যাটার যশস্বী জয়সওয়াল। এদিন, শ্রীলঙ্কার বিরুদ্ধে ৭ রান সংগ্রহ করা মাত্রই, বিশ্বের প্রথম ক্রিকেটার হিসাবে চলতি ক্যালেন্ডার বছরে ১,০০০ আন্তর্জাতিক রান সংগ্রহ করার নজির গড়লেন তিনি। টেস্ট ও টোয়েন্টি-২০ মিলিয়ে এবছর ১৩টি ম্যাচের ১৮টি ইনিংসে ব্যাট করতে নেমে এই মাইলফলক অর্জন করলেন তিনি। এবছর সব ফরম্যাট মিলিয়ে আন্তর্জাতিক ক্রিকেটে যশস্বীর ব্যক্তিগত সংগ্রহ দাঁড়িয়েছে ১,০২৩ রান। এবছর তিন ফরম্যাট মিলিয়ে সবথেকে বেশি রান করা ব্যাটারদের তালিকায় দ্বিতীয় স্থানে রয়েছেন শ্রীলঙ্কার কুশল মেন্ডিস। চলতি ক্যালেন্ডার বছরে মেন্ডিস ২৬টি আন্তর্জাতিক ম্যাচের ২৮টি ইনিংসে ব্যাট করতে নেমে ৮৮৮ রান সংগ্রহ করেছেন। তৃতীয় স্থানে রয়েছেন আফগান-ই-স্তানের ইব্রাহিম জাদরান। তিনি এবছর ২৫টি আন্তর্জাতিক ম্যাচের ২৭টি ইনিংসে ব্যাট করে ৮৪৪ রান সংগ্রহ করেছেন।



এবছর 'প্যারিস অলিম্পিক্স'এ মহিলাদের ১০ মিটার এয়ার পিস্তল বিভাগে ব্রঞ্জ পদক পেলেন ভারতের মানু ভাকের। প্রথম ভারতীয় মহিলা শুটার হিসাবে অলিম্পিক্সে পদক জিতলেন তিনি। এদিন ২২১.৭ স্কোর করেন তিনি।

❑ ভারতকে ৮ উইকেটে হারিয়ে, এবছর মহিলাদের এশিয়া কাপ জিতল শ্রীলঙ্কা।

**২৯ জুলাই :** আবারও ভেনেজুয়েলার প্রেসিডেন্ট নির্বাচনে জিতলেন নিকোলাস মাদুরো।

❑ যুক্তরাজ্যের লন্ডনের মর্যাদাপূর্ণ 'রয়্যাল সোসাইটি অফ কেমিস্ট্রি'র ফেলো হিসাবে অন্তর্ভুক্ত হলেন হায়দরাবাদের সিএসআইআর-ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ কেমিক্যাল টেকনোলজি'র প্রধান বিজ্ঞানী ড.সুন্দরগোপাল শ্রীধর। মেমব্রেন প্রযুক্তির ক্ষেত্রে গবেষণার স্বীকৃতি হিসাবে এই সম্মান পেলেন তিনি। একজন গবেষণা বিজ্ঞানী হিসাবে ২৬ বছরের দীর্ঘ কর্মজীবনে তিনি রাসায়নিক ও সহযোগী শিল্পের ক্ষেত্রে বিভিন্ন প্রযুক্তির বিকাশ ঘটিয়েছেন ও সেইসঙ্গে সামাজিক কল্যাণে গুরুত্বপূর্ণ অবদানও রেখেছেন তিনি।

❑ কনিষ্ঠতম ও দ্রুতগামী প্যারা সুইমার হিসাবে সাঁতরে ইংলিশ চ্যানেল পার হয়ে ইতিহাস গড়লেন ১৬ বছর বয়সি জিয়া রাই। ৩৪ কিলোমিটার দূরত্ব অতিক্রম করতে তিনি সময় নিয়েছেন ১৭ ঘন্টা ২৫ মিনিট। ২৮ জুলাই যুক্তরাজ্যের অ্যাবোটস ক্লিফ থেকে যাত্রা শুরু করেন জিয়া। ২৯ জুলাই এই যাত্রা তিনি শেষ করেন ফ্রান্সের টে ডে লা কুর্তে দুনে। ইংলিশ চ্যানেল সাঁতার প্রতিযোগিতার ১৫০ বছরের ইতিহাসে অটিজম স্পেকট্রাম ডিসঅর্ডারের প্রতিবন্ধকতা নিয়ে এই মাইলফলক অর্জন করা প্রথম মেয়ে জিয়া।

❑ ২০২৫ সালে 'এশিয়া কাপ' আয়োজন করবে ভারত। অন্যদিকে, ২০২৭ সালে এই প্রতিযোগিতাটি আয়োজন করবে বাংলাদেশ। ভারতের প্রতিযোগিতাটি টোয়েন্টি-২০ ফরম্যাটে হলেও, বাংলাদেশের প্রতিযোগিতাটি ৫০ ওভারের ফরম্যাটে হবে। এদিন এই ঘোষণা করল 'এশীয় ক্রিকেট সংস্থা'। ২০২৬ সালে আবার টোয়েন্টি-২০ বিশ্বকাপ হবে। সে কথা মনে রেখেই ২০২৫ সালে টোয়েন্টি-২০ ফরম্যাটে এশিয়া কাপ আয়োজন করা হবে। অন্যদিকে, ২০২৭ সালে একদিনের বিশ্বকাপের কথা মনে রেখে এশিয়া কাপ হবে ৫০ ওভারের। দু'টি প্রতিযোগিতাতেই ভারত, বাংলাদেশ, শ্রীলঙ্কা, পাক-ই-স্তান, আফগান-ই-স্তান ও একটি যোগ্যতা অর্জনকারী দেশ খেলবে। মোট ১৩টি ম্যাচ হবে। প্রসঙ্গত উল্লেখ্য, এর আগে ১৯৯০-'৯১ সালে এশিয়া কাপ আয়োজন করেছিল ভারত।

**৩০ জুলাই :** 'এশিয়ান ক্রিকেট কাউন্সিল'এর প্রেসিডেন্ট হতে চলেছেন মহসিন নকভি।

❑ ইরানের প্রেসিডেন্ট হিসাবে শপথ নিলেন মাসুদ পেজেশকিয়ান।

❑ 'ইউনিয়ন পাব্লিক সার্ভিস কমিশন'এর চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন প্রাক্তন কেন্দ্রীয় স্বাস্থ্য সচিব প্রীতি সুদান। ১ আগস্ট থেকে দায়িত্ব নিয়েছেন তিনি।

❑ এবছর ৫৬ তম 'আন্তর্জাতিক রসায়ন অলিম্পিয়াড'এ ৪টি পদক পেল ভারত, যার মধ্যে ১টি সোনা, ২টি রুপো ও ১টি ব্রঞ্জ পদক। সৌদি আরবের রিয়াধ শহরে বসেছিল এই প্রতিযোগিতার আসর। সোনার পদক জিতেছেন মহারাষ্ট্রের জলগাঁও জেলার দেবেশ ভাইয়া। রুপোর পদক পেয়েছেন মুম্বইয়ের অবনীশ বনসাল ও হায়দরাবাদের হারসিন পশিনা। অন্যদিকে, ব্রঞ্জ পদক পেয়েছেন মুম্বইয়ের কাশ্যপ খাণ্ডেলওয়াল। ৯৪টি দেশের ৩২৭ জন শিক্ষার্থী এই অলিম্পিয়াডে অংশ নিয়েছিলেন।

❑ এবছর 'প্যারিস অলিম্পিক্স'এ শ্যুটিংয়ে ১০ মিটার এয়ার পিস্তল মিক্সড বিভাগে ব্রঞ্জ পদক পেলেন ভারতের মানু ভাকের ও সরবজ্যোত সিং। দক্ষিণ কোরিয়াকে ১৬-১০ ব্যবধানে হারিয়ে এই পদক পেলেন তাঁরা। সেইসঙ্গে, মানু ভাকের হলেন একমাত্র ভারতীয় ক্রীড়াবিদ, যিনি একই অলিম্পিকে দু'টি পদক পেলেন।

**১ আগস্ট :** মেডিক্যাল সার্ভিসেস (ভারতীয় সেনাবাহিনী)-এর প্রথম মহিলা ডিরেক্টর জেনারেল হিসাবে নিযুক্ত হলেন লেফটেন্যান্ট জেনারেল সাধনা সাক্সেনা নায়ার।

❑ 'ন্যাশনাল হাউসিং ব্যাঙ্ক'এর ম্যানেজিং ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন সঞ্জয় শুক্লা।

❑ এবছর মর্যাদাপূর্ণ 'ভি ভেঙ্কাইয়া এপিগ্রাফি পুরস্কার' পেলেন বিখ্যাত তামিল লিপিকার ও ইতিহাসবিদ ড. ভি.ভেদাচালাম। এপিগ্রাফি, মুদ্রাবিদ্যা, মন্দির শিল্প, ধর্ম ও সমাজের মতো বিভিন্ন বিষয়ে ২৫টিরও বেশি বইয়ের লেখক ও সহ-লেখক তিনি। কেন্দ্রীয় সরকারের প্রথম ভারতীয় প্রধান এপিগ্রাফিস্ট প্রয়াত ভি.ভেঙ্কাইয়া'র নামানুসারে এই পুরস্কারটির নামকরণ করা হয়েছে। 'তামিল হেরিটেজ ট্রাস্ট'এর সহায়তায়, ভি.ভেঙ্কাইয়া'র প্রপৌত্রী সুনীতা মাধবন এই বার্ষিক পুরস্কার দেন।

❑ নয়াদিল্লিতে, 'ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং স্কিম' ২.০ পোর্টাল চালু ও শিক্ষানবিশদের জন্য ১০০ কোটি টাকা স্টাইপেন্ড ঘোষণা করলেন কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান। এই টাকা ডিরেক্ট বেনিফিট ট্রান্সফার সিস্টেমের মাধ্যমে শিক্ষানবিশদের দেওয়া হবে। এই নতুন উদ্যোগটি আইটি, ম্যানুফ্যাকচারিং ও অটোমোবাইলের মতো ক্ষেত্রে তরুণদের দক্ষতা ও চাকরির সম্ভাবনা উন্নত করার জন্য সরকারের প্রচেষ্টার অংশ। শিক্ষানবিশ প্রক্রিয়া সহজ করার জন্য ন্যাটস ২.০ পোর্টালটি চালু করা হয়েছে।

❑ এবছর 'প্যারিস অলিম্পিক্স'এ এক নতুন নজির গড়লেন ভারতের প্রাক্তন আন্তর্জাতিক বক্সার কাবিলান সাই অশোক। ভারতের সর্বকনিষ্ঠ বক্সিং রেফারি হিসাবে নিযুক্ত হয়েছেন ৩২ বছর বয়সি অশোক। অলিম্পিক্সে চতুর্থ ভারতীয় হিসাবে বক্সিং ম্যাচ পরিচালনা করেছেন তিনি।



'প্যারিস অলিম্পিক্স'এ পুরুষদের ৫০ মিটার রাইফেল থ্রি পজিশনসের ফাইনালে ব্রঞ্জ পদক পেলেন ভারতীয় তারকা স্বপ্নিল কুসালে। ১৯৫২ সালে পুরুষদের ৫০ মিটার রাইফেল থ্রি পজিশনস শুরু হওয়ার পর থেকে প্রথমবার এই ইভেন্টে কোনো পদক জিতল ভারত।

**২ আগস্ট :** 'ইউনাইটেড নেশনস ইকোনমিক অ্যান্ড সোশ্যাল কাউন্সিল'এর তরফ থেকে একটি বিশেষ সম্মান পেল

☞ এরপর ৭ পাতায়

# এখনকার জনপ্রিয় পেশা — কনটেন্ট রাইটার হয়ে রোজগার করতে পারেন



**উজ্জ্বল ঘোষ :** ফিল্ম, টিভি, ওয়েব সিরিজ আর ডিজিটাল প্ল্যাটফর্মের প্রচুর চাহিদা থাকায় কনটেন্ট রাইটিং এখন এক সম্ভাবনাময় ক্ষেত্র হিসেবে উঠে এসেছে। এ এমন এক সৃজনশীল পেশা, যেখানে এই কাজ শিখে সহজেই আয় করতে পারেন। একজন ভালো কনটেন্ট রাইটার হতে হলে সৃজনশীলতা, চরিত্রায়ন, সংলাপ লেখার দক্ষতা আর প্লট তৈরির সঠিক জ্ঞান থাকতে হবে। এছাড়া স্ক্রিপ্ট লেখার পর তা বিক্রি বা প্রযোজনার জন্য সঠিক প্ল্যাটফর্ম বেছে নেওয়াও গুরুত্বপূর্ণ।

কনটেন্ট রাইটিং শিখে কীভাবে ভালো রোজগার করা যায় তা নিয়ে ১০টি উপায় দেখানো হল।

**১. স্ক্রিপ্ট লেখায় দক্ষতা :** প্রথম ও সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হল ভালো কনটেন্ট লেখার জন্য সঠিক ট্রেনিং আর দক্ষতা অর্জন করা। প্লট নির্মাণ, চরিত্রায়ন, সংলাপ আর স্ক্রিপ্টের ফর্ম্যাট সম্পর্কে সঠিক ধারণা থাকা দরকার। স্ক্রিপ্ট লেখার বিভিন্ন টেকনিক যেমন : থ্রি-অ্যাক্ট স্ট্রাকচার, ক্লাইম্যাক্স বিল্ডআপ আর চরিত্রের অভ্যন্তরীণ দ্বন্দ্ব তৈরিতে দক্ষতা অর্জন করতে হবে। বিভিন্ন অনলাইন প্ল্যাটফর্মে স্বল্প সময়ের স্ক্রিপ্ট রাইটিং কোর্স পাওয়া যায়, যা থেকে এই দক্ষতা শেখা সম্ভব।

**২. স্ক্রিপ্ট বিক্রির জন্য অনলাইন প্ল্যাটফর্ম ব্যবহার করা :** স্ক্রিপ্ট লেখার পরে তা বিক্রির জন্য বিভিন্ন অনলাইন প্ল্যাটফর্ম রয়েছে। যেমন: Fiverr, Upwork, বা Script Revolution ইত্যাদি। এইসব প্ল্যাটফর্মে রেজিস্টার করে নিজের কাজের নমুনা জমা দিয়ে ক্লায়েন্টদের নজর টানতে পারেন। এছাড়া বিভিন্ন স্ক্রিপ্ট রাইটিং প্রতিযোগিতা আর ফিল্ম ফেস্টিভ্যালেও লেখা জমা দেওয়া যায়।

**৩. ফ্রিল্যান্স স্ক্রিপ্ট রাইটার হিসেবে কাজ করা :** ফ্রিল্যান্সিং এখন খুব জনপ্রিয় এক মাধ্যম, যেখানে স্ক্রিপ্ট রাইটিং করে আয় করা সম্ভব। স্ক্রিপ্ট রাইটার হিসেবে ফ্রি-ল্যান্সার প্ল্যাটফর্মে নিজের নাম নথিভুক্ত করে বিভিন্ন প্রোডাকশন হাউজ, ইউটিউব চ্যানেল বা ডকুমেন্টারি নির্মাতার জন্য কাজ পেতে পারেন। চাইলে শর্ট ফিল্ম, মিউজিক ভিডিও বা ওয়েব সিরিজের জন্য স্ক্রিপ্ট লিখে ফ্রিল্যান্সিং শুরু করতে পারেন। এই ধরনের কাজের মাধ্যমে অভিজ্ঞতা বাড়ানো আর পোর্টফোলিও তৈরি করা সম্ভব।

**৪. ওয়েব সিরিজ ও ইউটিউবের জন্য স্ক্রিপ্ট লেখা :** ওয়েব সিরিজ আর ইউটিউবের জন্য কন্টেন্ট তৈরি করা এখন খুবই জনপ্রিয় হয়ে উঠেছে। নতুন নতুন গল্প আর চরিত্র নিয়ে ওয়েব সিরিজের জন্য স্ক্রিপ্ট লেখার অনেক সুযোগ রয়েছে। ইউটিউব কন্টেন্ট বা ছোটো গল্পের জন্য স্ক্রিপ্ট লিখে নিজের পরিচিতি বাড়ানো যায়। এই ধরনের কাজ শুরু করলে ফ্রিল্যান্সিংয়ের পাশাপাশি নিজেও ইউটিউব কন্টেন্ট নির্মাতা হতে পারেন।

**৫. টিভি আর রেডিও শো-র জন্য স্ক্রিপ্ট লেখা :** টিভি সিরিয়াল, টক শো বা রেডিও প্রোগ্রামের জন্য নিয়মিত স্ক্রিপ্টের দরকার পড়ে। টিভি বা রেডিও শো-এর জন্য স্ক্রিপ্ট লিখতে পারলে নিয়মিত আয়ের সুযোগ রয়েছে। বিশেষ করে রেডিও শো-র জন্য স্ক্রিপ্ট লেখা খুব ভালো আয়ের মাধ্যম হতে পারে, যেখানে প্রতিটি পর্বের জন্য স্ক্রিপ্টের দরকার পড়ে।

**৬. স্ক্রিপ্ট ডেভেলপমেন্ট আর পরামর্শ প্রদান :** অভিজ্ঞ স্ক্রিপ্ট রাইটারদের জন্য স্ক্রিপ্ট ডেভেলপমেন্টবা পরামর্শ দেওয়া এখন এক সম্ভাবনাময় ক্ষেত্র। নতুন লেখকদের সাহায্য করার জন্য আর তাঁদের স্ক্রিপ্ট উন্নত করার পরামর্শ দিয়ে ভালো আয় করা যায়। অনেক প্রোডাকশন হাউজ স্ক্রিপ্ট ডেভেলপার বা কনসালটেন্ট নিয়োগ করে থাকে, যাঁরা স্ক্রিপ্টের গঠন, সংলাপ ও চরিত্রায়নের ওপর পরামর্শ দেন।

**৭. প্রোডাকশন হাউজে স্ক্রিপ্ট রাইটার হিসেবে কাজ :** প্রোডাকশন হাউজে স্ক্রিপ্ট রাইটার হিসেবে স্থায়ী চাকরির সুযোগ রয়েছে। সিনেমা, টিভি শো, বিজ্ঞাপন বা ওয়েব সিরিজের জন্য স্ক্রিপ্ট লিখে মাসিক মাইনে পেতে পারেন। প্রোডাকশন হাউজে কাজ করার অভিজ্ঞতা খুবই গুরুত্বপূর্ণ, কারণ এখান থেকে আপনি বড়ো প্রোডাকশন প্রজেক্টে কাজ করার সুযোগ পেতে পারেন।

**৮. ডিজিটাল মার্কেটিং কনটেন্ট লেখা :** বিভিন্ন কোম্পানিতে এখন ডিজিটাল মার্কেটিংয়ের জন্য ক্রিয়েটিভ স্ক্রিপ্টের দরকার পড়ছে। বিজ্ঞাপন ভিডিও, সোশ্যাল মিডিয়া কন্টেন্ট আর প্রমোশনাল ভিডিওর জন্য স্ক্রিপ্ট লিখে ভালো আয় করা সম্ভব। চাইলে বিভিন্ন কোম্পানির জন্য ডিজিটাল বিজ্ঞাপন তৈরি করতে পারেন, যা এখন খুবই চাহিদাসম্পন্ন কাজ।

**৯. নিজস্ব শর্ট ফিল্ম বা ইউটিউব কন্টেন্ট তৈরি করা :** স্ক্রিপ্ট রাইটিংয়ের দক্ষতা অর্জন করার পর, আপনি নিজেই শর্ট ফিল্ম, ডকুমেন্টারি বা ইউটিউব কন্টেন্ট তৈরি করতে পারেন। নিজের লেখা আর পরিচালিত কন্টেন্ট ডিজিটাল প্ল্যাটফর্মে বের করে তা থেকে আয় করা সম্ভব। ইউটিউব চ্যানেল পরিচালনা করে ও স্পন্সরশিপ নেওয়ার মাধ্যমে টাকা রোজগার করতে পারেন।

**১০. চলচ্চিত্র উৎসবে অংশগ্রহণ ও পুরস্কার জেতা ।** বিভিন্ন ফিল্ম ফেস্টিভ্যাল আর স্ক্রিপ্ট রাইটিং প্রতিযোগিতায় অংশগ্রহণ করে স্ক্রিপ্ট বিক্রির সুযোগ পেতে পারেন। এমন অনেক ফেস্টিভ্যাল রয়েছে যেখানে বিজয়ী স্ক্রিপ্টগুলো প্রোডাকশন হাউজের নজরে পড়ে। এই ধরনের প্রতিযোগিতায় অংশগ্রহণ করলে আন্তর্জাতিক প্ল্যাটফর্মে পরিচিতি পাওয়ার সুযোগও তৈরি হয়।

**উপসংহার ।** কনটেন্ট রাইটিং এক সৃজনশীল ও আয়ের সম্ভাবনাময় পেশা। কনটেন্ট রাইটিং কোর্স করে নিজের দক্ষতা বাড়ানো, অনলাইন প্ল্যাটফর্ম ব্যবহার করে কাজের সুযোগ সৃষ্টি করা আর বড়ো বড়ো প্রজেক্টের সঙ্গে যুক্ত হওয়া সম্ভব।

# উত্তর-মধ্য রেলে ১,৬৭৯ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

৫০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশ ছেলেরা এন.সি.ভি.টি.'র অনুমোদিত আই.টি.আই. থেকে সংশ্লিষ্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে সংশ্লিষ্ট ট্রেডের জন্য আবেদন করতে পারেন। ওপরের ওইসব ট্রেডে আই.টি.আই. কোর্স পাশ না হলে আবেদন করবেন না। বয়স হতে হবে ১৫-১০-২০২৪'এর হিসাবে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। সব ট্রেডই ১ বছরের। রেলে চাকরির বেলায় অ্যাপ্রেন্টিস ট্রেনিংপ্রাপ্তদের জন্য ২০% শূন্যপদ সংরক্ষিত থাকবে।

কোন ডিভিশনে ক'টি শূন্যপদ : **প্রয়াগরাজ ডিভিশনে মেকানিক্যাল বিভাগে ৩৬৪টি।** এর মধ্যে ফিটার ৩৩৫টি (জেনাঃ ১৩৭, ও.বি.সি. ৯০, তঃজাঃ ৫০, তঃউঃজাঃ ২৫, ই.ডব্লু.এস. ৩৩)। ওয়েল্ডার (জি অ্যান্ড ই) ১৩টি (জেনাঃ ৫, ও.বি.সি. ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। কার্পেন্টার ১১টি (জেনাঃ ৪, ও.বি.সি. ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। পেইন্টার (জেনারেল) ৫টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১, তঃজাঃ ১)।

ইলেক্ট্রিক্যাল বিভাগে ৩৩৯টি— এর মধ্যে ফিটার ২৪৬টি (জেনাঃ ১০০, ও.বি.সি. ৬৬, তঃজাঃ ৩৭, তঃউঃজাঃ ১৮, ই.ডব্লু.এস. ২৫)। ওয়েল্ডার (জি অ্যান্ড ই) ৯টি (জেনাঃ ৪, ও.বি.সি. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। আর্মেচার ওয়াইন্ডার ৪৭টি (জেনাঃ ১৭, ও.বি.সি. ১৩, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৪, ই.ডব্লু.এস. ৬)। কার্পেন্টার ৫টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। ক্রেন ৮টি (জেনাঃ ৩, ও.বি.সি. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। মেশিনিস্ট ১৫টি (জেনাঃ ৭, ও.বি.সি. ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। পেইন্টার (জেনারেল) ৭টি (জেনাঃ ২, ও.বি.সি. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। ইলেক্ট্রিশিয়ান ২টি (জেনাঃ)।

**ঝাঁসি ডিভিশনে ৪৯৭টি।** এর মধ্যে ফিটার ২২৯টি (জেনাঃ ৯৩, ও.বি.সি. ৬২, তঃজাঃ ৩৪, তঃউঃজাঃ ১৭, ই.ডব্লু.এস. ২৩)। ইলেক্ট্রিশিয়ান ১২৩টি (জেনাঃ ৫১, ও.বি.সি. ৩৩, তঃজাঃ ১৮, তঃউঃজাঃ ৯, ই.ডব্লু.এস. ১২)। মেকানিক (ডিজেল) ৫৮টি (জেনাঃ ২৩, ও.বি.সি. ১৬, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৪, ই.ডব্লু.এস. ৬)। পেইন্টার ৪টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। ব্ল্যাকস্মিথ ৪টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। ওয়েল্ডার (জি অ্যান্ড ই) ১৪টি (জেনাঃ ৬, ও.বি.সি. ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। কার্পেন্টার ৭টি (জেনাঃ ২, ও.বি.সি. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। টার্নার ৩টি (জেনাঃ ২, ও.বি.সি. ১)। মেশিনিস্ট ৪টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ৫১টি (জেনাঃ ২০, ও.বি.সি. ১৪, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ৪, ই.ডব্লু.এস. ৫)।

**ঝাঁসি ওয়ার্কশপে ১৮৩টি।** এর মধ্যে ফিটার ৯৩টি (জেনাঃ ৩৫, ও.বি.সি. ২৬, তঃজাঃ ১৪, তঃউঃজাঃ ৭, ই.ডব্লু.এস. ৯)। ওয়েল্ডার ৪৫টি (জেনাঃ ১৬, ও.বি.সি. ১২, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৩, ই.ডব্লু.এস. ৬)। মেশিনিস্ট ১৫টি (জেনাঃ ৬, ও.বি.সি. ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ২)। পেইন্টার ১৩টি (জেনাঃ ৫, ও.বি.সি. ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। ইলেক্ট্রিশিয়ান ১৬টি (জেনাঃ ৭, ও.বি.সি. ৪, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ২)। স্টেনোগ্রাফার (হিন্দি) ১টি (জেনাঃ)।

**আগ্রা ডিভিশনে ২৯৬টি।** এর মধ্যে ফিটার ৮০টি (জেনাঃ ৩৬, ও.বি.সি. ২২, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ৬, ই.ডব্লু.এস. ৪)। ইলেক্ট্রিশিয়ান ১২৫টি (জেনাঃ ৫৭, ও.বি.সি. ৩৪, তঃজাঃ ১৯, তঃউঃজাঃ ৯, ই.ডব্লু.এস. ৬)। ওয়েল্ডার ১৫টি (জেনাঃ ৭, ও.বি.সি. ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। মেশিনিস্ট ৫টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। কার্পেন্টার ৫টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। পেইন্টার ৫টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেন্টেন্যান্স ৮টি (জেনাঃ ৪, ও.বি.সি. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। প্লাম্বার ৫টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। ড্রাফটসম্যান (সিভিল) ৫টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। স্টেনোগ্রাফার (ইংলিশ) ৪টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। মেকানিক কাম অপারেটর ইলেক্ট্রনিক্স কমিউনিকেশন ১৫টি (জেনাঃ ৭, ও.বি.সি. ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। হেলথ স্যানিটারি ইন্সপেক্টর ৬টি (জেনাঃ ৩, ও.বি.সি. ২, তঃজাঃ ১)। মাল্টিমিডিয়া অ্যান্ড ওয়েব/পেজ ডিজাইনার ৫টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। এই পদের বিজ্ঞপ্তি নং : RRC/NCR/Act. Apprentice 01/2024 Dated 14.09.2024.

১৯৬১ সালের অ্যাপ্রেন্টিস আইন ও ১৯৬২ সালের অ্যাপ্রেন্টিস নিয়মানুযায়ী ট্রেনিং। তখন স্টাইপেন্ড পাবেন। হস্টেল নেই। ট্রেনিং শেষে চাকরি পাওয়ার সম্ভাবনা থাকলেও কোনো বাধ্যবাধকতা নেই।

মাধ্যমিকে পাওয়া নম্বর দেখে ও আই.টি.আই. কোর্স পাশের সার্টিফিকেট ও অন্যান্য প্রমাণপত্র দেখে প্রাথমিকভাবে বাছাই প্রার্থীদের শারীরিক সক্ষমতার পরীক্ষার জন্য ডাকা হবে। কোনো লিখিত পরীক্ষা বা, ইন্টারভিউ হবে না। উচ্চ শিক্ষাগত যোগ্যতা থাকলে বাড়তি কোনো সুযোগ পাবেন না। মোট শূন্যপদের ১.৫ গুণ প্রার্থীকে ডাকা হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৫ অক্টোবর পর্যন্ত। এইওয়েবসাইটে : www.rrcpryj.org এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এজন্য নিচের এইসব প্রমাণপত্র স্ক্যান করে নেবেন : (ক) পাশপোর্ট মাপের রঙিন ফটো ও সিগনেচার, (খ) ক্লাস এইট বা, মাধ্যমিক পাশের মার্কশীট, (গ) বয়সের প্রমাণপত্র, (ঘ) আই.টি.আই. পাশের সার্টিফিকেট, (ঙ) কাস্ট সার্টিফিকেট, (চ) প্রতিবন্ধী সার্টিফিকেট। ওপরের সব প্রমাণপত্র জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন। তপশিলী, প্রতিবন্ধী ও মহিলাদের ফী লাগবে না। এরপর স্ক্যান করা প্রমাণপত্র আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। যে ফটো স্ক্যান করবেন সেই ফটোর ১০ কপি নিজের কাছে রেখে দেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

# উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েদের জন্য রাজ্য সরকারের ২,২৫৮টি নতুন হেল্‌থ সেন্টারে প্যারামেডিক্যাল কাজ শিখিয়ে কাজের সুযোগ

**নিজস্ব সংবাদদাতা, হাওড়া :** রাজ্য সরকার, স্বাস্থ্যসেবাকে সাধারণ মানুষের কাছে পৌঁছে দিতে ও তা সাধারণ মানুষের আয়ত্তের মধ্যে আনার জন্য ক্রমাগত বিভিন্ন পদক্ষেপ নিচ্ছে। তাই গ্রামে ও শহরে প্রচুর সংখ্যক 'সু-স্বাস্থ্য কেন্দ্র' করা হচ্ছে। সাধারণ মানুষের কাছে প্রাথমিক চিকিৎসা পৌঁছে দেওয়ার লক্ষ্যে 2024-25 WB Govt Budget-এ মোট ৪,৪৬১টি নতুন কেন্দ্র তৈরি করা হবে, যার মধ্যে ২,২০৩টি ইতিমধ্যেই পরিষেবা দিচ্ছে আর বাকিগুলিও ২০২৫-২৬ সালের মধ্যে পরিষেবা দেওয়ার জন্য প্রস্তুতি নিচ্ছে। প্রত্যেকের কাছে সুলভে ও সঠিক মানের চিকিৎসা পৌঁছে দেওয়ার জন্য রাজ্য সরকারের 'স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর' এর অধীনে বর্তমানে (২০২৩ সাল থেকে) প্রায় ১৬,৭৪১ ডাক্তার, ৫৬,৮৯৮ নার্স, ৮,৩০৩ প্যারামেডিকেল কর্মী ও প্রায় ৮৯৮ জন আশাকর্মী রয়েছেন। সম্প্রতি স্বাস্থ্য পরিষেবা নিয়ে এক গবেষণা থেকে জানা যাচ্ছে যে, আগামী দিনে প্রত্যেককে সঠিক স্বাস্থ্য পরিষেবা দিতে, প্রচুর প্যারামেডিকেল কর্মীর প্রয়োজন। প্রসঙ্গত উল্লেখ্য, কাজের গুরুত্বের দিক থেকে চিকিৎসকের পরেই থাকেন প্যারামেডিকেল কর্মীরা — যাঁরা যেকোনো পরিস্থিতিতে পরিষেবা দেন। প্যারামেডিকেল সংক্রান্ত যেকোনো বিষয়ের ওপর কোর্স করার পরই হাসপাতাল, নার্সিংহোম, ক্লিনিক, ডায়াগনস্টিক সেন্টার, স্বাস্থ্যবিভাগ, এমনকি শিক্ষা প্রতিষ্ঠানেও সরাসরি নিয়োগ করা হবে। এছাড়াও বেসরকারি প্যাথলজিক্যাল ক্লিনিক বা ল্যাবরেটরি খোলারও সুযোগ থাকবে।

**মাসে ন্যূনতম ১৫,০০০-২০,০০০ টাকা আয়ের সুযোগ**

ক্রমবর্ধমান এই ইন্ডাস্ট্রিতে, আকর্ষণীয় স্যালারি পেতে হলে বেছে নিতে হবে সেরা কলেজ। সেইদিক থেকে রাজ্যের প্রথম সারির কলেজের মধ্যে অন্যতম হল 'মহারাজা অগ্রসেন মাইন্ডমাইন কলেজ অফ স্কিল এডুকেশন' যা আবার পূর্ব ভারতের সর্ববৃহৎ প্যারামেডিক্যাল শিক্ষা প্রতিষ্ঠান। যেখানে ইন্ডাস্ট্রির সেরা ফ্যাকাল্টিদের দিয়ে মডার্ন প্যারামেডিক্যাল ইকুইপমেন্ট সহযোগে ল্যাব করিয়ে প্রত্যেক বছর দেশের প্রথম সারির হাসপাতাল, নার্সিংহোম, ক্লিনিক ও অন্যান্য প্যারামেডিক্যাল সেট আপে কোয়ালিটি প্লেসমেন্ট দেওয়া হয়। শুধুমাত্র একটি নির্দিষ্ট বিভাগ নয়, এখানে রয়েছে প্যারামেডিকেল



সম্পর্কিত বিভিন্ন বিভাগ, যেমন- মেডিকেল ল্যাব টেকনোলজি, ওটি ও ডায়ালিসিস টেকনোলজি, এক্সরে ও রেডিওলজি, অপটোমেট্রি, ফিজিওথেরাপি সহ আরো বেশ কিছু কোর্স, যাতে কোর্স করে বেরোলেই সবসময় চাকরি পাওয়া যাবে। প্রতিটি বিভাগেই থাকছে ডিগ্রি ও ডিপ্লোমা করার সুযোগ। এছাড়াও রয়েছে ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড ট্রেনিং, স্টাইপেন্ড ও সুনিশ্চিত প্লেসমেন্ট। প্রতিটি ছেলেমেয়ে, যারা হেলথ ইন্ডাস্ট্রিতে নিজেদের ভবিষ্যৎ গড়ে তুলতে চায় ও সেইসঙ্গে কোর্স ফি'র জন্য তাদের পড়াশোনা যাতে কোনোভাবেই বাধা না পায়, সেইকারণে রাজ্যের একটি NGO রয়েছে যারা এদেরকে, নির্দিষ্ট কিছু শর্তের ভিত্তিতে মোট কোর্স ফি'র ১,০০,০০০ টাকা পর্যন্ত অনুদানের (স্কলারশিপ) সহায়তা দেবে।

সুতরাং আর দেরি না করে এখনই যোগাযোগ করুন এই নম্বরে যাতে এখন থেকেই চাকরি পেয়ে নিজের ভবিষ্যৎ সুনিশ্চিত করতে পারেন :

(ক) ৭৫৯৫০৭৭৬৫৯ / ৬২৮৯০৮৬১১৬ (মহারাজা অগ্রসেন মাইন্ডমাইন কলেজ অফ স্কিল এডুকেশন, হাওড়া-বাগনান)।

(খ) ৭৫৯৫০৭৭৬৫৭ / ৭৬০৫০৫৭১৩৯ (কলকাতা-মৌলালী), (গ) ৭৫৯৫০৭৭৬৫৬, ৭৬০৫০৫৭১৩৮ (জোকা- দক্ষিণ ২৪ পরগনা)।

ব্যবসা

# নামমাত্র পুঁজিতে ড্রপ শিপিং ব্যবসা

১ পাতার পর


সুকৃৎ বসু

সব কিছুর যত্ন নেন।

ড্রপ শিপিং এখন দুর্দান্ত এক বিকল্প। কারণ এটিতে প্রচলিত খুচরা ব্যবসার মডেলের মতো বেশি বিনিয়োগের দরকার হয় না। স্টোর আর ওভারহেডের জন্য ভাড়া দিতে আর মজুত পণ্যর জন্য গুদামের ব্যবস্থা করার দরকার নেই। শুধু দরকার অনলাইন স্টোর খোলার আর সরবরাহকারীদের সঙ্গে টাইআপ করা, যাঁরা আপনার কাছে পণ্য বিক্রি করতে চান।

ড্রপ শিপিং, এক ই-কমার্স ব্যবসায়িক মডেল। এখানে বিক্রেতা পণ্য তালিকা রাখেন না। কিন্তু ক্রেতা আর তৃতীয় পক্ষের সরবরাহকারীদের মধ্যে মধ্যস্থতাকারী হিসাবে কাজ করেন। এই মডেলটি অনলাইন সামগ্রী আর সোশ্যাল মিডিয়ার বৃদ্ধির সঙ্গে সম্ভব হয়েছে, যা বিক্রেতাকে সম্ভাব্য ক্রেতাদের কাছে পৌঁছোতে আর অনলাইনে শারীরিক পণ্য প্রচার করতে দেয়। এই মডেলের ক্রমবর্ধমান জনপ্রিয়তা শপিফাইয়ের মতো ই-কমার্স প্ল্যাটফর্মের উত্থান ঘটায়। তাই ড্রপশিপিং ব্যবসা চালু করা সহজ।

ড্রপ শিপিং হল যখন একজন বিক্রেতা তৃতীয় পক্ষের কাছ থেকে অর্ডার তাদের পণ্য সরাসরি গ্রাহকের কাছে পাঠায়। অন্য কথায়, বিক্রেতা সরবরাহকারীর কাছে বিক্রির অর্ডার পাঠান, যিনি তারপর অর্ডার পূরণ করেন।

**এই ব্যবসা থেকে কত টাকা আয় করা যায়**

**লাভ মার্জিন :** ড্রপ শিপিং ব্যবসা সাধারণত ১৫% থেকে ২০% পর্যন্ত লাভের মার্জিন থাকে। বাজারের বৃদ্ধি : ২০২০ থেকে ২০২৬ সালের মধ্যে ২৪.৩৯% বার্ষিক বৃদ্ধির হারের সঙ্গে ড্রপ শিপিং বাজার দ্রুত বাড়ছে।

**Shopify ড্রপ শিপিং কী**

Shopify ড্রপ শিপিং হল এক ব্যবসায়িক মডেল, যা আসলে কোনো ইনভেন্টরি না রেখেই আপনার অনলাইন স্টোরে পণ্য বিক্রি করে। একজন শপ্‌ড্রপার হিসাবে, একজন গ্রাহক আপনার স্টোর ফ্রন্টে অর্ডার করার পর আপনি সরাসরি সরবরাহকারীদের কাছ থেকে পণ্য কিনবেন।

**ড্রপ শিপিং ব্যবসা করতে কী কী লাগে**

ড্রপ শিপিং ব্যবসা শুরু করতে প্রাথমিকভাবে লাগে : (১) একটি ই-কমার্স ওয়েবসাইট, (২) নিশ সিলেক্ট করা, (৩) সাপ্লায়ার, (৪) মার্কেটিং করার দক্ষতা, (৫) কাস্টমার কমিউনিকেশনে পারফেকশান

**ড্রপ শিপিংয়ে কেন শিপিং গুরুত্বপূর্ণ**

ড্রপ শিপিংয়ে শিপিং এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। কারণ এটি সরাসরি গ্রাহকের সন্তুষ্টিকে প্রভাবিত করে। ইতিবাচক গ্রাহক অভিজ্ঞতার জন্য সময়মতো ডেলিভারি, প্রতিযোগিতামূলক হার আর স্বচ্ছ ট্র্যাকিং অপরিহার্য।

**ড্রপ শিপিংয়ের সুবিধা কী কী**

(১) কম পুঁজি লাগে : ড্রপশিপিংয়ের এটি সম্ভবত বৃহত্তম সুবিধা। কোনো ফিজিক্যাল স্টোর আর ইনভেন্টরিতে বিনিয়োগ ছাড়াই চালু করা সম্ভব অনলাইন দোকান। তাই ঝুঁকিও কম।

(২) ব্যবসায়িক মডেলটি পরীক্ষা করা সহজ : অতিরিক্ত পণ্য যেমন ফ্যাশন আনুষঙ্গিক বা একটি অনন্য আইটেম যুক্ত করে গ্রাহকের পছন্দ আর অপছন্দ পরীক্ষা করতে পারেন।

(৩) শুরু সহজ : অনলাইন ড্রপশিপিং ব্যবসা চালানো তুলনামূলকভাবে সহজ কারণ বাস্তবের পণ্য সরাসরি ডিল করার দরকার নেই।

এড়াতে পারেন এইসব : (১) গুদাম পরিচালনা করা, (২) গুদামে রাখার জন্য টাকা ঢালা, (৩) ইনভেন্টরি ট্র্যাকিং আর ইনভেন্টরি স্তর পরিচালনা করা, (৪) প্যাকেজিং আর শিপিং পণ্য, (৫) হ্যান্ডলিং রিটার্ন।

(৪) কম ওভারহেড খরচ : ওভারহেড ব্যয় কম হওয়ায় ইনভেন্টরি কেনা আর গুদাম পরিচালনা করতে বিনিয়োগ করার দরকার নেই।

(৫) নমনীয় : কেবলমাত্র ১টি ল্যাপটপ আর সক্রিয় ইন্টারনেট সংযোগ দিয়ে আপনার বাড়ি বা অন্য যেকোনো জায়গা থেকে ড্রপশিপিং ব্যবসা চালানো সম্ভব। কেবলমাত্র আপনার সরবরাহকারী আর গ্রাহকদের সঙ্গে যোগাযোগ করতে হবে আর স্বাচ্ছন্দ্যে ব্যবসা পরিচালনা করতে পারবেন।

(৬) পণ্যের বিস্তৃত পরিসর : আপনি আপনার গ্রাহকদের কাছে বিস্তৃত পণ্য সরবরাহ করতে পারেন।

**ড্রপ শিপিংয়ের অসুবিধা**

(১) শিপিং জটিলতা — অর্ডার ট্র্যাক রাখা কঠিন, (২) ইনভেন্টরি ইস্যু — হতে পারে মাঝে মধ্যে, (৩) কম মার্জিন থাকে, (৪) সরবরাহকারীর ত্রুটি থাকতে পারে।

**শুরু করার পদক্ষেপ**

(১) প্রথমে বাজার নিয়ে অনুসন্ধান চালান।
(২) নির্ভরযোগ্য সরবরাহকারী খুঁজুন।
(৩) অনলাইন স্টোর সেট আপ করুন।
(৪) কার্যকরী বিপণন কৌশল ঠিক করুন।
(৫) অর্ডার আর গ্রাহক পরিষেবা পরিচালনা করুন।
(৬) বিশ্লেষণ আর অপ্টিমাইজ করুন।
(৭) আপনার ব্যবসা স্কেল করুন।

**কোনো বিনিয়োগ নেই**

এই ব্যবসায় বিনিয়োগের কোনো দরকার নেই। এখানে আপনি একজন রিসেলার হিসাবে কাজ করেন। তাই নিজের কাছে কোনো প্রোডাক্ট থাকার বা স্টক করার দরকার নেই। যখনই আপনার সাইটে বা আপনার কাছে কোনো প্রোডাক্টের অর্ডার আসবে তখনই আপনি তা আপনার সাপ্লায়ারকে জানাবেন। তাঁরা নিজেরাই আপনার কোম্পানির নাম আর লোগো শো করিয়ে প্রোডাক্ট প্যাকেজিং করার পর ক্রেতার কাছে পাঠিয়ে দেবে। এজন্য কোনো বিনিয়োগ করতে হবে না। তবে একটি অনলাইন দোকান বা ওয়েবসাইট তৈরি করার জন্য কিছু টাকা খরচ হবে।

**কোনো ঘর/জায়গা লাগে না**

ড্রপ শিপিংয়ে কোনো প্রোডাক্ট স্টক করতে হয় না। ফলে এই ব্যবসায় কোনো ঘর/জায়গা লাগবে না।

**উপসংহার**

ড্রপশিপিং আধুনিক লাভজনক ব্যবসা সন্দেহ নেই। এতে বেশি পুঁজি নেই। ঘর বা জায়গাও লাগে না। লাভের মার্জিন ১৫% থেকে ২০%। তবে কঠোর পরিশ্রম দরকার।

---

কোন ধরনের চাকরির পরীক্ষায় কীভাবে তৈরি হবেন, কোন বিষয়ে কী কী বই

## চাকরির পরীক্ষায় সাফল্যের প্রস্তুতি

পড়বেন, উত্তর কী মানের দেওয়া উচিত ও প্রস্তুতির সময় কোন-কোন দিকে নজর দিতে হবে, সে বিষয়ে প্রতি সংখ্যায় ধারাবাহিকভাবে সাফল্যের টিপস দিচ্ছেন নানান পরীক্ষার কৃতীরা।

# রাজ্য সরকারের গ্রুপ সি পদে কীভাবে চাকরি পেলাম


সৌমেন দাস

উত্তর ২৪ পরগনার দত্তপুকুরের ছেলে আমি। বাবা কৃষিকাজে জড়িত। ছোটো থেকে আমার বেড়ে ওঠা, লেখাপড়া আর জীবনের সব উন্নতিতে আমার মা আর বাবার ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। ২০০৬ সালে দত্তপুকুর নিবাধুই হাই স্কুল থেকে মাধ্যমিক পাশ করি আর ২০০৮ সালে ওই স্কুল থেকেই উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পাশ করি। এরপর অঙ্কে অনার্স নিয়ে বারাসাত গভর্নমেন্ট কলেজে ভরতি হই। ২০১১ সালে ডিগ্রি কোর্স পাশ করি। তারপর থেকে চাকরির পরীক্ষার প্রস্তুতি নিতে শুরু করি। নিয়মিত কর্মসংস্থান পত্রিকা পড়তাম আর আমার যোগ্যতা অনুযায়ী যেসব পরীক্ষায় বসার যোগ্য ছিলাম সেইসব পরীক্ষার জন্য দরখাস্ত করতাম। প্রথম কয়েক বছরে তেমন কোনো পরীক্ষায় পাশ করতে না পারলেও হাল ছাড়িনি। ২০১৩-১৪ সাল থেকে বিভিন্ন পরীক্ষায় সাফল্য পেতে শুরু করি। ধীরে ধীরে আমার আত্মবিশ্বাস বাড়তে থাকে। তবে এমন অনেক পরীক্ষা দিয়েছিলাম, যার প্রিলিমিনারি পরীক্ষায় পাশ করি, কিন্তু মেইন পরীক্ষায় সাফল্য পাইনি। ২০১৪-১৫ সালের পর থেকে ডব্লু.বি.সি.এস. প্রিলিমিনারি পরীক্ষা, স্টাফ সিলেকশন কমিশনের কম্বাইন্ড গ্রাজুয়েট লেভেলের প্রিলিমিনারি পরীক্ষা, ব্যাঙ্কের ক্লার্ক পরীক্ষা আর ব্যাঙ্কের প্রবেশনারি অফিসার পদের প্রিলিমিনারি পরীক্ষায় পাশ করি। কিন্তু ওইসব পরীক্ষায় পাশ করা সত্ত্বেও মেইন পরীক্ষায় সেভাবে সফল হতে পারিনি। তখন আরো কঠোর পরিশ্রম করতে শুরু করি। আর ঠিক তার কয়েক বছরের মধ্যে ইন্দো-তিব্বত সীমান্ত পুলিশের রেডিও অপারেটরের পদে পাশ করি। কিন্তু বাড়ি থেকে দূরে থাকতে হবে বলে বাড়ির লোক আপত্তি করায়, ওই পদে যোগ দিতে পারিনি। ২০১৯ সালে রেলের গ্রুপ ডি পরীক্ষায় পাশ করি। কিন্তু ওই পরীক্ষার শারীরিক সক্ষমতার পরীক্ষায় ব্যর্থ হই। এছাড়াও ওই সময় পিএসসির মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষায় সাফল্য পেয়েছিলাম। এখন আমি রাজ্য সরকারের গ্রুপ সি-র লোয়ার ডিভিশন ক্লার্ক/লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট পদে চাকরি করছি। ২০১৯ সালের ১০ ডিসেম্বর এই চাকরিতে জয়েন্ট করি। রাজ্য সরকারের সেচ ও জলপথ বিভাগে পোস্টিং হয়। এই পরীক্ষায় প্রথমে ছিল প্রিলিমিনারি পরীক্ষা। তাতে সফল হওয়ার পর হয় মেইন পরীক্ষা। তারপর টাইপিং টেস্ট ছিল। প্রিলিমিনারি পরীক্ষার ফল বেরোনোর পরে মোটামুটি ৪-৬ মাস সময় পাওয়া যায় মেইন্স পরীক্ষার প্রস্তুতির জন্য। মেইন্স পরীক্ষায় প্রশ্ন থাকে ডেসক্রিপটিভ। এই পরীক্ষা পরিচালনা করে পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন। প্রিলিমিনারি পরীক্ষায় ১০০ নম্বরের অবজেক্টিভ টাইপের প্রশ্ন থাকে। এই পরীক্ষায় ইংরেজি, জেনারেল স্টাডিজ আর অ্যারিথমেটিক বিষয়ের প্রশ্ন থাকে। এরপর পার্ট টু অর্থাৎ মেইন পরীক্ষায় ডেসক্রিপ্টিভ টাইপের লিখিত পরীক্ষা হয়। এখানে ইংরিজি আর তার সঙ্গে বাংলা / হিন্দি / উর্দু / নেপালি/ সাঁওতাড় বিষয়ে জ্ঞানের পরীক্ষা করা হয়। এটিও মোট ১০০ নম্বরের পরীক্ষা। এরপর টাইপিং টেস্ট থাকে। এই পরীক্ষার ক্ষেত্রে টাইপিং টেস্ট দেওয়া বাধ্যতামূলক। এখানে প্রার্থীদের প্রাথমিক কম্পিউটারের জ্ঞানের পরীক্ষা হয়। আর যেসব প্রার্থী ইংরিজিতে টাইপিং টেস্ট দেন, তাঁদের মিনিটে ২০টি শব্দ টাইপিং করার দক্ষতা দেখা হয়। আর যাঁরা বাংলায় টাইপিং টেস্ট দেন, তাঁদের মিনিটে ১০টি শব্দ টাইপিং করার দক্ষতা দেখা হয়। এরপর সব পরীক্ষায় পাশ করলে ফাইনাল মেরিট লিস্টে যাদের নাম আসে, তাঁদের মেডিকেল বোর্ড দ্বারা চূড়ান্তভাবে পরীক্ষা-নিরীক্ষার পর তালিকাভুক্ত করা হয়। এই মেডিকেল টেস্ট সবার জন্য বাধ্যতামূলক। প্রার্থী মানসিক আর শারীরিকভাবে ফিট কিনা দেখা হয়।

যেকোনো পরীক্ষায় সাফল্যের জন্য টেক্সট বই খুব খুঁটিয়ে পড়তে হবে। আর অবশ্যই বাড়িতে মহড়া পরীক্ষা দিয়ে নিজেকে তৈরি করতে হবে। সেইসঙ্গে পুরনো প্রশ্নপত্র দেখে তার সমাধান করতে হবে। দেখতে হবে কোন কোন বিষয়ে থেকে বেশি প্রশ্ন এসেছে আর এইসঙ্গে খুব গুরুত্বপূর্ণ সাম্প্রতিক ঘটনাবলী বা কারেন্ট অ্যাফেয়ার্স বিষয়ে নজর দেওয়া। এ ব্যাপারে সবসময় আপডেটেড থাকতে হবে। কারেন্ট অ্যাফেয়ার্সের ক্ষেত্রে আমি নিজে কর্মসংস্থান পত্রিকা পড়ে খুব উপকার পেয়েছি।

---

## বিমা সংস্থায় ৩২৫

৩ পাতার পর

মণিপুর ২টি, মেঘালয় ২টি, মিজোরাম ১টি, নাগাল্যান্ড ৩টি, ওড়িশা ৭টি, পুদুচেরী ২টি, পঞ্জাব ১২টি, রাজস্থান -১২টি, সিকিম ২টি, তামিলনাড়ু ২৪টি, তেলেঙ্গানা ১০, উত্তর প্রদেশ ২২টি, উত্তরাখণ্ড ৫টি।

প্রার্থী বাছাই হবে অনলাইন লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে ১২ অক্টোবর থেকে ১৪ অক্টোবর। এই পরীক্ষায় অবজেক্টিভ টাইপের প্রশ্ন থাকবে এইসব বিষয়ে : (১) জেনারেল ইংলিশ - ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, (২) টেস্ট অফ কোয়ান্টিটেটিভ অ্যান্ড রিজনিং অ্যাপ্টিটিউড - ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, (৩) জেনারেল / ফিনান্সিয়াল অ্যাওয়ারনেস - ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, (৪) কম্পিউটার নলেজ - ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন। সময় থাকবে ১ ঘন্টা। সফল হলে কম্পিউটার দক্ষতার পরীক্ষা ও ইন্টারভিউ। পরীক্ষা হবে এইসব কেন্দ্রে : কলকাতা, সিকিম, ঝাড়খণ্ড, বিহার, ত্রিপুরা, ওড়িশা। কল লেটার ডাউনলোড করতে পারবেন পরীক্ষার ১০ দিন আগে। দরখাস্ত করবেন অনলাইনে, ৫ অক্টোবর পর্যন্ত। এই ওয়েবসাইটে : https://nats.education.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। এবার পরীক্ষা ফী বাবদ ৯৪৪ (মহিলা, তপশিলী হলে ৭০৮, প্রতিবন্ধী হলে ৪৭২) টাকা অনলাইনে দিতে হবে। টাকা দেবেন ইন্টারনেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, মোবাইল ওয়ালেটে। সবশেষে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে ও সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

## ৭০ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

অ্যাপ্রেন্টিস' হিসাবে ৭০ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**ট্রেড অ্যাপ্রেন্টিস :** মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ফিটার, ইলেক্ট্রিশিয়ান, ইলেক্ট্রনিক্স মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা সংশ্লিষ্ট ট্রেডের জন্য আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৪ বছরের মধ্যে। স্টাইপেন্ড মাসে ৮,০৫০ টাকা। শূন্যপদ : ফিটারে ২৫টি, ইলেক্ট্রিশিয়ানে ১৬টি, ইলেক্ট্রনিক্স মেকানিকে ৯টি।

**ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস :** মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। স্টাইপেন্ড মাসে ৮,০০০ টাকা। শূন্যপদ : মেকানিক্যাল ৫টি, ইলেক্ট্রিক্যালে ৩টি, ইলেক্ট্রনিক্সে ২টি।

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস :** সিভিল, ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল ট্রেডের ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৬ বছরের মধ্যে। স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা। শূন্যপদ : সিভিল ২টি, ইলেক্ট্রিক্যাল ৩টি, মেকানিক্যাল ৫টি।

ওপরের সব পদের বেলায় বয়স গুণতে হবে ৩-১০-২০২৪' র হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৩৭ সেমি আর ওজন অন্তত ২৫.৪ কেজি। বুকের ছাতি ৩.৮ সেমি প্রসারণক্ষম থাকতে হবে। ১ বছরের ট্রেনিং। প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে। এই পদের বিজ্ঞপ্তি নং : NAPS/HRM/Apprentice/02/2024. দরখাস্ত করবেন অনলাইনে, ৩ অক্টোবরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.apprenticeshipindia.gov.in, www.nats.education.goy.in, www.npcilcareers.co.in

৪ পাতার পর

ভারতের 'কলিঙ্গ ইনস্টিটিউট অফ ইন্ডাস্ট্রিয়াল টেকনোলজি' ('ডিমড টু বি ইউনিভার্সিটি', অর্থাৎ, বিশ্ববিদ্যালয় বলে মনে করা হয়)। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই সম্মান পেল তারা। বিশ্ব জুড়ে ৪৭৬টি আবেদনের মধ্যে কেআইআইটি-সহ শুধুমাত্র ১৯টি সংস্থা এই সম্মানের জন্য নির্বাচিত হয়েছিল। আন্তর্জাতিক শিক্ষা ও উন্নয়ন প্রকল্পগুলিতে কেআইআইটি'র খ্যাতি ও বিশ্বাসযোগ্যতা বাড়িয়ে তুলবে এই সম্মান। নিউইয়র্কে, রাষ্ট্রসঙ্ঘের সদরদফতরে এই সম্মান দেওয়া হয়।

**৩ আগস্ট :** 'গুগল'এর মূল সংস্থা 'অ্যালফাবেট'এর সিইও সুন্দর পিচাই'কে 'ডক্টর অফ সায়েন্স' (অনারিস কাউসা) ডিগ্রি দিল আইআইটি খড়গপুর। এই শিক্ষাপ্রতিষ্ঠানের প্রাক্তনী তিনি। এছাড়াও, সান ফ্রান্সিসকোয় এই অনুষ্ঠানে সুন্দর পিচাইয়ের স্ত্রী অঞ্জলি পিচাইকেও 'ডিস্টিংগুইশড অ্যালামনি পুরস্কার' দেওয়া হয়েছে। ডিজিটাল রূপান্তর, সাশ্রয়ী প্রযুক্তির ওপর নানা আবিষ্কার করে চলেছেন সুন্দর পিচাই। তাঁর স্ত্রী অঞ্জলি পিচাই'ও একাধিক বহুজাতিক সংস্থায় বাণিজ্য বিশেষজ্ঞ ও সফটওয়্যার প্রযুক্তি নিয়ে কাজ করছেন। তাঁদের এই কর্মকাণ্ডকে সম্মান জানিয়ে এই পুরস্কার দেওয়া হয়েছে।

**৪ আগস্ট :** 'আন্তর্জাতিক মহাকাশ স্টেশন'এ 'অ্যাক্সিওম-৪' নামে এক বিশেষ অভিযানে দুই ভারতীয় মহাকাশচারীকে বেছে নেওয়া হল। এঁরা হলেন গ্রুপ ক্যাপ্টেন শুভাংশু শুক্লা ও প্রশান্ত বালাকৃষ্ণণ নায়ার। এই অভিযানের জন্য প্রশিক্ষণ নিচ্ছেন তাঁরা। 'স্পেসএক্স'এর ফ্যালকন-৯ রকেট ও ড্রাগন মহাকাশযানের মাধ্যমে আন্তর্জাতিক মহাকাশ স্টেশনে পাড়ি দেবেন তাঁরা। এটি ফ্লোরিডা থেকে উৎক্ষেপণ করা হবে। ভারতীয় বিমান বাহিনীর একজন উইং কম্যান্ডার শুভাংশু শুক্লা। অন্যদিকে, প্রশান্ত বালাকৃষ্ণণ নায়ারকে 'ব্যাকআপ' হিসাবে রাখা হয়েছে। 'নাসা' ও 'ইসরো'র সঙ্গে মহাকাশ উড়ান চুক্তি করেছে 'হিউম্যান স্পেস ফ্লাইট সেন্টার'। সেই চুক্তির আওতায় আন্তর্জাতিক স্পেস স্টেশনে পৌঁছাবে অ্যাক্সিওম-৪ মহাকাশযান। অ্যাক্সিওম-৪ হল আন্তর্জাতিক স্পেস স্টেশনের উদ্দেশ্যে চতুর্থ বেসরকারি অভিযান।

**৫ আগস্ট :** সংরক্ষণ বিরোধী আন্দোলন সহিংস রূপ নেওয়ায়, বাংলাদেশের প্রধানমন্ত্রীর পদ থেকে ইস্তফা দিলেন শেখ হাসিনা।

❑ পঞ্চম টেনিস খেলোয়াড় হিসাবে 'গোল্ডেন স্ল্যাম' জিতলেন সার্বিয়ান টেনিস তারকা নোভাক জকোভিচ। ৪ আগস্ট, 'প্যারিস অলিম্পিক্স'এ টেনিসে পুরুষদের সিঙ্গলসে স্পেনের কার্লোস আলকারাজ'কে ৭-৬ (৩) ও ৭-৬ (২) ব্যবধানে হারিয়ে, সোনার পদক জিতে এই ইতিহাস গড়লেন তিনি। এর আগে, 'অস্ট্রেলিয়ান ওপন', 'ফরাসি ওপন', 'উইম্বলডন' ও 'ইউএস ওপন'এ সিঙ্গলস খেতাব জয়ের পর, এদিন অলিম্পিক্সে সোনার পদক পেলেন তিনি। এর ফলে রাফায়েল নাদাল, সেরেনা উইলিয়ামস, আন্দ্রে আগাসি ও স্টেফি গ্রাফের সঙ্গে এক এলিট ক্লাবে যোগ দিলেন জকোভিচ, যাঁরা ৪টি গ্র্যান্ড স্লামের সিঙ্গলস শিরোপা ও ১টি অলিম্পিক স্বর্ণ পদক জিতেছেন।

**৬ আগস্ট :** ডেমোক্রেটিক পার্টির প্রেসিডেন্ট পদপ্রার্থী হিসাবে মনোনয়ন জিতলেন মার্কিন ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিস। একটি ভার্চুয়াল রোল কলে ভোটাভুটি হয়। সেখানে ডেমোক্রেটিক প্রতিনিধিদের সমর্থন পেতে সফল হয়েছেন তিনি। তিনিই হলেন প্রথম কৃষ্ণাঙ্গ ও দক্ষিণ এশীয় মহিলা, যিনি ডেমোক্রেটিক পার্টির প্রেসিডেন্ট পদপ্রার্থী হিসাবে মনোনীত হয়েছেন। প্রসঙ্গত উল্লেখ্য, ৫ নভেম্বর মার্কিন যুক্তরাষ্ট্রে সাধারণ নির্বাচন হতে চলেছে। এই নির্বাচনে কমলা হ্যারিস প্রতিদ্বন্দ্বিতা করবেন রিপাব্লিকান পার্টি প্রেসিডেন্ট প্রার্থী ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে।

❑ ফিজি'র সর্বোচ্চ বেসামরিক পুরস্কার 'কম্প্যানিয়ন অফ দ্য অর্ডার অফ ফিজি' পেলেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। ফিজি'তে তাঁর প্রথম সরকারি সফরের সময় এই পুরস্কার পেলেন তিনি। তাঁর হাতে এই সম্মান তুলে দেন সেদেশের প্রেসিডেন্ট উইলিয়াম ক্যাটোনিভার। পুরস্কার হাতে নিয়ে মুর্মু বলেন, 'এই পুরস্কার হল ভারত ও ফিজির মধ্যে বন্ধুত্বের গভীর সম্পর্কের প্রতিফলন।'

**৭ আগস্ট :** বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান হিসাবে শপথ নিলেন 'নোবেল' পুরস্কার বিজয়ী মুহাম্মদ ইউনুস।

❑ ৫ আগস্ট, শ্রাবণ মাসের তৃতীয় সোমবার সবথেকে বেশি মানুষ ডমরু বাজিয়ে 'গিনেস ওয়ার্ল্ড রেকর্ড' গড়ল মধ্য প্রদেশের শহর উজ্জয়িনী। এদিন, মহাকাল লোকের কাছে শক্তিপথে ১,৫০০ জন ডমরু বাদক একসঙ্গে ১০ মিনিট ধরে ডমরু বাজিয়ে এই রেকর্ড গড়েন। এজন্য তিন দিন ধরে দু'টি সেশনে অনুশীলন চলছিল। এর আগে, এই রেকর্ড ছিল নিউ ইয়র্কে 'ফেডারেশন অফ ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন'এর দখলে, যেখানে ২০২২ সালের আগস্টে ৪৮৮ জন মানুষ একসঙ্গে ডমরু বাজিয়েছিলেন।

❑ এবছর 'ফরচুন গ্লোবাল ৫০০' তালিকায় শীর্ষ ভারতীয় কোম্পানির শিরোপা পেল মুকেশ আম্বানির সংস্থা 'রিলায়েন্স ইন্ডাস্ট্রিজ লিমিটেড'। এবছর এই তালিকায় ৯টি ভারতীয় সংস্থা স্থান পেয়েছে, যেখানে রিলায়েন্স ইন্ডাস্ট্রিজ'এর স্থান ৮৬ নম্বরে। এছাড়া, অন্যান্য ভারতীয় সংস্থাগুলির মধ্যে রয়েছে এলআইসি (৯৫), ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন (১১৬), স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (১৭৮), ওএনজিসি (১৮০), ভারত পেট্রোলিয়াম কর্পোরেশন লিমিটেড (২৫৮), টাটা মোটরস (২৭১), এইচডিএফসি ব্যাঙ্ক (৩০৬), রাজেশ এক্সপোর্ট (৪৭৩)। অন্যদিকে, এই নিয়ে টানা ১১ বছর ফরচুন ৫০০ তালিকায় শীর্ষ স্থানে রয়েছে মার্কিনি সংস্থা 'ওয়ালমার্ট'। এছাড়া, বিশ্বব্যাপী সবথেকে লাভজনক সংস্থা হিসাবে এই তালিকায় থেকে গেছে সৌদি আরবের 'আরামকো'।

**৮ আগস্ট :** অবসর ঘোষণা করলেন ভারতের অন্যতম সেরা কুস্তিগির বিনেশ ফোগাট।



পশ্চিমবঙ্গের প্রাক্তন প্রধানমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য (৮০ বছর) মারা গেলেন। ২০০০ সাল থেকে ২০১১ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী পদে আসীন ছিলেন তিনি। দীর্ঘ পাঁচ দশকের রাজনৈতিক জীবনে, প্রথমে কাশীপুর-বেলগাছিয়া কেন্দ্রের বিধায়ক ছিলেন তিনি। এরপর ১৯৮৭ সালে যাদবপুর কেন্দ্র থেকে ভোটে দাঁড়ান তিনি। ২০১১ সাল পর্যন্ত টানা এই কেন্দ্রের বিধায়ক ছিলেন বুদ্ধদেব ভট্টাচার্য।

**৯ আগস্ট :** 'স্বাধীনতা দিবস' উপলক্ষ্যে, দেশের নাগরিকদের মধ্যে দেশপ্রেম জোরদার করার লক্ষ্যে, ৯ থেকে ১৫ আগস্ট পর্যন্ত দেশব্যাপী 'হর ঘর তিরঙ্গা' প্রচারাভিযান শুরু হল। এই প্রচারাভিযানের অধীনে, দেশের নাগরিকদের তাঁদের নিজেদের বাড়িতে জাতীয় পতাকা উত্তোলন করতে উৎসাহিত করা হয়েছে। এছাড়াও, নাগরিকদের জাতীয় পতাকার সঙ্গে সেলফি তুলে তা 'হর ঘর তিরঙ্গা'র ওয়েবসাইটে আপলোড করার আহ্বান জানানো হয়েছে।

❑ এবছর 'প্যারিস অলিম্পিক্স'এ পুরুষদের জ্যাভলিন থ্রো বিভাগে রুপোর পদক পেলেন ভারতীয় তারকা নীরজ চোপড়া। ৮৯.৪৫ মিটার দূরত্বে জ্যাভলিন ছুঁড়েছেন তিনি। এতদিন কোনো ভারতীয় পরপর দু'টি অলিম্পিক্সে সোনা ও রুপোর পদক জিততে পারেননি। প্রথম ভারতীয় হিসাবে সেই নজির গড়লেন নীরজ। তবে, এই বিভাগে সোনার পদক পেলেন পাক-ই-স্তানি তারকা আরশাদ নাদিম, যা অলিম্পিক্সের ইতিহাসে পাক-ই-স্তানের প্রথম ব্যক্তিগত সোনার পদক জয়।

**১০ আগস্ট :** হসপিটাল সার্ভিসেস-এর (সশস্ত্র বাহিনী) ডিরেক্টর জেনারেল হিসাবে নিযুক্ত হলেন সার্জন ভাইস অ্যাডমিরাল অনুপম কাপুর।

❑ এবছর 'প্যারিস অলিম্পিক্স'এ পুরুষদের ফ্রিস্টাইল ৫৭ কেজি কুস্তি বিভাগে ব্রঞ্জ পদক পেলেন ভারতের আমন শেহরাওয়াত। পুয়ের্তো রিকোর দারিয়ান তোই ক্রুজকে ১৩-৫ ব্যবধানে হারিয়ে এই ব্রঞ্জ পদক পান তিনি। এর ফলে, ভারতের সর্বকনিষ্ঠ অলিম্পিক্স পদকজয়ী কুস্তিগির হয়ে নজির গড়লেন আমন। ২১ বছর ২৪ দিন বয়সে, অলিম্পিক্সে পদক জিতে পি.ভি.সিন্ধুর রেকর্ড ভাঙলেন তিনি। এর আগে, ২০১৬ সালে 'রিও অলিম্পিক্স'এ ২১ বছর ১ মাস ১৪ দিন বয়সে রুপোর পদক জিতেছিলেন সিন্ধু। সেইসঙ্গে ভারতের সর্বকনিষ্ঠ ক্রীড়াবিদ হিসাবে অলিম্পিক্সে পদক জিতেছিলেন তিনি।

**১৪ আগস্ট :** 'ভারতীয় স্টেট ব্যাঙ্ক'এর ম্যানেজিং ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন রানা আশুতোষ কুমার সিং।

❑ 'ন্যাশনাল ক্যাপিটাল রিজিয়ন ট্রান্সপোর্ট কর্পোরেশন'এর সহযোগিতায়, 'নমো ভারত ট্রেন' ও অন্যান্য ট্রেনে যাত্রীদের জন্য 'এক ভারত-এক টিকিট' উদ্যোগ চালু করল 'আই আর সিটি সি'। এর উদ্দেশ্য হল, যাত্রীদের ভ্রমণ অভিজ্ঞতা বাড়িয়ে তোলা। এর মাধ্যমে, যাত্রীরা আই আর সিটি সি'র ওয়েবসাইট ও অ্যাপে নমো ভারত ট্রেনের টিকিট বুক করতে পারবেন। এই ব্যবস্থার অধীনে, টিকিট বাতিল ও অর্থ প্রদানের সুবিধাও পাওয়া যাবে। যাত্রীরা নমো ভারত ট্রেনের টিকিটের জন্য একটি অনন্য কিউআর কোড তৈরি করতে পারবেন। এই কোডটি ভ্রমণের তারিখের বিকল্পগুলির মধ্যে ৪ দিনের জন্য বৈধ থাকবে। এখনকার রেলওয়ে রিজার্ভেশন সিস্টেমের অধীনে, নমো ভারত টিকিটও ১২০ দিন আগে বুক করা যেতে পারে।

## পরিক্রমা
### সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

**১৫ আগস্ট :** বিখ্যাত লেখক বাবা ভান্ড ও ঈশ্বরলাল পারমার'কে ২০২৩-'২৪ সালের জন্য 'কবি নর্মদ সাহিত্য পুরস্কার'এর জন্য মনোনীত করল 'মহারাষ্ট্র রাজ্য গুজরাতি সাহিত্য আকাদেমি'। ২৪ আগস্ট এক অনুষ্ঠানে তাঁদের এই পুরস্কার দেওয়া হয়েছে। প্রতি বছর একজন মারাঠি ও একজন গুজরাতি লেখককে কবি নর্মদ'এর নামানুসারে দু'টি পুরস্কার দেয় এই আকাদেমি। মারাঠি সাহিত্যে অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেয়েছেন বাবা ভান্ড। 'মহারাষ্ট্র রাজ্য সাহিত্য ও সংস্কৃতি বোর্ড'এর চেয়ারম্যানও ছিলেন তিনি।

**১৬ আগস্ট :** রাষ্ট্রসঙ্ঘে, ভারতের পরবর্তী দূত হিসাবে নিযুক্ত হলেন কূটনীতিবিদ পি.হরিশ।

❑ ১৫ আগস্ট, ৭৮ তম স্বাধীনতা দিবস উপলক্ষ্যে, টানা ১১ তম বারের জন্য নয়াদিল্লির লালকেল্লা থেকে জাতীয় পতাকা উত্তোলন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ভারতের তৃতীয় প্রধানমন্ত্রী হিসাবে ১১ তম বারের মতো জাতীয় পতাকা উত্তোলন করলেন তিনি। মোদীর আগে, পণ্ডিত জওহরলাল নেহরু ১৭ বার (১৯৪৭ থেকে ১৯৬৪ সাল) ও ইন্দিরা গান্ধী ১৬ বার (১৯৬৬ থেকে ১৯৭৭ সাল ও ১৯৮০ থেকে ১৯৮৪ সাল) লালকেল্লা থেকে জাতীয় পতাকা উত্তোলন করেছিলেন। প্রধানমন্ত্রী হিসাবে ১১ তম স্বাধীনতা দিবসে ১০৩ মিনিটের দীর্ঘতম ভাষণ দেন মোদী। ৪ বার (২০১৬, ২০১৯, ২০২২ ও ২০২৩) ৯০ মিনিটের বেশি ভাষণ দিয়েছেন তিনি। ২০১৪ সালে তাঁর দেওয়া সংক্ষিপ্ততম ভাষণ ছিল ৬৫ মিনিটের, যখন মোদী প্রথমবারের মতো প্রধানমন্ত্রী হন।

☛ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

## জাতীয় চলচ্চিত্র পুরস্কার



৭০ তম 'জাতীয় চলচ্চিত্র পুরস্কার' ঘোষণা করল কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রক। এই পুরস্কারে 'সেরা ফিচার চলচ্চিত্র'এর সম্মান পেল মালয়ালি চলচ্চিত্র 'আত্তম'। 'সেরা অভিনেতা' ও 'সেরা অভিনেত্রী'র সম্মান পেলেন যথাক্রমে ঋষভ শেট্টি (কান্তারা) আর নিত্যা মেনন (তিরুচিত্রম্বলাম) ও মানসী পারেখ (কচ্ছ এক্সপ্রেস)। 'সেরা বাংলা ফিচার চলচ্চিত্র'এর পুরস্কার পেল কৌশিক গঙ্গোপাধ্যায়ের পরিচালিত চলচ্চিত্র 'কাবেরী অন্তর্ধান'। 'সেরা হিন্দি ফিচার চলচ্চিত্র'এর সম্মান পেল 'গুলমোহর'।




# নার্সিং ও প্যারামেডিক্যাল কর্মীদের চাহিদা বাড়ছে

বর্তমানে মেডিক্যাল কর্মীদের গুরুত্ব যে কতটা তা করোনা আমাদের বুঝিয়ে দিয়েছে। ভারতের মতো এত বৃহৎ জনসংখ্যার দেশে ডাক্তার, নার্স, প্যারামেডিক্যাল পড়লেই নিশ্চিত কাজের সুযোগ থাকে। সরকারি ও বেসরকারি ক্ষেত্রগুলিতে বছর ভর বিপুল নিয়োগ হয় এই পেশায় বলা যায় আগামী ১৫ বছরে চাকরির ব্যাপারে রাজত্ব করবে এই দুটি পেশা। বিদেশে ভারতীয় নার্স ও প্যারামেডিক্যাল কর্মীদের ভীষণ কদর। এই বিষয়গুলি মাথায় রেখে বিগত ২৬ বছর আগে একটি প্যারামেডিক্যাল প্রতিষ্ঠানের জন্ম নিয়েছিল যার নাম মেডিক্যাল রিসার্চ ইনস্টিটিউট অফ টেকনোলজি (M.R.I.T) শ্রীরামপুরে, যেটা কিনা কলকাতার বিখ্যাত প্রতিষ্ঠান C.C.M.T.R.I দ্বারা Affiliated (Govt. of W.B under Central Govt. Act) M.R.I.T (শ্রীরামপুর) প্রতিষ্ঠান বিগত ২৬ বছর ধরে, ১০০% প্র্যাকটিক্যাল সহ নার্সিং (ANM/DHN) ট্রেনিং সহ ৬ মাস হাসপাতালে ইন্টার্নশিপের সুযোগ আছে। এছাড়া নিজস্ব ল্যাবে ল্যাব টেকনিশিয়ান (প্যাথলজি) DMLT এবং CMLT কোর্স করানো হয় এবং নিজস্ব ক্লিনিকে প্র্যাক্টিক্যাল সহ ফিজিওথেরাপি (DPT/CPT) যত্ন সহকারে শেখানো হয়। এছাড়া ইন্টার্নশিপের সুযোগ থাকে ফিজিওথেরাপি কোর্সে। এখানে ১ বছর এবং ২ বছরের সময় কালে এই কোর্সগুলি করানো হয়। কোর্স ফি সকলের সাধ্যের মধ্যে। এর সঙ্গে ২৬তম বর্ষপূর্তি উপলক্ষ্যে ভর্তি ফিতে ৩০% ছাড় দেওয়া হচ্ছে সীমিত সময়ের জন্য ২০২৪-২৫ শিক্ষাবর্ষে। এই MRIT প্রতিষ্ঠানের শিক্ষা নিয়ে প্রচুর শিক্ষার্থী সাফল্যের সঙ্গে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত। যোগাযোগের ঠিকানা : MRIT, ১৬৯ এম. এস এভিনিউ শ্রীরামপুর, হুগলী (স্টেশন থেকে ২ মিনিটের হাঁটা পথ)। Mobile : 9231839309, 8961261389.

# রেলে ৩,৪৪৫ টিকিট ক্লার্ক

২ পাতার পর

**চন্ডীগড় রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে নেওয়া হবে এইসব পদে:** ক্যাটেগরি নং ১ : কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক পদে ৯১টি। ক্যাটেগরি নং ২ : অ্যাকাউন্টস ক্লার্ক কাম টাইপিস্ট পদে ২২টি। ক্যাটেগরি নং ৩ : জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট পদে ১২৫টি। ক্যাটেগরি নং ৪ : ট্রেন্স ক্লার্ক পদে ৯টি।

**চেন্নাই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে নেওয়া হবে এইসব পদে:** ক্যাটেগরি নং ১ : কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক পদে ৩৯টি। ক্যাটেগরি নং ২ : অ্যাকাউন্টস ক্লার্ক কাম টাইপিস্ট পদে ২৮টি। ক্যাটেগরি নং ৩ : জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট পদে ১২৬টি। ক্যাটেগরি নং ৪ : ট্রেন্স ক্লার্ক পদে ১টি।

**গোরখপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে নেওয়া হবে এইসব পদে:** ক্যাটেগরি নং ১ : কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক পদে ১০৭টি। ক্যাটেগরি নং ৩ : জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট পদে ৮টি। ক্যাটেগরি নং ৪ : ট্রেন্স ক্লার্ক পদে ৫টি।

**জম্মু-শ্রীনগর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে নেওয়া হবে এইসব পদে:** ক্যাটেগরি নং ১ : কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক পদে ৯২টি। ক্যাটেগরি নং ২ : অ্যাকাউন্টস ক্লার্ক কাম টাইপিস্ট পদে ৪টি। ক্যাটেগরি নং ৩ : জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট পদে ৪৭টি। ক্যাটেগরি নং ৪ : ট্রেন্স ক্লার্ক পদে ৪টি।

**মুম্বই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে নেওয়া হবে এইসব পদে:** ক্যাটেগরি নং ১ : কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক পদে ৪৯৭টি। ক্যাটেগরি নং ২ : অ্যাকাউন্টস ক্লার্ক কাম টাইপিস্ট পদে ৪৫টি। ক্যাটেগরি নং ৩ : জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট পদে ১৪৭টি। ক্যাটেগরি নং ৪ : ট্রেন্স ক্লার্ক পদে ১০টি।

**মুজফফরপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে নেওয়া হবে এইসব পদে:** ক্যাটেগরি নং ১ : কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক পদে ৬৩টি। ক্যাটেগরি নং ৩ : জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট পদে ৫টি।

**প্রয়াগরাজ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে নেওয়া হবে এইসব পদে:** ক্যাটেগরি নং ১ : কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক পদে ৩২৮টি। ক্যাটেগরি নং ২ : অ্যাকাউন্টস ক্লার্ক কাম টাইপিস্ট পদে ১৪টি। ক্যাটেগরি নং ৩ : জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট পদে ৩৮টি। ক্যাটেগরি নং ৪ : ট্রেন্স ক্লার্ক পদে ৯টি।

**সেকেন্দরাবাদ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে নেওয়া হবে এইসব পদে:** ক্যাটেগরি নং ১ : কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক পদে ৩২টি। ক্যাটেগরি নং ২ : অ্যাকাউন্টস ক্লার্ক কাম টাইপিস্ট পদে ৩৭টি। ক্যাটেগরি নং ৩ : জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট পদে ২০টি।

# সাধারণ জ্ঞান

এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এ নিয়ে যতটা গুরুত্ব দেওয়া উচিত ছেলেমেয়েরা ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা প্রায় অসম্ভব। এই সমস্যা সমাধানে এবার থেকে সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে চাকরির উপযোগী পুরোপুরি নতুন ধরনের সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দেওয়া হচ্ছে।

## সাধারণ বিজ্ঞান

১। উদ্ভিদদেহে কিসের মাধ্যমে জল পরিবাহিত হয় — জাইলেম।

২। মানবদেহে কোন অঙ্গ থেকে রেনিন ক্ষরিত হয় — বৃক্ক।

৩। আধুনিক ট্যানারি শিল্পে কোন বিষাক্ত ভারী ধাতু পাওয়া যায় — ক্রোমিয়াম।

৪। মানবদেহের বৃহত্তম পেশি কোনটি — গ্লুটিয়াস ম্যাক্সিমাস।

৫। 'ভিটামিন-সি'এর আবিষ্কারক কে



— আলবার্ট সেজেন্ট-জিওর্গি।

৬। ভর ও ওজনের মধ্যে কোনটি বস্তুর স্বকীয় ধর্ম — ভর।

৭। কার্বন মনোক্সাইডের প্রধান উৎস কী — জীবাশ্ম জ্বালানির দহন।

৮। ঘড়িতে দম দেওয়ার ফলে প্রকৃতপক্ষে আমরা কোন ধরনের শক্তি সঞ্চয় করি — স্থিতিশক্তি।

৯। 'অলীক বল' কাকে বলে — অপকেন্দ্র বলকে।

## ইতিহাস

১০। পদ্মফুল কোন ধর্মে প্রথম সবথেকে পবিত্র সামগ্রী ছিল — বৌদ্ধ ধর্মে।

১১। কে প্রথম উর্দু ভাষাকে কবিতার ভাষা হিসাবে ব্যবহার করেন — আমির খসরু।

১২। পশ্চিম ভারতের নবজাগরণের জনক ছিলেন কে — মহাদেব গোবিন্দ রানাডে।

১৩। চিন দেশের পরিব্রাজক হিউয়েন সাং কার কাছে সংস্কৃত ভাষা শেখেন — শীলভদ্র।

১৪। মহম্মদ বিন তুঘলক প্রচলিত রৌপ্য মুদ্রার নাম কী ছিল — আদল।

১৫। ভারতের কোন এলাকার সম্রাটরা 'বিরাট' উপাধি নিতেন — উত্তর-ভারতের সম্রাটরা।

১৬। বৈজু বাওরার সমাধি কোন স্থানে অবস্থিত — চান্দেরি।

১৭। শেরশাহ সূরী'র শেষ অভিযান ছিল — কালিঞ্জর (১৫৪৫ সাল)।

১৮। 'নিষাদ' কারা — অনার্য উপজাতি।

১৯। 'আলমগীর নামা'র রচয়িতা হলেন — মির্জা মুহাম্মদ কাজিম।

## ভূগোল

২০। 'বাকিংহাম খাল' ভারতের কোন কোন রাজ্যে অবস্থিত — আন্ধ্রা প্রদেশ ও তামিলনাড়ু।

২১। ভারতের কোন রাজ্যের রাজধানীকে 'পূর্বের স্কটল্যান্ড' বলা হয় — মেঘালয়।

২২। সিকিমের 'তিস্তা' নদীর কোন উপনদীর ওপর 'রঙ্গিত' বাঁধটি তৈরি হয়েছে — রঙ্গিত।

২৩। ওড়িশার 'সুকিন্দা উপত্যকা' কোন রাসায়নিক উপাদানের বৃহত্তম আধার — ক্রোমিয়াম।

২৪। ভারতের কোন রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চলে দেশের সর্বোচ্চ শতাংশ ম্যানগ্রোভ অরণ্য রয়েছে — পশ্চিমবঙ্গ (ভারতের মোট ম্যানগ্রোভ এলাকার প্রায় ৪২%)।

২৫। ভারতের কোন রাজ্যে 'চির বাত্তি' নামক প্রাকৃতিক ঘটনাটি দেখতে পাওয়া যায় — গুজরাত (এটি স্থানীয়দের ভাষায় ভয়ঙ্কর ভূতের আলো নামে পরিচিত)।

২৬। ভারতের কোন রাজ্যে সবথেকে বেশি সয়াবিন উৎপাদন হয় — মধ্য প্রদেশ (প্রায় ৪৫%)।

২৭। ভারতে সেচের জন্য ব্যবহৃত বৃহত্তম খাল কোনটি — ইন্দিরা গান্ধী খাল।

২৮। ভারতের একমাত্র অভয়ারণ্য কোনটি, যেখানে কাশ্মীর হরিণ পাওয়া যায় — কাশ্মীরের 'দাচিগাম জাতীয় উদ্যান'।

২৯। ভারতের বৃহত্তম কর্মক্ষম উপকূলীয় বায়ু খামার কোনটি — মুপ্পান্ডাল বায়ু খামার (তামিলনাড়ুতে অবস্থিত)।

## অর্থনীতি

৩০। এবছরের ২৮ আগস্ট 'প্রধানমন্ত্রী জন ধন যোজনা' কত বছর পূর্ণ করেছে — ১০ বছর।

৩১। প্রথম ভারতীয় জীবন বিমাকারী সংস্থা হিসাবে 'গুজরাত ইন্টারন্যাশনাল ফিনান্স টেক সিটি'তে কার্যক্রম শুরু করল কারা — ইন্ডিয়াফার্স্ট লাইফ।

৩২। গ্রাহকদের কেনাকাটার অভিজ্ঞতা বাড়াতে, ভারতে বিটা মোডে কৃত্রিম বুদ্ধিমত্তা কথোপকথনমূলক শপিং অ্যাসিস্ট্যান্ট 'রুফাস' চালু করল কোন কোম্পানি — অ্যামাজন।

৩৩। প্রথম ভারতীয় সংস্থা হিসাবে, বার্ষিক আয়ের নিরিখে ১০ লাখ কোটির গণ্ডি ছুঁয়েছে কোন কোম্পানি — রিলায়েন্স ইন্ডাস্ট্রিজ লিমিটেড।

৩৪। ২০২৪-'২৫ আর্থিক বছরের জন্য ভারতের জিডিপি বৃদ্ধির পূর্বাভাস কত শতাংশে উন্নীত করেছে 'বিশ্বব্যাঙ্ক' — ৭%।

## সাম্প্রতিক ঘটনা

৩৫। 'আজম-ই-ইসতেহকাম' নামে নতুন মিলিটারি অনুশীলন করেছে কোন দেশ — পাক-ই-স্তান।

৩৬। ফৌজদারি মামলায় জড়িত সাক্ষীদের নিরাপত্তা ও সহায়তা প্রদানের জন্য, 'সাক্ষী সুরক্ষা প্রকল্প ২০২৪' চালু করল কোন রাজ্য — অসম।

৩৭। যক্ষ্মা গবেষণা অধ্যয়নের জন্য একটি নতুন ৩ডি হাইড্রোজেল কালচার সিস্টেম তৈরি করল কোন সংস্থা — বেঙ্গালুরুর ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ সায়েন্স।

৩৮। মহাবিশ্বের সবথেকে শক্তিশালী গামা রশ্মি বিস্ফোরণের রহস্য জানতে যৌথভাবে কৃত্রিম উপগ্রহ পাঠিয়েছে কোন দুই দেশ — চিন ও ফ্রান্স।

৩৯। ভারতীয় সেনাবাহিনীর ভাইস চিফ হিসাবে দায়িত্ব নিলেন কে — লেফটেন্যান্ট জেনারেল এন.এস.রাজা সুব্রামনি।

৪০। নতুন ভারতীয় ন্যায় সংহিতা,২০২৩-এর অধীনে, প্রথম এফআইআর নথিভুক্ত করল কোন রাজ্য — তেলেঙ্গানা।

৪১। 'এনটিআর ভরোসা পেনশন প্রকল্প' চালু করল কোন রাজ্য — আন্ধ্রা প্রদেশ।

৪২। অশ্বিন রামাস্বামী হলেন প্রথম জেনারেল জেড ভারতীয়-মার্কিনি প্রার্থী, যিনি জর্জিয়া রাজ্য সেনেটের জন্য প্রতিদ্বন্দ্বিতা করছেন। তিনি কোন পার্টিতে প্রতিদ্বন্দ্বিতা করছেন — ডেমোক্র্যাটিক।

৪৩। 'লোকার্নো চলচ্চিত্র উৎসব'এর তরফ থেকে ক্যারিয়ার অ্যাচিভমেন্ট পুরস্কার 'পার্দো আল্লা কেরিয়ারে' ভূষিত হলেন কে — শাহরুখ খান।

৮৪। বিশ্বের প্রথম কৃত্রিম বুদ্ধিমত্তা



পোশাক তৈরি করলেন কে — ক্রিস্টিনা আর্নস্ট।

৪৪। ভারতের কোন রাজ্যে ৪১,০০০ বছরের পুরনো অতিকায় উটপাখির বাসার খোঁজ পেলেন গবেষকরা — আন্ধ্রা প্রদেশ।

৪৫। নেদারল্যান্ডসের প্রধানমন্ত্রী এখন কে — ডিক শুফ।

৪৬। মহারাষ্ট্রের প্রথম মহিলা মুখ্যসচিব কে — সুজাতা সৌনিক।

৪৭। উদ্বোধনী 'কে.সরস্বতী আম্মা পুরস্কার'এ ভূষিত হলেন কে — লেখিকা, সমালোচক ও নারীবাদী কর্মী পি.গীথা।

৪৮। মহারাষ্ট্রের অমরাবতী জেলায় দক্ষিণ এশিয়ার বৃহত্তম ফ্লাইট ট্রেনিং স্কুল তৈরি করবে কোন বিমান সংস্থা — এয়ার ইন্ডিয়া।

৪৯। গুরুগ্রাম-মানেসার ও ফরিদাবাদে, বর্জ্য থেকে কাঠকয়লা প্ল্যান্ট স্থাপন করবে কোন রাজ্য — হরিয়ানা।

৫০। ২০২৫ সালে কোন শহরটিকে 'রাজস্ব জেলা' হিসাবে তৈরি করবে বিহার — বাগহা সিটি।

৫১। এবছর 'গ্লোবাল ইন্ডিয়া এআই সামিট' উদ্বোধন করেছেন কে — কেন্দ্রীয় মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব।

৫২। লস অ্যাঞ্জেলেসে, 'ভারতীয় চলচ্চিত্র উৎসব'এ গ্র্যান্ড জুরি পুরস্কার পেল কোন চলচ্চিত্র — গার্লস উইল বি গার্লস।

৫৩। কোথায় 'কুমারমঙ্গলম আর্টিলারি জাদুঘর' হিসাবে সংস্কার করা আর্টিলারি জাদুঘরটি আবার খুলে দিল ভারতীয় সেনাবাহিনী — মহারাষ্ট্রের নাসিক জেলা।

৫৪। 'বিশ্ব ক্রীড়া সাংবাদিক দিবস' কবে পালিত হয় — ২ জুলাই।

৫৫। 'ইউনেস্কো ওয়ার্ল্ড হেরিটেজ কমিটি'র ৪৬ তম অধিবেশন আয়োজন করবে কোন দেশ — ভারত।

৫৬। 'ন্যাশনাল মেডিক্যাল কমিশন'এর চেয়ারপার্সন হিসাবে নিযুক্ত হলেন কে — ড. বি.এন.গঙ্গাধর।

৫৭। গুয়াহাটির 'লোকপ্রিয়া গোপীনাথ বরদলই আন্তর্জাতিক বিমানবন্দর'এর চিফ এয়ারপোর্ট অফিসার হিসাবে নিযুক্ত হলেন কে — অশ্বিন নরোনহা।

৫৮। ডেপুটি জাতীয় নিরাপত্তা উপদেষ্টা হিসাবে নিযুক্ত হলেন কে — টি.ভি.রবিচন্দ্রন।

৫৯। কোন দেশে একটি নতুন প্রেসিডেন্সিয়াল প্যালেস তৈরি করল চিন — ভানুয়াতু।

৬০। ঝাড়খণ্ডের মুখ্যমন্ত্রী এখন কে — হেমন্ত সোরেন।

৬১। 'প্রেস ইনফর্মেশন ব্যুরো'র ডিরেক্টর জেনারেল হিসাবে নিযুক্ত হলেন কে — ধীরেন্দ্র ওঝা।

৬২। পঞ্জাব ও হরিয়ানা হাই কোর্টের প্রধান বিচারপতি হিসাবে নিযুক্ত হলেন কে — বিচারপতি শীল নাগু।

৬৩। জনসাধারণের জন্য ৭ দিনের মধ্যে রাস্তার সমস্যার সমাধান করতে, 'লোকপথ মোবাইল অ্যাপ' চালু করল কোন রাজ্য — মধ্য প্রদেশ।

৬৪। নয়াদিল্লির শাস্ত্রী ভবনে 'ডিস্ট্রিক্ট মিনারেল ফাউন্ডেশন' গ্যালারির উদ্বোধন করলেন কে — কেন্দ্রীয় কয়লা ও খনি মন্ত্রী জি.কিষাণ রেড্ডি।

৬৫। প্যারিসের কোথায় ইউপিআই পেমেন্ট চালু করল ভারত — ঐতিহাসিক ডিপার্টমেন্টাল স্টোর 'গ্যালারিস লাফায়েট'।

৬৬। 'মিন্তনিখ চলচ্চিত্র উৎসব'এ 'জীবনকৃতি সম্মান' পেলেন কে — হলিউড অভিনেত্রী কেট উইন্সলেট।

৬৭। 'ঝাড়খণ্ড হাই কোর্ট'এর প্রধান বিচারপতি এখন কে — বিদ্যুৎ রঞ্জন সারঙ্গী।

৬৮। বিশ্বের প্রথম সিএনজি চালিত বাইক 'ফ্রিডম ১২৫' চালু করল কোন কোম্পানি — বাজাজ অটো।

৬৯। যুক্তরাজ্যের ৮০০ বছরের ইতিহাসে প্রথমবার অর্থমন্ত্রীর দায়িত্ব পেলেন কোনো মহিলা। তাঁর নাম কী — র‍্যাচেল রিভস।

৭০। মরণোত্তর 'কীর্তি চক্র' সম্মান পেলেন কে — ক্যাপ্টেন অংশুমান সিং।

৭১। বিশ্বের প্রাচীনতম গুহাচিত্রের খোঁজ পাওয়া গেল কোন দেশে — ইন্দোনেশিয়া (এই চিত্রকর্মটি কমপক্ষে ৫১,২০০ বছরের পুরনো)।

৭২। ইরানের প্রেসিডেন্ট হিসাবে নির্বাচিত হলেন কে — মাসুদ পেজেশকিয়ান।

৭৩। এবছর মর্যাদাপূর্ণ 'স্পাইস পুরস্কার' পেলেন কে — কৃষি উদ্যোক্তা সোপনা কালিঙ্গাল।

৭৪। ভারতের কোন রাজ্যের 'মাইকা' খনিকে শিশুশ্রম মুক্ত বলে ঘোষণা করল 'ন্যাশনাল কমিশন ফর প্রোটেকশন অফ চাইল্ড রাইটস' — ঝাড়খণ্ড।

৭৫। জৈব পণ্যের জন্য, কোন দুই দেশের মধ্যে 'পারস্পরিক স্বীকৃতি চুক্তি' হল — ভারত ও তাইওয়ান।

৭৬। যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী এখন কে



— কিয়ার স্টারমার।

৭৭। অন্যান্য রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চল ও নেপালের সঙ্গে সীমানা ভাগ করে, এমন রাজ্যের ৩৫টি জেলায় 'মিত্র বন' (বন্ধুত্বপূর্ণ বন) প্রতিষ্ঠার উদ্যোগ নিল কোন রাজ্য — উত্তর প্রদেশ।

৭৮। পশ্চিমবঙ্গের সব রাজ্য-চালিত বিশ্ববিদ্যালয়গুলিতে উপাচার্য নিয়োগের জন্য অনুসন্ধান ও নির্বাচন কমিটির চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন কে — ভারতের প্রাক্তন প্রধান বিচারপতি উদয় উমেশ ললিত।

৭৯। দেশীয়ভাবে তৈরি করা লাইটওয়েট ট্যাঙ্ক 'জোরাওয়ার'কে কোন সালে ভারতীয় সেনাবাহিনীতে অন্তর্ভুক্ত করা হতে পারে বলে জানালেন ডিআরডিও'র চেয়ারম্যান ড.সমীর কামাথ — ২০২৭।

৮০। সর্বসম্মতিক্রমে 'নিউজ ব্রডকাস্টার্স অ্যান্ড ডিজিটাল অ্যাসোসিয়েশন'এর প্রেসিডেন্ট হিসাবে নিযুক্ত হলেন কে — রজত শর্মা।

৮১। এবছর মর্যাদাপূর্ণ 'অ্যাগ্রিকালচার লিডারশিপ পুরস্কার'এ উদ্যানপালনে সেরা রাজ্যের খেতাব পেল কোন রাজ্য — নাগাল্যান্ড।

৮২। সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্সেস, বর্ডার সিকিউরিটি ফোর্সেস ও রেলওয়ে প্রোটেকশন ফোর্সেস-এ প্রাক্তন অগ্নিবীরদের জন্য এখন থেকে মোট কত শতাংশ আসন সংরক্ষণ করা হবে বলে ঘোষণা করল কেন্দ্রীয় সরকার — ১০%।

## খেলাধূলা

৮৩। ২০২৭ সালে মহিলাদের ফুটবল বিশ্বকাপ আয়োজন করছে কোন দেশ — ব্রাজিল।

৮৪। প্রথম ভারতীয় হিসাবে 'এশিয়ান চ্যাম্পিয়নশিপ'এ সোনার পদক পেলেন



কে — দীপা কর্মকার।

৮৫। 'অ্যাথলেটিক্স ফেডারেশন অফ ইন্ডিয়া'র অফিশিয়াল কিট স্পন্সর হল কোন কোম্পানি — পুমা।

৮৬। ২০২৬ সালে এএফসি মহিলা এশিয়া কাপ আয়োজন করবে কোন দেশ — অস্ট্রেলিয়া।

৮৭। ২০২৯ সালে এএফসি মহিলা এশিয়া কাপ আয়োজন করবে কোন দেশ — উজবেক-ই-স্তান।

৮৮। 'লেটস মুভ ইন্ডিয়া' প্রচারাভিযান চালু করল কোন সংস্থা — আন্তর্জাতিক অলিম্পিক কমিটি।

৮৯। 'ইউরোপা লিগ' জিতল কোন দল — আটলান্টা বিসি (বায়ার লেভারকুসেন'কে ৩-০ ব্যবধানে হারিয়ে)।

৯০। কাকে আসন্ন নবম 'আইসিসি পুরুষদের টোয়েন্টি-২০ বিশ্বকাপ'এর প্রচারদূত হিসাবে নিয়োগ করেছিল 'আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল' — শাহিদ আফ্রিদি।

৯১। কোথায় খেলো ইন্ডিয়া স্পোর্টস হস্টেল ও আর্মি গার্লস স্পোর্টস কোম্পানির প্রথম ব্যাচের উদ্বোধন হল — পুণের আর্মি স্পোর্টস ইনস্টিটিউট।

৯২। 'ইকুয়েস্ট্রিয়ান ফেডারেশন অফ ইন্ডিয়া'র প্রশাসনের তত্ত্বাবধানের জন্য গঠিত অ্যাড-হক প্রশাসনিক কমিটির চেয়ারপার্সন হিসাবে নিযুক্ত হলেন কে — বিচারপতি নাজমি ওয়াজিরি।

৯৩। 'মোনাকো গ্র্যা প্রি' জিতলেন কে — চার্লস লেক্লার্ক।

৯৪। এবছর 'ইন্ডিয়ান প্রিমিয়র লিগ' জিতল কোন দল — কলকাতা নাইট রাইডার্স (সানরাইজার্স হায়দরাবাদ'কে হারিয়ে)।

৯৫। দক্ষিণ কোরিয়ায়, 'তিরন্দাজি বিশ্বকাপ'এ সোনার পদক পেল কোন দেশের মহিলা কম্পাউন্ড দল — ভারত (ফাইনালে তুরস্ককে ২৩২-২২৬ ব্যবধানে হারিয়ে)।

৯৬। সৌদি প্রো লিগের ইতিহাসে এক মরসুমে সবথেকে বেশি গোল করার রেকর্ড গড়লেন কে — ক্রিশ্চিয়ানো রোনাল্ডো (৩৫টি গোল)।

৯৭। মার্কিন যুক্তরাষ্ট্রের 'মেজর লিগ ক্রিকেট'কে কোন তকমা দিল 'আন্তর্জাতিক ক্রিকেট সংস্থা' — লিস্ট-এ।

৯৮। এবছর 'মোনাকো গ্র্যা প্রি' জিতলেন কে — চার্লস লেক্লার্ক।

সঙ্কলক : পলি দেওয়ান

## কলকাতা হাই কোর্টে

### General Knowledge

**1.** Which is the highest peak of Tripura?
(a) Atharamura Range (b) Jampui Hills (c) Betlingshib (d) None of these
**2.** Which branch of physics deals with sound?
(a) Casean (b) Acoustics (c) Helix (d) None of these
**3.** What is the angle between the hands of a clock at 1 O'clock?
(a) $30^\circ$ (b) $60^\circ$ (c) $90^\circ$ (d) None of these
**4.** Right to Education was inserted in Part III of the constitution by –
(a) 82nd Amendment (b) 85th Amendment Act, 2001 (c) 86th Amendment Act, 2002 (d) None of these
**5.** Which Assembly is presided over by a non-member?
(a) Rajya Sabha (b) Lok Sabha (c) State Assembly (d) None of these
**6.** A cheque is a —— drawn upon a specified banker and payable on demand —
(a) Bill of exchange (b) Hundi (c) Promissory note (d) None of the above
**7.** The legal guardian of a Muslim minor girl is ——
(a) father (b) maternal uncle (c) grand father (d) mother
**8.** "Vendetta" is originally a —
(a) Latin word (b) German Word (c) Italian Word (d) French word
**9.** Calcutta High Court was established in the year —
(a) 1962 (b) 1862 (c) 1762 (d) 1866
**10.** Who is the author of 'In the Line of Fire : A Memoir'?
(a) Prince Harry (b) Sheikh Mujibur Rahman (c) Pervez Musharraf (d) Javier Bardem
**11.** The reaction that takes place inside the sun to power it is ——
(a) Fission (b) Fusion (c) Oxidation (d) Decay
**12.** The technique of MRI uses the phenomenon of —
(a) Nuclear Magnetic Resonance (b) Electron Cyclotron Resonance (c) Optical Resonance (d) Microwave Resonance
**13.** Gun powder consists of a mixture of ——
(a) Sand and TNT (b) Sulfur, Sand and Charcoal (c) Nitrate, Sulfur and Charcoal (d) TNT and Charcoal
**14.** Ilbert Bill was introduced in the Imperial legislative council in the year ——
(a) 1880 (b) 1883 (c) 1885 (d) None of these
**15.** The Justice Party movement in Madras merged with the ——
(a) Self respect league (b) Dravidar Kazhagam (c) Both (a) and (b) above (d) Depressed classes league
**16.** Weightlessness experienced in a spaceship is due to
(a) Absence of inertia (b) Absence of accelerating force (c) Absence of Gravity (d) Free fall of the spaceship
**17.** Who developed 'Yahoo'?
(a) Danis Ritch (b) Jerry Yang and David Filo (b) Vint Cerf & Robert Luis (d) Steve Carl
**18.** The "Gathering Storm" is written about
(a) Winston Churchill (b) George Washington (c) Voltaire (d) Romain Rolland
**19.** With which sport is Cara Black associated?
(a) Shooting (b) Table Tennis (c) Tennis (d) Cricket
**20.** The number of Tsunamis is highest in
(a) Atlantic Ocean (b) Pacific Ocean (c) Indian Ocean (d) Bay of Bengal
**21.** The basic unit of life is ——
(a) Cell (b) Protein (c) Gene (d) Lipoprotein
**22.** In which case the Supreme Court held that the Preamble is not the part of the constitution?
(a) A. K. Gopalan (b) Berubari Case (c) Minerva Mills case (d) None of these
**23.** How many members of Rajya Sabha shall retire after every two years ——
(a) 2/3 (b) 1/3 (c) 3/4 (d) 1/4
**24.** Which one among the following states is smallest in area?
(a) Andhra Pradesh (b) Gujrat (c) Karnataka (d) Tamil Nadu
**25.** The tropic of Cancer does not pass through the state of
(a) West Bengal (b) Jharkhand (c) Chhattisgarh (d) Odisha

### ENGLISH

**26.** Select the appropriate antonym for the underlined word.
The new government's domestic policies could easily underline the main foreign policy
(a) Enhance (b) Cripple (c) Weaken (d) Spoil

Exam

# কলকাতা হাই কোর্টে লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট



কলকাতা হাই কোর্টে 'লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট' পদে ২৯১টি শূন্যপদের জন্য এবছর আগস্টে যে দরখাস্ত নেওয়া হয়েছিল, তার প্রার্থী বাছাইয়ের প্রিলি. পরীক্ষা হবে ২৯ সেপ্টেম্বর, রবিবার, বেলা ১২টা থেকে দেড়টা পর্যন্ত। এই পরীক্ষায় ১০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : অ্যারিথমেটিক, জেনারেল নলেজ অ্যান্ড কম্পিউটার প্রফিসিয়েন্সি, জেনারেল ইন্টেলিজেন্স ও ইংরিজি। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। প্রশ্ন হবে ইংরিজিতে। নির্দিষ্ট কোয়ালিফাই নম্বর পেলে দ্বিতীয় ফেজের পরীক্ষা হবে। এই পার্টে থাকবে : অ্যারিথমেটিক-১০০ নম্বর, ইংরিজি প্রবন্ধ লেখা ও প্রেসি লেখা-১০০ নম্বর, জেনারেল নলেজ -১০০ নম্বর। সময় থাকবে ৩ ঘন্টা। এরপর হবে ১০০ নম্বরের ভাইভা টেস্ট। প্রিলি. পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১ সেট প্রশ্নোত্তর তৈরি করেছেন আলিপুর জর্জ কোর্টের মিনিস্ট্রিয়াল অফিসার বদরুল আলম।

**27.** Choose the word that can substitute the given group of words.
A place for refugee
(a) Shelter (b) Hospice (c) Home (d) Asylum
**28.** Disease that spreads over a whole country or the whole world
(a) Panacea (b) Epidermis (c) Rustic (d) Pandemic
**29.** Select the wrongly spelt word ——
(a) Pariah (b) Peripheral (c) Prefunctory (d) Pernicious
**30.** Select the appropriate synonym for the underlined word ——
The symbols were useless to him
(a) Valuable (b) Successful (c) Reachable (d) Worthless
**31.** Fill in the blank with the most appropriate preposition
Be present ——— the moment
(a) in (b) on (c) to (d) upon
**32.** Find out the error part of the sentence. If there is no error, select 'No error'
There is not one / that have not / been duplicated
(a) There is not one (b) been duplicated (c) No error (d) that have not
**33.** Select the most appropriate meaning of the given idiom
Hit the hay
(a) To buy or sell something (b) To take revenge (c) A sarcastic response (d) To go to bed
**34.** Find out the most appropriate antonym for the underlined word.
Our children need vital lessons in wealth management.
(a) healthy (b) superfluous (c) clever (d) organic
**35.** Select the most appropriate option to fill in the blank ——
Many ——— tales evoke the memory of Akbar and Birbal.
(a) populous (b) popular (c) populated (d) populist
**36.** The noun form of 'likely' is ——
(a) liking (b) likelihood (c) like (d) All of these
**37.** Choose the appropriate word to fill in the blank :
——— a necklace, She has a diamond ring.
(a) With (b) Besides (c) Beside (d) Though
**38.** Correct the following sentence and choose the right ——
We had gone to the movies last night
(a) We had gone to the movies last night (b) We went to the movies last night (c) We should have gone to the movies last night (d) We have gone to the movies last night
**39.** Choose the correct option —
He entered the hall in the —— part of the show. Which is the right answer?
(a) Leter (b) Later (c) Late (d) Lately
**40.** Select the appropriate option to fill in the blank
Cleverness is good, but goodness is .....
(a) best (b) better (c) well (d) none of these
**41.** Choose the appropriate passive voice for the given sentences
He is to send a message
(a) A message is to be sent by him (b) A message is was sent by him (c) A message is to be sent (d) None of these
**42.** We saw them go out
(a) They saw by us, go out (b) They has been seen go out by us (c) They were seen going out (d) None of these
**43.** Find out the appropriate option from the given sentences
He said "Don't move boys"
(a) He said the boys that not to move (b) He told the boys that not to move (c) He told the boys not to move (d) None of these
**44.** Find out the appropriate option from given options.
Which is the Plural form of 'Agenda'?
(a) Agendas (b) Agendume (c) Agendom (d) None of these
**45.** Find out the correct option from given options
I see my friend once in a blue moon
(a) regularly (b) very often (c) rarely (d) frequently
**46.** Select the option that is almost opposite in meaning to the underlined word ——
He is very meticulous in keeping the records up to date
(a) clumsy (b) careless (c) irregular (d) serious
**47.** Select the correct preposition from the given options
The patient has been advised for rest by the doctors attending —— him
(a) by (b) to (c) on (d) before
**48.** Select the appropriate option to fill in the blank —
A gentleman should be true —— his words.
(a) from (b) to (c) in (d) on
**49.** Yesterday ——— European called at my office
(a) an (b) a (c) the (d) none of these
**50.** Find out the similar meaning of the given options
He is very sagacious person
(a) foolish (b) voracious (c) sensuous (d) wise in everyday affairs

## কলকাতা হাই কোর্টে

### Arithmetic

**51.** The largest number which should replace * in the number 2365*4 to make the number divisible by 4 is ——
(a) 8 (b) 9 (c) 2 (d) 0
**52.** Two positive numbers differ by 1280. When the greater number is divided by the smaller number, the quotient is 7 and the remainder is 50. The greater number is
(a) 1558 (b) 1458 (c) 1585 (d) 1485
**53.** The ratio of two numbers is 3 : 4 and their HCF is 5. Their LCM is —
(a) 10 (b) 60 (c) 15 (d) 12
**54.** The HCF (GCD) of a, b is 12. a, b are positive integers and a > b > 12. The smallest values of (a, b) are respectively
(a) 12, 24 (b) 24, 12 (c) 24, 36 (d) 36, 24
**55.** The simplified value of
15 of $8 + 6 + [(27-3) \div 6 + 4]$ is
(a) 128 (b) 134 (c) 130 (d) 136
**56.** In the 1st 30 overs of a cricket match, the run rate was 5.2 runs / over. What is the required run rate in the remaining 20 overs to reach the target of 280 runs?
(a) 6.8 (b) 7.4 (c) 6.2 (d) 5.6
**57.** A milkman makes 20% profit by selling milk mixed with water at Rs. 9 per litre. If the cost price of 1 litre pure milk is Rs. 10, then the ratio of milk and water in the said mixture is
(a) 3 : 1 (b) 4 : 1 (c) 3 : 2 (d) 4 : 3
**58.** What is to be added to 15% of 180 so that the sum is equal to 20% of 360?
(a) 45 (b) 40 (c) 60 (d) 50
**59.** Giving two successive discounts of 25% is equal to giving one discount of ——%
(a) 43.75 (b) 56.25 (c) 50 (d) 45
**60.** Ravi buys an article with a discount of 25% on its marketed price. He makes a profit of 10% by its selling it at Rs 660. What was the marked price of the article?
(a) Rs. 600 (b) Rs. 700 (c) Rs. 800 (d) Rs. 685
**61.** The simple interest on a sum for a certain number of years, same as the rate percentage of the interest, is equal to the sum itself. The number of the equal to —
(a) 5 (b) 10 (c) 8 (d) 1
**62.** A and B together can do a piece of work in 12 days. While B alone can finish it in 30 days. A alone can finish the work
(a) 20 days (b) 25 days (c) 15 days (d) 18 days
**63.** Two taps A and B can fill a tank in 10 hours and 12 hours respectively. If the two taps are opened at 10 a.m, then at what time (in p.m) should the tap A be closed to completely fill the tank at exactly 4 P.M?
(A) 2 PM (B) 3 PM (C) 1 PM (D) 1.30 PM
**64.** In a regiment the ratio between the number of officers to soldiers was 3:31 before battle. In a battle 6 officers and 22 soldiers were killed and the ratio became 1 : 13, the number of officers in the regiment before battle was
(a) 31 (b) 38 (c) 21 (d) 28
**65.** A person has two solutions of sugar with 30% and 50% concentration respectively. In what ratio should he mix two solutions to got 45% concentration in the resulting mixture?
(a) 1 : 3 (b) 2 : 3 (c) 2 : 5 (d) 5 : 2
**66.** Rani's weight is 25% that of Meena's and 40% that of Tara's. What percentage of Tara's weight is equal to Meena's weight?
(a) 160% (b) 140% (b) 120% (d) 100%
**67.** Some masons promised to do a work in 10 days but 8 of them were absent and remaining did the work in 18 days. What was the original number of masons?
(a) 10 (b) 21 (c) 15 (d) 18
**68.** A man riding his bicycle covers 150 metres in 25 seconds. What is his speed in km/hr?
(a) 25 (b) 21.6 (c) 23 (d) 20
**69.** A boat can travel with a speed of 19 km/h in still water. If the speed of the stream is 3 km/h. then what will be the total time (in hours) taken by the boat to go 88 km downstream and 24 km upstream?
(a) 4.5 (b) 5 (c) 4 (d) 5.5
**70.** The speed of a stream is 3 km/hr and the speed of a

# কলকাতা হাই কোর্ট

man in still water is 5 km/hr. The time taken by the man to swim 26 km downstream is:

(a) $8\frac{2}{3}$ hrs (b) $3\frac{1}{4}$ hrs (c) 13 hrs (d) $5\frac{1}{5}$ hrs.

**71.** The perimeter of an isosceles triangle is 544 cm and each of the sides is $\frac{5}{6}$ times the base. What is the area (in cm²) of the triangle?
(a) 13872 (b) 38172 (c) 18372 (d) 31872

**72.** A man buys a table and chair for Rs. 500. He sells the table at a loss of 10% and the chair at a gain of 10%. He still gain Rs. 10 on the whole. The cost price of chair is
(A) Rs. 200 (b) Rs. 250 (C) Rs. 300 (D) Rs. 350

**73.** If I walk at 5km/hr. I miss a train by 7 min. However, If I walk at 6km/hr, I reach the station 5 min. before the departure of he train. The distance between my house and the station is —
(a) 6.5 km. (b) 7 km (c) 6 km (d) 5 km

**74.** A litre of water is evaporated from 6 litre of sugar solution containing 4% of sugar. Find the percentage of sugar is remaining solution.

(a) 3% (b) 4% (c) 5% (d) $4\frac{4}{5}$%

**75.** A invested an amount of x rupees in a bank for 2 years which gave 5% interest in year 1 and 6% interest in year 2. The amount receive after 2 years in Rs. 24,486. What is the value of X?
(a) 22,000 (b) 12,500 (c) 25,750 (d) 12,875

## Reasoning

**76.** In each of the following questions, select the related word from the given alternatives
January : November : : Sunday : ?
(a) Tuesday (b) Monday (c) Friday (d) Saturday

**77.** Arrange the given words in the sequence in which they occur in the dictionary :
(i) Examination (ii) Explicit (iii) Expenditure (iv) Experience
(a) i, iv, iii, ii (b) i, ii, iii, iv (c) i, iv, ii, iii (d) i, iii, iv, ii

**78.** Looking at a woman sitting next to him, Amit said, 'She is the sister of the husband of my wife'. How is the woman related to Amit?
(a) Daughter (b) Sister (c) Wife (d) Niece

**79.** If 'x' stands for –, ÷ stands for +, + stands for x, find the value of following equations.
(16 x5) ÷ 5 + 3 = ?
(a) 62 (b) 10 (c) 2 (d) 26

**80.** In the following question, select the odd word pair from the given alternatives.
(a) Square – Four (b) Pentagon – Five (c) Rectangle – Three (d) Triangle – Three

**81.** Find the odd number from the given alternatives :
(a) 64 (b) 125 (c) 225 (d) 216

**82.** Find the odd number pair from the given alternatives:
(a) 48 : 124 (b) 40 : 110 (c) 18 : 48 (d) 30 : 80

**83.** Which one is wrong number in the given series?
7 56 447 3584 28672
(a) 3584 (b) 56 (c) 7 (d) 447

**84.** Mohan starts from point A and walks 1 km towards south, turns left and walks 1 km. Then he turns left again and walks 1 km. Now he is facing
(a) East (b) West (c) North (d) South West

**85.** Aayush's birthday is on Monday 22nd May. On what day of the week will be Neerav's birthday in the same year. If Neerav was born on 30th October?
(a) Monday (b) Wednesday (c) Friday (d) Thursday


**86.** A series is given with one term missing. Select the correct alternative from the given ones that will complete the series.
A7F, E15J, I23M?
(a) R13M (b) M31R (c) R23M (d) R37S

**87.** If GARDEN is coded as 325764 and WATER as 92165, how can we code the word WARDEN in the same way?
(a) 925764 (b) 295764 (c) 952764 (d) 957264

**88.** In the following question, from the given alternatives words, select the word which can be formed using the letters of the given word :
CAPITULATE
(a) CAPABLE (b) LUPIN (c) PITTY (d) TALE

**89.** Ramesh ranks 13th in a class of 33 students. There are 5 students below Suresh rank wise. How many students are there between Ramesh and Suresh?
(a) 12 (b) 14 (c) 15 (d) 16

**90.** Find the missing number?




(a) 12 (b) 21 (c) 24 (d) 35

**91.** What is the number missing from the third target?

| | | |
|---|---|---|
| 5 | 9 | 5 |
| 16 | 29 | ? |
| 49 | 89 | 147 |

(a) 45 (b) 48 (c) 51 (d) 54


**92.** In the following questions, select the number which can be placed at the sign of question mark(?) from the given alternatives:

| | | |
|---|---|---|
| 2 | 5 | 3 |
| 6 | 7 | 8 |
| 3 | 2 | 2 |
| 43 | 76 | ? |

(a) 72 (b) 75 (c) 63 (d) 69

**93.** Which one of the given respones would be a meaningful order of the following?
1. Apartment 2. Town 3. Street 4. Building 5. Complex
(a) 1, 5, 4, 3, 2 (b) 4, 5, 3, 2, 1 (c) 2, 1, 3, 4, 5 (d) 1, 4, 5, 3, 2

**94.** Four positions of a dice are given below :




Find the number on the face opposite to the face showing 4.
(a) 5 (b) 0 (c) 3 (d) 1

**95.** How many triangles are there in the given figure?



(a) 5 (b) 9 (c) 12 (d) 10

### Computer

**96.** Who is the developer of Computer?
(a) Dennis Ritchie (b) James Gosling (c) Charles Babbage (d) None

**97.** The smallest unit of data in computer is —?
(a) bit (b) nibble (c) kb (d) bytes

**98.** The brain of any computer system is —?
(a) CU (b) ALU (c) Memory (d) CPU

**99.** How many keys on keyboard?
(a) 101 (b) 102 (c) 103 (d) 104

**100.** Examples of Hardware?
(a) Keyboard (b) Mouse (c) Pointer (d) All of the above

## উত্তর

**1(c). 2(b). 3(a). 4(c). 5(a). 6(a). 7(d). 8(c). 9(b). 10(c). 11(b). 12(a). 13(c). 14(b). 15(c). 16(c). 17(b). 18(a). 19(c). 20(b). 21(a). 22(b). 23(b). 24(d). 25(d). 26(a). 27(d). 28(d). 29(c). 30(d). 31(a). 32(d). 33(d). 34(b). 35(b). 36(b). 37(b). 38(b). 39(b). 40(b). 41(a). 42(c). 43(c). 44(a). 45(c). 46(b). 47(c). 48(b). 49(b). 50(d).**

**51(a).** 2365*4 is divisible by 4. For divisibility by 4, *4 should be disible by 4. Possible values of * = 2, 4, 6, 8
∴ Maximum value of * = 8.

**52(d).** Let the numbers by x and y
x – y = 1280, Also x = 7y + 50
7y + 50 – y = 1280
or 6y = 1280 – 50 or 6y = 1230
or y = 205, So x = 1485.

**53(b).** If the number be 3x and 4x then HCF = x = 5
∴ numbers = 15 and 20 ∴ LCM = 60

**54(d).** HCF of a and b = 12
So numbers = 12 x and 12y, where x and y are prime to each other
∴ a > b > 12 ∴ a = 36, b = 24

**55(b).** 15 of 8 + 6 + [(27–3)÷ 6+4]


$= 120 + 6 + [24\times\frac{1}{6}+4]$ $=120 + 6 + 8 = 134.$

**56(c).** Runs scores in 1st 30 overs = 30 x 5.2 = 156
Runs scored in remaining 20 overs = 280 – 156 = 124

∴ Expected run rate = $\frac{124}{20}$ = 6.2.

**57(a).**

A litre CM Milk C P Water




3 : 1

**58(a).** Let the number to be added = x
According to question
15% of 180 + x = 20% of 360

$\frac{15\times180}{100}+x=\frac{20\times360}{100}$

= 27 + x = 72 or x = 45

**59(a).** Single equiral discount for x% and y%

$=(x+y-\frac{xy}{100})\%$ $=(25+25-\frac{25\times25}{100})\%$

= (50–6.25%) = 43.75%

**60(c).** 110% = Rs. 660

$100\% = \frac{600}{110}$ = Rs. 600

Again 75% = 600

So 100% = $\frac{600}{75}\times100 = 800$

M.P of article = 800

**61(b).** $SI = \frac{P\times T\times R}{100}$ $P = \frac{P\times T\times T}{100}$

or T² = 100 or T = 10 year

**62(a).** Time taken by A = $\frac{xy}{x-y}=\frac{12\times30}{30-12}$

$=\frac{12\times30}{18}$ = 20 days.

**63(b).** Time between 10 A.M and 4 P.M = 6 hours.

Let pipe A remain open for x hours

$\therefore \frac{x}{10}+\frac{6}{12}=1$ or $\frac{x}{10}+\frac{1}{2}=1$ or $\frac{x}{10}=\frac{1}{2}$

or $x=\frac{10}{2}$ = 5 hours.

Hence, Pipe A was closed at 3 P.M.

**64(c).** Before battle Officers = 3x
Soldiers = 31x
According to the question
After battle

$\frac{3x-6}{31x-22}=\frac{1}{13}$ or 39x – 78 = 31x – 22

39x – 31x = 78 – 22
or 8x = 56 or x = 7
∴ Required number of officers = 3 x 7 = 21.

**65(a). 66(a).** Let Rani's weight be x kg.
∴ Meena's weight = 4x kg

Tara's weight = $\frac{5x}{2}$ kg.

∴ Required percentage = $\frac{4x}{\frac{5x}{2}}\times100 = 160\%$

**67(d).** Original number of masons = x
$M_1D_1 = M_2D_2$
or, x x 10 = (x–8) x 18 or, x x 5 = (x–8) x 9
or, 5x = 9x – 72 or 9x – 5x = 72
or 4x = 72 or x = 18.

**68(b).** Required Speed

$\left(\frac{150}{25}\right)$ m/sec $=\left(\frac{150}{25}\times\frac{18}{5}\right)$ kmph = 21.6

**69(d).** Rate downstream of boat = 19+ 3 = 22kmph
Its rate upstream = 19 – 3 = 16 kmph
Required time

$=\frac{\text{Respective distance}}{\text{Respective speed}}$

$=\left(\frac{88}{22}+\frac{24}{16}\right)$ hours $= 4+\frac{3}{2}$ hours $=\frac{11}{2}$ = 5.5 hours.

**70(b).** $\frac{\text{Distance}}{\text{Rate down stream}}$

$=\frac{26}{5+3}=\frac{13}{4}=3\frac{1}{4}$ hours.

**71(a).** Let, the length of the base = 6x cm

each equal side = 6x x $\frac{5}{6}$ = 5x cm

5x + 5x + 6x = 544
or 16x = 544 or x = 34
Length of the sites are (6x34) = 204 (5x34) = 17cm

Area of the triangle = $\frac{1}{2}\times204\times\sqrt{170^2-\frac{(204)^2}{2}}$

$=102\times\sqrt{(170+102)(170-102)}$

= 102 x 136 = 13872.

**72(c).** Let CP of chair = Rs. x

$x\times\frac{10}{100}-(500-x)\times\frac{10}{100}=10$

or x – 500 + x = 100
or x = 300.

**73(c).** Let the distance between my house and the station be difference in time = 7 + 5 = 12 minute

$\frac{d}{5}-\frac{d}{6}=\frac{12}{60}$ or $\frac{6d-5d}{30}=\frac{1}{5}$ $\left[\because 1\text{min}=\frac{1}{60}\text{h.}\right]$

or $\frac{d}{30}=\frac{1}{5}$ or d = 6 km.

**74(d).** Quantity of sugar in the solution = $6\times\frac{4}{100}$ = 0.24 litre

Percentage of sugar in remaining solution after a litre of water is evaporated =

$\frac{0.24}{(6-1)}\times100\%=\frac{24}{5}=4\frac{4}{5}\%$

**75(a). 76(c). 77(d). 78(b). 79(d). 80(c). 81(c). 82(c). 83(d). 84(c). 85(a). 86(b). 87(a). 88(d). 89(b). 90(b). 91(b). 92(b). 93(d). 94(a). 95(d). 96(c). 97(a). 98(d). 99(d). 100(d).**

সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন?এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এইবিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এইনম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

## স্কুল সার্ভিসের

■ *স্কুল সার্ভিস কমিশনের আপার প্রাইমারির 'টেট' ও নবম থেকে দ্বাদশ শ্রেণির স্কুলের শিক্ষক-শিক্ষিকা পদের বিজ্ঞপ্তি পুজোর আগে বেরোবে কি? — তন্ময় মজুমদার, সারেঙ্গা, বাঁকুড়া। পূজা দে, বেড়াচাঁপা, উত্তর ২৪ পরগনা।*

■■ পুজোর আগে বিজ্ঞপ্তি বেরোনোর সম্ভাবনা কম। তবে এবছরের শেষের দিকে বিজ্ঞপ্তি বেরোনোর সম্ভাবনা আছে।

■ *মাদ্রাসা সার্ভিস কমিশনের যে পরীক্ষা এবছর ৩ মার্চ হয়েছিল, তার ফল কবে বেরোবে? — মনোরঞ্জন সরকার, সারেঙ্গা, বাঁকুড়া।*

■■ ফল বেরোতে দেরি আছে।

■ *স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে সাইকোলজি বিষয়ের শিক্ষক-শিক্ষিকা নেওয়া হয় কি? শিক্ষাগত যোগ্যতা কী লাগে? — জোনাকি দাস, সোনারপুর, কলকাতা-১৫০।*

■■ হ্যাঁ, নেওয়া হয়। মোট অন্তত ৫০% নম্বর পেয়ে সংশ্লিষ্ট বিষয়ের অনার্স কোর্সের গ্র্যাজুয়েট কিংবা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে যে কোনো শাখার পোস্ট-গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা সংশ্লিষ্ট বিষয়ের জন্য আবেদন করতে পারেন। ওপরের সব শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীদের বেলায় অর্থাৎ, তপশিলী জাতি, তপশিলী উপজাতি, ও.বি.সি. সম্প্রদায় আর প্রতিবন্ধী প্রার্থীরা নম্বরে ৫% ছাড় পাবেন। অনার্স ডিগ্রি কোর্সে যাঁদের ৫০% নম্বর নেই, কিন্তু পোস্ট-গ্র্যাজুয়েট কোর্সে ৫০% নম্বর আছে, তাঁরাও আবেদনের যোগ্য।

■ *মাদ্রাসা সার্ভিস কমিশনের গ্রুপ-ডি পদের যে পরীক্ষা ১ সেপ্টেম্বর হল, তার ফল কবে বেরোবে? — পাঁচুগোপাল মণ্ডল, বাঁকি, সহরারহাট, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ ফল বেরিয়েছে। সফলদের পার্সোন্যালিটি টেস্ট শুরু হয়েছে, চলবে ২৮ সেপ্টেম্বর পর্যন্ত। কল লেটার ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : www.wbmsc.com

## স্টাফ সিলেকশনের

■ *স্টাফ সিলেকশন কমিশনের মাল্টি টাস্কিং স্টাফ পদের পরীক্ষা কবে হবে? অ্যাডমিট কার্ড কবে দেওয়া হবে? — নীলাঞ্জন, রামনগর, উত্তর ২৪ পরগনা।*

■■ পরীক্ষা হবে ৩০ সেপ্টেম্বর থেকে ১৪ নভেম্বর পর্যন্ত। অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : www.ssc.gov.in

## কলেজ সার্ভিসের

■ *কলেজের অ্যাসিস্ট্যান্ট প্রফেসর নিয়োগ কি প্রতি বছর হয়? এবছর নিয়োগের বিজ্ঞপ্তি কবে বেরোবে? নিয়োগ পদ্ধতি জানাবেন। — হেমাল টুডু, বহড়াডাঙ্গা, রাইপুর, বাঁকুড়া।*

■■ কলেজের অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের জন্য 'সেট' পরীক্ষায় সফল হতে হয়। কলেজ সার্ভিস কমিশনের 'সেট' পরীক্ষা প্রতি বছরই হয়। তবে প্রতি বছরই নিয়োগের বিজ্ঞপ্তি বেরোয় না। কলেজের অ্যাসিস্ট্যান্ট প্রফেসর নিয়োগের জন্য কলেজ সার্ভিস কমিশন 'সেট' পাশ প্রার্থীদের জন্য বিজ্ঞপ্তি দিয়ে দরখাস্ত নেয়। প্রার্থী বাছাই হয় শুধুমাত্র ইন্টারভিউয়ের মাধ্যমে।

## প্রাইমারির

■ *প্রাইমারির 'টেট'এর বিজ্ঞপ্তি কবে বেরোবে? এবছর কি প্রাইমারি 'টেট'এর পরীক্ষা হবে? — ইন্দ্রজিৎ চৌধুরী। রিপন সরকার, কপিলেশ্বরপুর, স্বরূপনগর, উত্তর ২৪ পরগনা। বিদীপ্ত রাহা, সূর্যসেন কলোনি, ধূপগুড়ি, জলপাইগুড়ি।*

■■ প্রাথমিক শিক্ষা পর্যদের কথা মতো প্রতি বছরই ডিসেম্বর নাগাদ প্রাইমারি 'টেট' হওয়ার কথা। কিন্তু এখনো ২০২৩ সালের প্রাইমারি 'টেট'এর ফল বেরোয়নি। তাই ২০২৪ সালের প্রাইমারি 'টেট'এর বিজ্ঞপ্তি বেরোনোর খবর এখনো নেই। তাই এবছর ডিসেম্বরে পরীক্ষা হওয়ার সম্ভাবনা কম।

## কোর্স ও ট্রেনিং

■ *নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় ও রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় থেকে ডিস্ট্যান্সে একইসঙ্গে দু'টি কোর্স করলে, দু'টি সার্টিফিকেট কি বৈধ হবে? — কৌশিক দাস, শান্তিপুর, নদিয়া।*

■■ হ্যাঁ, বৈধ হবে।

## পি.এস.সি.'র

■ *মিসলেনিয়াস সার্ভিসেস মেনস পরীক্ষার সিলেবাস জানাবেন। প্রিলিমিনারি পরীক্ষার ফল কবে বেরোবে? মেনস পরীক্ষা কবে হবে? — অরূপ হালদার, জয়নগর, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ মিসলেনিয়াস সার্ভিসেস-এর মেন প্রিলিমিনারি পরীক্ষা ১৫ সেপ্টেম্বর হল, তার ফল বেরোবে আগামী বছর জানুয়ারি-ফেব্রুয়ারি নাগাদ। ফল বেরোলে ১ মাস পর সাধারণত মেন পরীক্ষা নেওয়া হয়। মিসলেনিয়াস সার্ভিসেস মেনসে ৪৫০ নম্বরের পরীক্ষা হয়। এই পরীক্ষায় থাকবে এই তিনটি পেপার : (১) ইংরিজি, (২) বাংলা বা, হিন্দি, (৩) জেনারেল স্টাডিজ অ্যান্ড অ্যারিথমেটিক। প্রথম ২টি পেপারের প্রতিটিতে থাকবে ১৫০ নম্বর। সময় থাকবে দেড় ঘন্টা করে। ইংরিজি বিষয়ে থাকবে : বাংলা থেকে ইংরিজিতে অনুবাদ, রিপোর্ট, প্রেসি (ভাবসংক্ষেপ) লেখা আর গ্রামারের মধ্যে থাকবে শব্দের সঠিক ব্যবহার, বাক্য সংশোধন, সাধারণ ফ্রেজের ব্যবহার, সমার্থক ও বিপরীতার্থক শব্দ। বাংলা বিষয়ে থাকবে : ইংরিজি থেকে বাংলায় অনুবাদ, রিপোর্ট, সারসংক্ষেপ লেখা আর গ্রামারের প্রশ্ন হবে। সব ক্ষেত্রে উচ্চমাধ্যমিক মানের ডেসক্রিপটিভ টাইপের প্রশ্ন হবে। তৃতীয় পেপারে জেনারেল স্টাডিজের ১০০ নম্বরের ও অ্যারিথমেটিকের ৫০ নম্বরের পরীক্ষা হবে। সময় আড়াই ঘন্টা। জেনারেল স্টাডিজ ও অ্যারিথমেটিক গ্রুপের প্রশ্নের উত্তর বাংলায় দিতে পারবেন। পার্ট-টু পরীক্ষা হবে একই দিনে। সফল হলে ১০০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট। পার্ট-টু পরীক্ষার ৩টি পেপার ও পার্সোন্যালিটি টেস্টের নম্বরের ভিত্তিতে চূড়ান্ত তালিকা তৈরি হবে।

■ *২০২৪ সালের ডব্লু.বি.সি.এস. প্রিলিমিনারি পরীক্ষার বিজ্ঞপ্তি কবে বেরোবে? প্রিলিমিনারি পরীক্ষা কবে হবে? — দীপেশ বিশ্বাস, বসিরহাট, হাড়োয়া, উত্তর ২৪ পরগনা। আনন্দ মণ্ডল।*

■■ বিজ্ঞপ্তি যেকোনো দিনই বেরোবে। প্রিলি. পরীক্ষা হবে ১৫ ডিসেম্বর।

■ *২০২৩ সালের মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলি পরীক্ষা হল ১৫ সেপ্টেম্বর। ২০২৪ সালের মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার বিজ্ঞপ্তি কবে বেরোবে? — কৌশিক দে, বার-ই পাড়া, কুমারগ্রাম, আলিপুরদুয়ার।*

■■ মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষা প্রতি বছরই হবে। মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার বিজ্ঞপ্তি এবছর না বেরোলেও আগামী বছরের প্রথম দিকে বেরোবে।

## রেলে চাকরির

■ *রেলের নন-টেকনিক্যাল ক্যাটেগরির জন্য ভুবনেশ্বর কেন্দ্রে দরখাস্ত করলে পরীক্ষা কি কলকাতায় দেওয়া যাবে? — দেবার্থ লোহ, সুতাহাটা, হলদিয়া, পূর্ব মেদিনীপুর।*

■■ না।

■ *রেলের গ্রুপ-ডি পদের পরীক্ষার ফর্ম পূরণ কবে থেকে শুরু হবে? — রিয়া সরকার, নেতাজী পাড়া, জলপাইগুড়ি।*

■■ পুজোর পর, অর্থাৎ অক্টোবর মাসের শেষে দিকে দরখাস্ত নেওয়া শুরু হবে।

■ *রেলের আর.পি.এফ. কনস্টেবল ও সাব-ইন্সপেক্টর পদের পরীক্ষা কবে হবে? — রাখী বিশ্বাস।*

■■ এখনো পরীক্ষার তারিখ ঠিক হয়নি।

■ *রেলের এন.টি.পি.সি. ক্যাটেগরির ফর্ম পূরণের সময় আইডেন্টিফিকেশন মার্ক ডান হাতের জায়গায় বাঁ দিকে লিখে দিয়েছি। এজন্য কোনো অসুবিধা হবে কি? নতুন করে আবার দরখাস্ত করতে হবে কি? — সাহেব মিত্র, তারকেশ্বর, হুগলি।*

■■ এজন্য দরখাস্ত বাতিল হবে না। তবে একাধিক দরখাস্ত করলে সব দরখাস্ত বাতিল হবে।

■ *রেলের নন-টেকনিক্যাল ক্যাটেগরির জন্য উচ্চমাধ্যমিক ও গ্র্যাজুয়েট যোগ্যতায় দু'টি উভয় ক্ষেত্রে দরখাস্ত করতে পারব? — রাজীব বাউরি, নারিয়া, দীঘি, বাঁকুড়া।*

■■ হ্যাঁ, পারবেন।

■ *রেলের টেকনিশিয়ান পদের জন্য আগে দরখাস্ত করেছিলাম, অতিরিক্ত কয়েকটি পদ যুক্ত হওয়ায় নতুন করে আবার দরখাস্ত করতে হবে কি? — রিয়া সরকার, নেতাজী পাড়া, জলপাইগুড়ি।*

■■ না, আগে যাঁরা দরখাস্ত করেছেন, তাঁদের নতুন করে আর দরখাস্ত করতে হবে না।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা একনজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| ইন্দো-তিব্বত সীমান্ত পুলিশে কনস্টেবল | মাধ্যমিক | ৮১৯ | ১-১০-২৪ | www.recruitment.itbpolice.nic.in |
| রেলে টেকনিশিয়ান | মাধ্যমিক ও আই.টি.আই. | ১৪,২৯৮ | - | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট |
| সি.আই.এস.এফ.-এ কনস্টেবল (ফায়ার) | মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক | ১,১৩০ | ৩০-৯-২৪ | https://cisfrectt.cisf.gov.in |
| রেলে ক্লার্ক, টাইপিস্ট | উচ্চমাধ্যমিক, | ৩,৪৪৫ | ২০-১০-২৪ | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট |
| রেলে স্টেশন মাস্টার, গুডস ট্রেন ম্যানেজার | গ্র্যাজুয়েট | ৮,১১৩ | ১৩-১০-২৪ | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট |
| ব্যুরো অফ ইন্ডিয়ান স্ট্যান্ডার্ডে স্টেনো, অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট | ৩৪০ | ৩০-৯-২৪ | www.bis.gov.in |
| ৮ কেন্দ্রীয় বাহিনীতে কনস্টেবল (জেনারেল ডিউটি) | মাধ্যমিক | ৩৯,৪৮১ | ১৪-১০-২৪ | www.ssc.gov.in |
| ডি.আর.ডি.ও.-তে অ্যাপ্রেন্টিস | ডিপ্লোমা, গ্র্যাজুয়েট | ৫৪ | ৭-১০-২৪ | ww.drdo.gov.in |
| নিউ ইন্ডিয়া অ্যাসিওরেন্স-এ অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার | গ্র্যাজুয়েট | ১৭০ | ২৯-৯-২৪ | https://newindia.co.in |
| গেইল-এ এক্সিকিউটিভ ট্রেনি | গ্র্যাজুয়েট | ১,১৩০ | ১৭-২-২৫-১৮-৩-২৫ | https.gailonline.com |
| নেভিতে অফিসার | গ্র্যাজুয়েট | ২৫০ | ২৯-৯-২৪ | www.joinindiannavy.gov.in |
| ইন্দো-তিব্বত সীমান্ত পুলিশে কনস্টেবল (ড্রাইভার) | মাধ্যমিক ও ড্রাইভিং | ৫৪৫ | ৮-১০-২৪-৬-১১-২৪ | www.recruitment.itbpolice.nic.in |
| ভারত পেট্রোলিয়াম কর্পোরেশনে অ্যাপ্রেন্টিস | গ্র্যাজুয়েট, আই.টি.আই. | ১৭৫ | ৩০-৯-২৪ | https://nats.education.gov.in |
| পূর্ব রেলে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক, ITI | ৩,১১৫ | ২৩-১০-২৪ | www.er.indianrailways.gov.in |
| ম্যাজাগাঁও ডকে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক, ITI | ১৪১ | ১-১০-২৪ | www.mazagondock.in |
| ডি.আর.ডি.ও.-তে অ্যাপ্রেন্টিস | গ্র্যাজুয়েট ও ডিপ্লোমা | ৫৫ | ৭-১০-২৪ | www.nats.education.gov.in |
| সেনাবাহিনী স্কুলে শিক্ষক-শিক্ষিকা | গ্র্যাজুয়েট ও পোস্ট-গ্র্যাজুয়েট | - | ২৫-১০-২৪ | www.awesindia.com |

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে হবে, কোন ওয়েবসাইট থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ইত্যাদি তথ্য এবার এই বিভাগে দেওয়া হবে।

| পদ | পরীক্ষার তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|
| SSC-CAPFs এর কনস্টেবল (জেনারেল ডিউটি), অসম রাইফেলসের পরীক্ষা | জানুয়ারি-ফেব্রুয়ারি-২০২৫ | www.ssc.gov.in |
| IBPS-এর গ্রামীণ ব্যাঙ্কের অফিসার স্কেল-II ও III (RRB-XIII) পরীক্ষা | ২৯ সেপ্টেম্বর | www.ibps.in |
| PSC-এর ক্লার্কশিপ পরীক্ষা | ১৬-১৭ নভেম্বর | www.wbpsc.gov.in |
| কলকাতা হাই কোর্ট লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট পরীক্ষা | ২৯ সেপ্টেম্বর | https://chc.formflix.org |
| SSC-CGL-পরীক্ষা | ৯ সেপ্টেম্বর-২৬ সেপ্টেম্বর | www.ssc.nic.in |
| SSC-MTS-2024-পরীক্ষা | ৩০ সেপ্টেম্বর-১৪ নভেম্বর | www.ssc.nic.in |
| রেলের অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদের পরীক্ষা | অক্টোবর-নভেম্বরে | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট |
| PSC-WBCS-2024 প্রিলি পরীক্ষা | ১৫ ডিসেম্বর | www.wbpsc.gov.in |
| PSC- অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিস পরীক্ষা | ২৭ অক্টোবর | www.wbpsc.gov.in |
| RPF কনস্টেবল পরীক্ষা | সেপ্টেম্বর | www.rpf.indianrailways.gov.in |
| SSC- স্টেনো গ্রেড-সি ও ডি পরীক্ষা | ১০-১১ ডিসেম্বর | www.ssc.gov.in |
| UPSC- সিভিল সার্ভিস মেন পরীক্ষা | ২০-২৯ সেপ্টেম্বর | www.upsc.gov.in |

## ২৩২ ইঞ্জিনিয়ার

১ পাতার পর

ইঞ্জিনিয়ারিংয়ের যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। ইনস্টিটিউশন অফ ইঞ্জিনিয়ার্স (ইন্ডিয়া) থেকে সেকশন 'এ' ও 'বি' কোর্স পাশ হলেও আবেদনের যোগ্য। ইনস্টিটিউট অফ ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ার্স (ইন্ডিয়া) থেকে গ্র্যাজুয়েট মেম্বারশিপ পরীক্ষায় পাশ হলেও আবেদন করতে পারেন।

ওয়্যারলেশ কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স, রেডিও ফিজিক্স বা, রেডিও ইঞ্জিনিয়ারিং প্রধান বিষয় হিসাবে নিয়ে এম.এসসি. কোর্স পাশ হলে শুধুমাত্র ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের ইন্ডিয়ান ন্যাভাল আর্মামেন্ট সার্ভিস (ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং) পদের জন্য আবেদন করতে পারেন। ওয়্যারলেশ কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স, রেডিও ফিজিক্স বা, রেডিও ইঞ্জিনিয়ারিং প্রধান বিষয় হিসাবে নিয়ে এম.এসসি. কোর্স পাশ হলে শুধুমাত্র ইন্ডিয়ান রেডিও রেগুলেটরি সার্ভিসের জন্য যোগ্য। ফিজিক্স ও রেডিও কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স বা, টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের এম.এসসি. কোর্স পাশরাও যোগ্য।

এবছরের ফাইনাল পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য। বয়স হতে হবে ১-১-২০২৫'র হিসাবে ২১ থেকে ৩০ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ২-১-৯৫ থেকে ১-১-২০০৪'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। শূন্যপদ : ২৩২টি।

চাকরি হবে এইসব ক্যাডারে : (ক) সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগে : (১) সেন্ট্রাল ইঞ্জিনিয়ারিং সার্ভিস, (২) সেন্ট্রাল ইঞ্জিনিয়ারিং সার্ভিস (রোডস), (৩) এ.ই.ই. (সিভিল) বর্ডার রোডস অর্গানাইজেশন। (৪) ইন্ডিয়ান সিল্ক ডেভেলপমেন্ট সার্ভিস, (৫) ইন্ডিয়ান ডিফেন্স সার্ভিস অফ ইঞ্জিনিয়ার্স, (৬) এ.ই.ই. (কিউ.এস. অ্যান্ড সি) এম.ই.এস. সার্ভেয়র ক্যাডার, (৭) সেন্ট্রাল ওয়াটার ইঞ্জিনিয়ারিং সার্ভিস।

(খ) মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগে : (১) এ.ই.ই. জি.এস.আই. ইঞ্জিনিয়ারিং সার্ভিস, (২) ইন্ডিয়ান ডিফেন্স সার্ভিস অফ ইঞ্জিনিয়ার্স, (৩) ইন্ডিয়ান ন্যাভাল আর্মামেন্ট সার্ভিস। (৪) সেন্ট্রাল ওয়াটার ইঞ্জিনিয়ারিং সার্ভিস, (৫) ডিফেন্স অ্যারোনটিক্যাল কোয়ালিটি অ্যাসিওরেন্স সার্ভিস।

(গ) ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগে : (১) ইন্ডিয়ান ডিফেন্স সার্ভিস অফ ইঞ্জিনিয়ার্স। (২) সেন্ট্রাল পাওয়ার ইঞ্জিনিয়ারিং সার্ভিস। (৩) ইন্ডিয়ান ন্যাভাল আর্মামেন্ট সার্ভিস। (৪) ডিফেন্স অ্যারোনটিক্যাল কোয়ালিটি অ্যাসিওরেন্স সার্ভিস।

(ঘ) ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগে : (১) ইন্ডিয়ান টেলিকমিউনিকেশন সার্ভিস, গ্রুপ-এ, (২) ইন্ডিয়ান ন্যাভাল আর্মামেন্ট সার্ভিস, (৩) ইন্ডিয়ান ন্যাভাল মেটেরিয়াল ম্যানেজমেন্ট সার্ভিস, (৪) জুনিয়র টেলিকম অফিসার গ্রেড-বি, (৫) ডিফেন্স অ্যারোনটিক্যাল কোয়ালিটি অ্যাসিওরেন্স সার্ভিস, (৬) ইন্ডিয়ান রেডিও রেগুলেটরি সার্ভিস, গ্রুপ-এ।

প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন। '২০২৫ সালের ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস পরীক্ষা'র মাধ্যমে। প্রথমে অবজেক্টিভ টাইপের প্রিলিমিনারি পরীক্ষা হবে ৯ ফেব্রুয়ারি । এইসব কেন্দ্রে : কলকাতা, কটক, দিল্লি , দিসপুর (গুয়াহাটি), পটনা, রাঁচী, গ্যাংটক, আগরতলা, শিলং।

অবজেক্টিভ টাইপের পার্টে থাকবে দু'টি পেপার। প্রথম পেপারে থাকবে : (১) জেনারেল স্টাডিজ অ্যান্ড ইঞ্জিনিয়ারিং অ্যাপ্টিটিউড। ২০০ নম্বরের ২ ঘন্টার পরীক্ষা। (২) সিভিল/ মেকানিক্যাল/ ইলেক্ট্রিক্যাল / ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং। ৩০০ নম্বরের ৩ ঘন্টার পরীক্ষা। অবজেক্টিভ টাইপের পার্টে নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে।

প্রিলি পরীক্ষায় কোয়ালিফাই করলে মোট শূন্যপদের ৬-৭ গুণ প্রার্থীকে মেন পরীক্ষার জন্য ডাকা হবে। মেন পরীক্ষায় প্রশ্ন হবে ডেসক্রিপ্টিভ টাইপের এই দু'টি পেপারের : (১) সিভিল/ মেকানিক্যাল/ ইলেক্ট্রিক্যাল / ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং পেপার-।. ৩০০ নম্বরের ৩ ঘন্টার পরীক্ষা। (২) সিভিল/মেকানিক্যাল/ ইলেক্ট্রিক্যাল / ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং পেপার-।।. ৩০০ নম্বরের ৩ ঘন্টার পরীক্ষা।

ইঞ্জিনিয়ারিংয়ের যে শাখায় দরখাস্ত করবেন সেই শাখায় পরীক্ষা দিতে হবে। সফল হলে ২০০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট। প্রথমে অবজেক্টিভ টাইপের পেপারের উত্তরপত্র দেখা হবে। সফল হলে ডেসক্রিপ্টিভ টাইপের উত্তরপত্র দেখা হবে। প্রতি বিষয়ে কোয়ালিফাইং নম্বর পেলেই সফল হবেন। এই পদের Examination Notice No. 02/2025-ENGG. Dated: 18.09.24.

দরখাস্ত করবেন অনলাইনে, ৮ অক্টোবর পর্যন্ত, এই ওয়েবসাইটে : https://www.upsconline.nic.in অনলাইনে দরখাস্ত করার আগে বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। অনলাইনে দরখাস্ত করার আগে পরীক্ষা ফী বাবদ ২০০ টাকা স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার কোনো শাখায় নগদে জমা দিতে পারবেন ৮ অক্টোবরের মধ্যে। এছাড়াও নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে কিংবা ভিসা বা, মাস্টার ক্রেডিট /ডেবিট কার্ডে জমা দিতে পারবেন ৯ অক্টোবরের মধ্যে। তপশিলী, প্রতিবন্ধী ও মহিলাদের ফী লাগবে না। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান (৪০ কে.বি.'র বেশি হবে না, এর মধ্যে ফটো ৩০ কে.বি. ও সিগনেচার ১০ কে.বি. হতে হবে) করে নিয়ে যাবেন। এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে পার্ট-। ও পার্ট-।। রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশন করার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। ফর্ম পূরণে কোনো ভুল হয়ে থাকলে তা সংশোধন করতে পারবেন ৯ অক্টোবর থেকে ১৫ অক্টোবর পর্যন্ত।

গতবারের মতো এবারেও
কমন পেতে হলে কিনুন
Clerkship
২০২৩ স্পেশাল
অনলাইন পরীক্ষার
কৃতীদের তৈরি মডেল প্রশ্নোত্তর
হোয়াটসঅ্যাপে পেতে ফোন করুন :
6291684943
মাত্র ~~৬০০/-টাকা~~ ৩০০/-টাকা
সাফল্য

## স্টেট ব্যাঙ্কে ৭৮৪ অফিসার

১ পাতার পর

মাধ্যমে। পরীক্ষা হবে নভেম্বরে কলকাতা, আসানসোল, শিলিগুড়িতে। এই পরীক্ষায় অবজেক্টিভ টাইপের পার্টে ৪৫ মিনিটের ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন থাকবে এইসব বিষয়ে: (১) ইংলিশ ল্যাঙ্গোয়েজ -২০ নম্বরের ২০টি প্রশ্ন। (২) টেস্ট অফ রিজনিং-১৫ নম্বরের ১৫টি প্রশ্ন। (৩) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড-১৫ নম্বরের ১৫টি প্রশ্ন। এছাড়াও কম্পিউটার আই.টি. নলেজের ওপর ১০০ নম্বরের ৬০টি প্রশ্ন হবে। সময় থাকবে ৭৫ মিনিট। নেগেটিভ মার্কিং নেই। সফল হলে ইন্টারভিউ। লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ে পাওয়া নম্বর দেখে মেধা তালিকা তৈরি হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৪ অক্টোবর পর্যন্ত। এই ওয়েবসাইটে : https://bank.sbi/web/careers

এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। দরখাস্ত করার আগে প্রার্থীদের এইসব প্রমাণপত্র স্ক্যান করে নিতে হবে : (ক) পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার, (খ) বুড়ো আঙুলের ছাপ (লেফট থাম্ব ইমপ্রেশন)। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করবেন। তারপর ফটো ও সিগনেচার আপলোড করবেন। এবার পরীক্ষা ফী বাবদ ৭৫০ (তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না) টাকা অনলাইনে জমা দিতে হবে। অনলাইনে টাকা জমা দিতে পারবেন ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ে। অনলাইনে টাকা জমা দেওয়ার পর ই-রিসিপ্ট প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য ওপরের ওই ওয়েবসাইটে পাবেন।

## কেন্দ্রীয় সংস্থায় ১৯৮ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

১৯৮ জন লোক নিচ্ছে।

মোট অন্তত ৫০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ফিটার, টার্নার, মেশিনিস্ট, ড্রাফটসম্যান (মেকানিক্যাল), ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক), মেকানিক রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং, প্লাম্বার, কার্পেন্টার, ম্যাসন, ইলেক্ট্রনিক্স মেকানিক, ইন্সট্রুমেন্ট মেকানিক, ইলেক্ট্রিশিয়ান, প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট, মেকানিক্যাল মেশিন টুল মেন্টেন্যান্স, প্রসেস প্ল্যান্ট অপারেটর ও হর্টিকালচার অ্যাসিস্ট্যান্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য। বয়স হতে হবে ১৩-১০-২০২৪'এর হিসাবে ১৮ থেকে ২৪ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড ১ বছরের আই.টি.আই. পাশদের বেলায় মাসে ৭,৭০০ টাকা ও ২ বছরের আই.টি.আই. পাশদের বেলায় মাসে ৮,০৫০ টাকা। শূন্যপদ : ফিটার-৪৬টি, টার্নার-৭টি, মেশিনিস্ট-১০টি, ড্রাফটসম্যান (মেকানিক্যাল)-১২টি, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক)-১৪টি, মেকানিক রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং-৯টি, প্লাম্বার-২টি, কার্পেন্টার-৪টি, ম্যাসন/সিভিল মিস্ত্রি -৪টি, ইলেক্ট্রনিক্স মেকানিক-১৫টি, ইন্সট্রুমেন্ট মেকানিক-১৮টি, ইলেক্ট্রিশিয়ান-২২টি, প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট-১৯টি, মেকানিক্যাল মেশিন টুল মেন্টেন্যান্স-১টি, প্রসেস প্ল্যান্ট অপারেটর-১২টি, হর্টিকালচার অ্যাসিস্ট্যান্ট-৩টি। এই পদের বিজ্ঞপ্তি নং : IGCAR/03/2024.

প্রার্থী বাছাই হবে টেস্ট বা, ইন্টারভিউয়ের মাধ্যমে।

প্রার্থীদের প্রথমে অ্যাপ্রেন্টিস হিসাবে নাম নথিভুক্ত করতে হবে, ১৩ অক্টোবরের মধ্যে। এই ওয়েবসাইটে : https://apprenticeshipindia.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার, আধার কার্ড, আই.টি.আই. পাশের মার্কশীট ও কাস্ট সার্টিফিকেট স্ক্যান করে নেবেন। এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে আর স্ক্যান করা প্রমাণপত্র আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## চাকরির টুকরো খবরাখবর

### পি.এস.সি.'র ক্লার্কশিপ পরীক্ষার

### নতুন তালিকা প্রকাশিত টাইপিং টেস্ট শুরু

পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের ২০১৯ সালের ক্লার্কশিপ পদের চূড়ান্ত সফল প্রার্থীদের মধ্যে কিছু প্রার্থী জয়েনিং না করায় নতুন কিছু প্রার্থীদের কম্পিউটার টাইপিং টেস্টে ডাকা হয়েছে। টাইপিং টেস্ট হবে ২৬ সেপ্টেম্বর থেকে। যাঁরা যাঁরা কম্পিউটার টেস্টে ডাক পেয়েছেন, তাঁদের তালিকা ওয়েবসাইটে পাবেন। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : www.psc.wb.gov.in

### পি.এস.সি.'র ওয়ার্ক্স অ্যাকাউন্ট্যান্ট পরীক্ষা

পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের ২০১৮ সালের ওয়ার্ক্স অ্যাকাউন্ট্যান্ট পদের কম্পিউটার দক্ষতার পরীক্ষা হবে ২৬ সেপ্টেম্বর থেকে। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : www.psc.wb.gov.in

### কেন্দ্রীয় সংস্থায় চাকরি

নর্থ ইস্টার্ণ ইন্দিরা গান্ধী রিজিওন্যাল ইনস্টিটিউট অফ হেলথ অ্যান্ড মেডিক্যাল সায়েন্সেসের শিলং শাখা আপার ডিভিশন ক্লার্ক পদে ৩ জন লোক নিচ্ছে। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.neigrihms.gov.in

### ভারত ইলেক্ট্রনিক্সে চাকরি

ভারত ইলেক্ট্রনিক্স লিমিটেড প্রোজেক্ট ইঞ্জিনিয়ার -। পদে ৮ জন লোক নিচ্ছে। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : ww.bel-india.in

### দিল্লি মেট্রো রেলে চাকরি

দিল্লি মেট্রো রেল কর্পোরেশন এক্সিকিউটিভ ও নন-এক্সিকিউটিভ পদে কিছু লোক নিচ্ছে। দরখাস্ত করার শেষ তারিখ ২৬ সেপ্টেম্বর। বিস্তারিত পাবেন এই ওয়েবসাইটে : www.delhimetrorail.com

### এক্সিম ব্যাঙ্কে চাকরি

ইন্ডিয়া এক্সিম ব্যাঙ্ক ম্যানেজমেন্ট ট্রেনি পদে ৫০ জন লোক নিচ্ছে। মোট অন্তত ৬০% নম্বর পেয়ে গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। ফিনান্স/ ইন্টারন্যাশনাল বিজনেস / ফরেন ট্রেড স্পেশালাইজেশন হিসাবে নিয়ে এম.বি.এ. / পি.জি.ডি.বি.এ. / পি.জি.ডি.বি.এম. / এম.এম.এস. কোর্স পাশ হতে হবে। বয়স হতে হবে ১-৮-২০২৪'এর হিসাবে ২১ থেকে ২৮ বছরের মধ্যে। শূন্যপদ : ৫০টি (জেনাঃ ২২, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১৩, ই.ডব্লু.এস. ৫)। প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে অক্টোবরে। দরখাস্ত করবেন অনলাইনে, ৭ অক্টোবরের মধ্যে। এই ওয়েবসাইটে : www. eximbankindia.in

Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com